The Weekly Bangla Patrika

সফলতার ২৮ বছরে

# বাংলা পত্রিকা

www.banglapatrikausa.com

বর্ষ ২৮ সংখ্যা ৪৫ সোমবার শ্রাবণ ২১ ১৪৩১ / মহররম ২৯ ১৪৪৬ / Vol. 28 / Issue 45 / August 5 USA. Free in NY, Other State $1



Aladdin

আলাদিন

২৯-০৬ ৩৬ এভিনিউ এস্টোরিয়া, নিউইয়র্ক ১১১০৬

Aladdin Tel: 718-784-2554


## সেই মন্ত্রী-এমপিরা এখন কোথায়?

**ঢাকা ডেস্ক:**
শেখ হাসিনা নেতৃত্বাধীন আওয়ামী লীগ সরকারের মন্ত্রী এমপিরা এখন কোথায়। কেউ জানে না তাদের অবস্থান। বিদেশে চলে গেছেন নাকি দেশের মধ্যেই আছেন সে সম্পর্কে নিশ্চিত কোনো খবর পাওয়া *(বাকি অংশ ৭ এর পাতায়)*

## ছাত্র-জনতার জয়কে দ্বিতীয় স্বাধীনতা বললেন ড. ইউনূস



**ঢাকা ডেস্ক:**
বাংলাদেশের ছাত্র-জনতার জয়কে দ্বিতীয় স্বাধীনতা বললেন শান্তিতে নোবেল পুরষ্কার বিজয়ী প্রফেসর ড. মুহাম্মদ ইউনূস। এক সাক্ষাৎকারে তিনি বলেন, যারা এই আন্দোলনে নেতৃত্ব দিয়েছেন সেই তরুণদের অভিনন্দন জানাচ্ছেন সবাই। তারা আমাদেরকে আদতে স্বাধীন করেছেন। সবাইকে একত্রিত করেছেন। পুরো দেশকে স্বাধীন করেছেন। সবাই স্বাধীনতার আনন্দ উপভোগ করছেন। আমাদেরকে *(বাকি অংশ ৮ এর পাতায়)*





*শেখ হাসিনার পদত্যাগ ও দেশত্যাগের পর গণভবনে অবস্থান নেন ছাত্র-জনতা, রাস্তায় লাখো মানুষের ঢল নামে*

# পালালেন শেখ হাসিনা-রেহানা

### *আনন্দ-উচ্ছ্বাসে রাস্তায় রাস্তায় লাখো মানুষের ঢল*

### *গণভবন-জাতীয় সংসদ দখল নিয়ে উল্লাস জনতার*

### *পদত্যাগের আগেও আন্দোলনকারীদের ওপর নির্বিচারে গুলি, বহু হতাহত*

**বাংলা পত্রিকা ডেস্ক:**
ছাত্র-জনতা আবারও প্রমাণ করলেন গুলি চালিয়ে, হামলা করে বা কোনো বাধাতেই আটকে রাখা যায় না সাধারণ মানুষের আকাঙ্ক্ষাকে। চোখে আঙুল দিয়ে বিশ্ববাসীকে দেখিয়ে দিলেন রক্তক্ষয়ী একটি গণঅভ্যুত্থানের সফল সমাপ্তি। বন্দুকের নল, শাসকগোষ্ঠীর রক্তচক্ষু ও কারফিউ ভেঙে কোটা সংস্কার আন্দোলন ঘিরে মাঠে নামা ছাত্র-জনতার গণঅভ্যুত্থানে পদত্যাগ করতে বাধ্য হলেন ৫ আগস্ট সোমবার (বাংলাদেশ সময়)। স্বাধীনতা পরবর্তী বিরল এক ইতিহাসের সাক্ষী হলো বাংলাদেশ। বাংলাদেশের সবচেয়ে বেশি সময় ধরে ক্ষমতায় থাকা পাঁচ মেয়াদের প্রধানমন্ত্রী শেখ হাসিনা তুমুল ছাত্র-জনতার বিপ্লবে উড়ে গেলেন। অত:পর দেশ ছেড়ে পালিয়েছেন শেখ হাসিনা। সঙ্গে গেছেন তার ছোট বোন শেখ রেহানাও। এক মাস পাঁচদিন স্থায়ী শিক্ষার্থীদের কোটা বিরোধী আন্দোলনে শুধু সরকারের পতনই হয়নি, দেশ ছেড়ে পালাতে হয়েছে সরকার প্রধানকে।



**সোমবার দুপুরে দেশ ত্যাগের সময় শেখ হাসিনা ও শেখ রেহানা**

দুপুরে বাংলাদেশ বিমানবাহিনীর একটি হেলিকপ্টারে তাকে ভারতের দিল্লিতে নিয়ে যাওয়া হয়েছে। যখন তিনি দিল্লির উদ্দেশে রওয়ানা হন, তখন বাংলাদেশের ইন্টারনেট পুরোপুরি বন্ধ ছিল। বিষয়টি জানার পর আন্দোলনে জয়ী মানুষের বাঁধভাঙা স্রোত ছড়িয়ে পড়ে সড়কে। অলি-গলি, পাড়া-মহল্লায়, গ্রাম থেকে গ্রামান্তরে।

হাজার হাজার মানুষের স্রোতের অংশ প্রধানমন্ত্রীর সরকারি বাসভবন গণভবন, প্রধানমন্ত্রীর কার্যালয়, জাতীয় সংসদ ভবনে ঢুকে পড়ে। এ সময় তারা এসব ভবনে নানাভাবে উচ্ছ্বাস প্রকাশ করেন। এ সময় লুটপাটের ঘটনাও ঘটে। বিকাল চারটার আগে সেনাপ্রধান জেনারেল ওয়াকার-উজ-জামান জাতির উদ্দেশ্যে ভাষণ দেন। ভাষণে তিনি প্রধানমন্ত্রীর পদত্যাগের তথ্য জানান। একইসঙ্গে একটি অন্তর্বর্তী সরকার দেশ পরিচালনা করবে বলে জানান। বর্তমান পরিস্থিতিতে দেশবাসীকে শান্ত থাকারও আহ্বান জানান তিনি। ভাষণ দেয়ার আগে রাজনৈতিক দলের নেতা সুশীল সমাজের প্রতিনিধিদের সঙ্গে আলোচনা করেন সেনাপ্রধান। পরে রাতে অন্তর্বর্তী সরকারের বিষয়ে আলোচনা করতে বিভিন্ন দলের নেতা, সুশীল সমাজের প্রতিনিধি ও সামরিক কর্মকর্তারা বঙ্গভবনে যান। রাতে জাতির উদ্দেশ্যে ভাষণ দেন প্রেসিডেন্ট মো. সাহাবুদ্দিন। তিনি বলেন, আলোচনার মাধ্যমে অন্তর্বর্তী সরকার গঠন করা হবে। দ্রুত সময়ের মধ্যে এই সরকার নির্বাচনের ব্যবস্থা করবে। এছাড়া বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়া, আন্দোলনের সময় আটক সবাইকে মুক্তি ও হতাহতদের ক্ষতিপূরণ দেয়ার সিদ্ধান্ত হয়েছে। ওদিকে অন্তর্বর্তী সরকার গঠনের প্রক্রিয়াকে স্বাগত জানিয়েছে যুক্তরাষ্ট্র। রাতে বিভিন্ন রাজনৈতিক দলের নেতাদের সঙ্গে প্রেসিডেন্টের বৈঠক হয়। এতে আওয়ামী লীগ ছাড়া অন্য রাজনৈতিক দলের প্রতিনিধিরা অংশ নেন। ছিলেন সুশীল সমাজের প্রতিনিধিও। বৈষম্য বিরোধী ছাত্রআন্দোলনের নেতারাও বৈঠক করেন প্রেসিডেন্টের *(বাকি অংশ ১২ এর পাতায়)*

### *শেষ ৪ ঘণ্টায় গণভবনে যা হলো...*

## বলপ্রয়োগ আর রক্তপাতেও ক্ষমতায় থাকতে চেয়েছেন শেখ হাসিনা



**বাংলা পত্রিকা রিপোর্ট:**
শেষ সময়েও অতিরিক্ত বলপ্রয়োগ এবং আরও রক্তপাতের মাধ্যমে ক্ষমতা ধরে রাখতে চেয়েছিলেন শেখ হাসিনা। দেশ ছাড়ার আগে সোমবার (৫ আগষ্ট) সকাল সাড়ে ১০টা থেকে প্রায় এক ঘণ্টা রাষ্ট্রীয় বিভিন্ন বাহিনীর শীর্ষ কর্মকর্তাদের চাপ দিয়েছিলেন তিনি। তবে পরিস্থিতি যে একেবারেই নিয়ন্ত্রণের বাইরে, সেটা তিনি কিছুতেই মানতে চাচ্ছিলেন না। পরে পরিবারের সদস্যরাসহ কর্মকর্তারা বোঝানোর পর পদত্যাগে রাজি হন। এরপর দ্রুততম সময়ে পদত্যাগ করে সামরিক হেলিকপ্টারে করে গোপনে বোন শেখ রেহানাকে সঙ্গে নিয়ে দেশ ছাড়েন শেখ হাসিনা।

সংশ্লিষ্ট একাধিক সূত্রের কাছ থেকে শেখ হাসিনার ক্ষমতা ছাড়ার শেষ চার ঘণ্টার একটা বিবরণ পাওয়া গেছে। সর্বশেষ পাওয়া তথ্য অনুযায়ী, ভারতের ত্রিপুরা রাজ্যের আগরতলা হয়ে দিল্লি পৌঁছেছেন তিনি। সেখান থেকে তাঁর যুক্তরাজ্য যাওয়ার সম্ভাবনা রয়েছে।

দলীয় অস্ত্রধারী কর্মীদের নামিয়ে গত রোববার দিনভর সারা দেশে ব্যাপক সংঘাত ও প্রাণহানি ঘটানোর পরও ছাত্র-জনতার আন্দোলন সামাল দিতে পারেননি শেখ হাসিনা। যদিও পরিস্থিতি উপলব্ধি করতে পেরে রোববার রাতেই শেখ হাসিনাকে তাঁর একজন উপদেষ্টাসহ কয়েকজন *(বাকি অংশ ১৩ এর পাতায়)*

## একদিকে বিজয় উৎসব, অন্যদিকে মন্ত্রী-এমপিসহ আ.লীগ নেতাদের বাড়ীতে হামলা

**ঢাকা ডেস্ক:**
বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের এক দফা দাবিতে ছাত্র-জনতার তোপের মুখে পড়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনা পদত্যাগ করে দেশ ছেড়েছেন সোমবার (৫ অগষ্ট)। এতে খুশিতে নাটোরে বিশাল বিজয় মিছিল করছেন ছাত্র-জনতা। এছাড়া রাস্তায় নেমে আসে সর্বস্তরের মানুষ। বিপুলসংখ্যক নারী ছাত্রী ও শিশু সহ সব বয়সী ও পেশার মানুষ রাস্তায় নেমে আসেন। অন্যদিকে বিক্ষুব্ধ জনতা ডাক টেলি যোগাযোগ ও তথ্য প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক, সদর আসনের সংসদ সদস্য শফিকুল ইসলাম শিমুলের বাড়ি, বড়াইগ্রাম গুরুদাসপুর-এর সাবেক সংসদ সদস্য অধ্যাপক আব্দুল কুদ্দুসের বাড়ি, বর্তমান সংসদ সদস্য সিদ্দিকুর রহমান পাটোয়ারীর অফিস, নাটোর পৌর মেয়র কুমার চৌধুরী জলির বাসভবন ও জেলা আওয়ামী লীগের কার্যলয়ে আগুন ধরিয়ে দিয়েছে বিক্ষুব্ধ জনতা। এছাড়াও সংসদ সদস্য শফিকুল ইসলাম শিমুলের ছোট ভাই সাজিদুল ইসলাম সাগর বাসা, জেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক সৈয়দ মোর্তুজা আলী বাবলুর বাসা সহ আরো কিছু নেতাকর্মীর বাড়িতে আগুন ধরিয়ে দেয় বিক্ষুব্ধরা। *(বাকি অংশ ১৩ এর পাতায়)*

## দুইদিনে ১৫০ জন নিহত

**বাংলা পত্রিকা রিপোর্ট:**
এক দফা 'শেখ হাসিনার পদত্যাগ' আন্দোলন ঘিরে দেশব্যাপী সোমবার ও রোববার (৫ আগষ্ট) আইনশৃঙ্খলা বাহিনীর সঙ্গে ছাত্র-জনতার সংঘর্ষ হয়েছে। এ ছাড়াও এদিন দুপুরের পর বিক্ষুব্ধ জনতার গণপিটুনিতে ক্ষমতাসীন দলের অনেক নেতাকর্মী নিহত হয়েছেন। এ রিপোর্ট লেখা পর্যন্ত সারা দেশে এই দুইদিনে আইনশৃঙ্খলা বাহিনীর গুলিতে ও জনতার গণপিটুনিতে ১৫০ জন নিহত হয়েছেন। এর মধ্যে সোমবার রাজধানীতে ৯ জন ও বিভিন্ন জেলায় ৪৫ জন রয়েছেন। নিহতদের মধ্যে হবিগঞ্জে ৬, রাজশাহীতে ৬, কুষ্টিয়ায় ৬, যশোরে ৫, মানিকগঞ্জে ২, শ্রীপুরে ১, সাভারে ৯, কুমিল্লায় ২, লোহাগড়ায় ২, ঝিনাইদহে ২, চাঁদপুরে ২, কয়রাতে ১ ও *(বাকি অংশ ৬ এর পাতায়)*


CORE CREDIT REPAIR

ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?

ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন

TAX Liens • Charge Offs • Inquiries • Collections • Garnishment • Bankruptcy • Late Payments

Call us 646-775-7008

www.cmscreditsolutions.com

Mohammad A Kashem, Credit Consultant

37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372

Email: kashem2003@gmail.com

TIME TV PLUS

টাইম টিভিসহ দেশী-বিদেশী দেড় শতাধিক চ্যানেল দেখুন

Time TV + এ বাৎসরিক চার্জ $100

যোগাযোগঃ ৬৪৬-২৯১-৭৪০৮

APOLLO INSURANCE BROKERAGE INC

WE DO TLC INSURANCE

EXIT LUXURY INC.

Shamsher Ali, President & CEO

29-10 36th Ave., Astoria, NY 11106

Tel: 718-472-9800, Fax: 718-472-9801

e-mail: apollobrokerageinc@gmail.com

exitluxuryinc@gmail.com

রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট

প্রাইভেট অকশনের বাড়ি

পাবলিক অকশনের বাড়ি

ব্যাংক মালিকানা বাড়ি

শর্ট-সেল ও REO-প্রপার্টি

কল করুনঃ ৫১৬-৪৫১-৩৭৪৮

Eastern Investment

150 Great Neck Road, Great Neck, NY 11021

nurulazim67@gmail.com

Nurul Azim

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট

BANGLA TRAVELS JACKSON HEIGHTS NEW YORK

আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার

7305 37th ROAD, JACKSON HEIGHTS, NY 11372

সুপার সেল $৫৮৯+

917-396-4140, 917-592-7828

MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

# প্রধানমন্ত্রীর পদ থেকে শেখ হাসিনার ইস্তফা ও দেশত্যাগের পর উল্লাসে মেতে ওঠেন ছাত্র-জনতা





প্রধানমন্ত্রীর পদ থেকে শেখ হাসিনার ইস্তফা ও দেশত্যাগের খবর প্রকাশের পর প্রধানমন্ত্রীর কার্যালয় ঘিরে জড়ো হন হাজারো মানুষ। একপর্যায়ে কার্যালয়ের ভেতরে প্রবেশ করেন অনেক উৎসুক জনতা। কারও কারও হাতে ছিল জাতীয় পতাকা। এদিকে ঢাকার সড়কের বিভিন্ন জায়গায় অবস্থান নেন তাঁরা। এভাবে উল্লাসে মেতে ওঠেন ছাত্র-জনতা।




প্রধানমন্ত্রীর পদ থেকে শেখ হাসিনার ইস্তফা ও দেশত্যাগের পর প্রধানমন্ত্রীর কার্যালয় ও জাতীয় সংসদ ভবনে ঢুকে বিভিন্ন জিনিসপত্র নিয়ে যান অনেক মানুষ।



সফলতার ২৮ বছরে
বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika
Editor: Abu Taher
Tel: 718 482 9923
718 482 1169
Fax: 718 482 9935

## সম্পাদকীয়

# বাংলাদেশ কোন পথে এগুচ্ছে?

## *সহিংসতায় অন্তত ৩২ শিশুর মৃত্যু*

ঢাকার বিভিন্ন পত্রিকার শিরোনাম ‘বাংলাদেশে সহিংসতায় অন্তত ৩২ শিশুর মৃত্যু : ইউনিসেফ’। খবরে বলা হয়েছে- বাংলাদেশে সাম্প্রতিক সহিংসতায় অন্তত ৩২ শিশুর মৃত্যু হয়েছে বলে জানিয়েছে জাতিসংঘের শিশুবিষয়ক সংস্থা-ইউনিসেফ। শিশুদের মৃত্যুতে উদ্বেগ জানিয়ে ইউনিসেফের দক্ষিণ এশিয়া অঞ্চলের পরিচালক সঞ্জয় উইজেসেকেরা বলেছেন, সব সময় শিশুদের সুরক্ষিত রাখতে হবে। এটা সবার দায়িত্ব। অপরদিকে ঢাকার দৈনিক সমকাল বলছে কোটা সংস্কার আন্দোললে এ পর্যন্ত ২০৭ জন নিহত হয়েছে। শান্তিতে নোবেল পুরষ্কার জয়ী প্রফেসর মুহাম্মদ ইউনূস এক বিবৃতিতে বলেছেন দুই শতাধিক নিহতের কথা। আসলে কতজন মারা গেছে?

> *“শুক্রবার ইউনিসেফের ওয়েবসাইটে প্রকাশিত এক বিবৃতিতে সঞ্জয় উইজেসেকেরা বলেন, জুলাই মাসে বিক্ষোভের সময় অন্তত ৩২ শিশু নিহত হয়েছে বলে নিশ্চিত হয়েছে ইউনিসেফ। এ ছাড়া অনেক শিশু আহত হয়েছে এবং অনেককে আটক করা হয়েছে। শিশুদের এই মৃত্যু ভয়ানক ক্ষতি। সব ধরনের সহিংসতার নিন্দা জানায় ইউনিসেফ। বিবৃতিতে ইউনিসেফের এই কর্মকর্তা জানান, এক সপ্তাহ বাংলাদেশে কাটানোর পর সবেমাত্র দেশটি থেকে গিয়েছেন তিনি। বাংলাদেশে সাম্প্রতিক সহিংসতা ও চলমান অস্থিরতার যে প্রভাব শিশুদের ওপর পড়ছে, তা নিয়ে তিনি উদ্বিগ্ন। তিনি বলেন, ‘আন্তর্জাতিক মানবাধিকার আইন, বাংলাদেশের স্বাক্ষর করা জাতিসংঘের শিশু অধিকার সনদ এবং আটক করা হলে শিশুদের ওপর যে প্রভাব পড়ে, তা নিয়ে গবেষণার ভিত্তিতে ইউনিসেফ শিশুদের যেকোনো ধরনের আটক বন্ধের আহ্বান জানায়। এর অর্থ হলো কোনো স্থানে শিশুদের উপস্থিতি বা তাদের পূর্বের ইতিহাস, ধর্ম এবং তাদের পরিবারের কর্মকান্ড বা মতাদর্শের জন্য শিশুদের গ্রেপ্তার বা আটক করা যাবে না।’”*

শুক্রবার ইউনিসেফের ওয়েবসাইটে প্রকাশিত এক বিবৃতিতে এ কথা বলেছেন সঞ্জয় উইজেসেকেরা। তিনি বলেন, জুলাই মাসে বিক্ষোভের সময় অন্তত ৩২ শিশু নিহত হয়েছে বলে নিশ্চিত হয়েছে ইউনিসেফ। এ ছাড়া অনেক শিশু আহত হয়েছে এবং অনেককে আটক করা হয়েছে। শিশুদের এই মৃত্যু ভয়ানক ক্ষতি। সব ধরনের সহিংসতার নিন্দা জানায় ইউনিসেফ। বিবৃতিতে ইউনিসেফের এই কর্মকর্তা জানান, এক সপ্তাহ বাংলাদেশে কাটানোর পর সবেমাত্র দেশটি থেকে গিয়েছেন তিনি। বাংলাদেশে সাম্প্রতিক সহিংসতা ও চলমান অস্থিরতার যে প্রভাব শিশুদের ওপর পড়ছে, তা নিয়ে তিনি উদ্বিগ্ন। তিনি বলেন, ‘আন্তর্জাতিক মানবাধিকার আইন, বাংলাদেশের স্বাক্ষর করা জাতিসংঘের শিশু অধিকার সনদ এবং আটক করা হলে শিশুদের ওপর যে প্রভাব পড়ে, তা নিয়ে গবেষণার ভিত্তিতে ইউনিসেফ শিশুদের যেকোনো ধরনের আটক বন্ধের আহ্বান জানায়। এর অর্থ হলো কোনো স্থানে শিশুদের উপস্থিতি বা তাদের পূর্বের ইতিহাস, ধর্ম এবং তাদের পরিবারের কর্মকান্ড বা মতাদর্শের জন্য শিশুদের গ্রেপ্তার বা আটক করা যাবে না।’

এদিতে গত ২/১ দিনের ঢাকার বিভিন্ন মিডিয়ার শিরোনাম বলছে- ‘জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় : কার্যালয় থেকে প্রধানমন্ত্রীর ছবি সরিয়ে ফেললেন বাংলা বিভাগের সভাপতি’, ‘কোনো ভুল হয়ে থাকলে তরুণ প্রজন্মের কাছে ক্ষমা চাই : প্রতিমন্ত্রী পলক’, ‘আবু সাঈদ হত্যাকান্ড : গুলি ছুড়ল পুলিশ, আসামি কেন কিশোর’, ‘ছাত্র আন্দোলনে সংহতি জানিয়ে এক হচ্ছেন সংগীতশিল্পীরা’, ‘আমার বাবাকে ফিরাইয়া দেন- রকিবের মার আর্তি’, ‘শিক্ষার্থীদের আন্দোলনে সংহতি জানালেন ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের ৬২৬ শিক্ষক’, ‘আন্দোলনে সংহতি জানিয়ে মাভাবিপ্রবির ৬৭ শিক্ষকের বিবৃতি’, ‘ডিবি কার্যালয়ে সামনে বিক্ষুব্ধ নাগরিক ও শিক্ষক সমাজের বিক্ষোভ’, ‘সরকারের দমন-পীড়নে ছাত্র আন্দোলন গণঅভ্যুত্থানে রূপ নিচ্ছে’, ‘ছাত্ররা চাইলে আমি রিজাইন দিবো: ব্যারিস্টার সুমন এমপি’, ‘শনিবারের ‘শোক মিছিল’ বাতিল করেছে আওয়ামী লীগ’, ‘নিজের বিবেকের কাছে জিজ্ঞেস করেন কি কাজ করেছেন: আসিফ নজরুল’, ‘শনিবার রবীন্দ্র সরোবরে সঙ্গীতশিল্পীদের ‘গেট আপ, স্ট্যান্ড আপ’, ‘চিকিৎসক নার্স শিল্পী পেশাজীবীদের প্রতিবাদ’, ‘কেন্দ্রীয় শহীদ মিনারে ছাত্র-জনতার ঢল’, ‘বৃষ্টি উপেক্ষা করে রাজধানীর বিভিন্ন স্থানে শিক্ষার্থীদের গণমিছিল, বিচার দাবি’, ‘রবিবার থেকে ‘সর্বাত্মক অসহযোগ’ আন্দোলনের ডাক’, ‘উত্তরা, সিলেট, হবিগঞ্জ, লক্ষ্মীপুর, নরসিংদীসহ কয়েকটি জেলায় সংঘর্ষ, খুলনায় পুলিশ সদস্য নিহত : হামলা, গুলি, সংঘাত’, ‘৬ সমন্বয়কের যৌথ বিবৃতি : ডিবি অফিস থেকে প্রচারিত ভিডিও স্টেটমেন্টটি স্বেচ্ছায় দেইনি’, ‘বাংলাদেশে স্বৈরতন্ত্র ও গণতন্ত্রের লড়াই’ প্রভৃতি। এসব শিরোনাম কি বলছে? আওয়ামী লীগ সরকার কি তা উপলব্ধি করতে পারছে, বাংলাদেশ কোন পথে এগুচ্ছে?

## বিশেষ ঘোষণা

নিউইয়র্ক থেকে প্রকাশিত বাংলা পত্রিকা সপ্তাহের প্রথম অর্থাৎ সোমবারের পত্রিকা। বিগত ২৭ বছর বাংলা পত্রিকা নিয়মিত প্রকাশের পর ২৮ বছরে পা রেখেছে। বাংলা পত্রিকা কর্তৃপক্ষ তার পাঠকদের প্রতি সপ্তাহেই নতুন নতুন খবর, প্রবন্ধ, নিবন্ধ, ফিচার প্রভৃতি উপহার দিতে প্রতিশ্রুতিবদ্ধ। তাই প্রকাশের ক্ষেত্রে যেকোন নতুন এবং মৌলিক লেখা সর্বাধিক গুরুত্বের দাবী রাখে। আমরা আমাদের লেখকদের-কে মৌলিক লেখা ইমেইলে (banglapatrikausa@gmail.com) পাঠানোর জন্য বিনীতভাবে অনুরোধ রাখছি। যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের বিভিন্ন জাতীয় দিবসের লেখা ১৫দিন আগে ইমেইলে পাঠানোর জন্যও অনুরোধ রইলো।

বাংলা পত্রিকা প্রিন্ট ভার্সনের পাশাপাশি এখন ওয়েব সাইডেও পাওয়া যায়। আর পূর্ণ বাংলা পত্রিকা’র পিডিএফ ভার্সন পেতে আগ্রহীদেরকে তাদের ইমেইল নম্বর পাঠাতে বিশেষভাবে অনুরোধ করা হচ্ছে।

- সম্পাদক।

# সরকার কি পারবে তরুণ প্রজন্মের মনের ক্ষোভ ও ক্ষত মুছে দিতে?



কামরুল হাসান দর্পণ

একটি ঘটনা কিভাবে দেশ থেকে বিশ্বে ছড়িয়ে পড়ে, তার জ্বলন্ত উদাহরণ হচ্ছে, ২০২০ সালের ২৫ মে যুক্তরাষ্ট্রের মিনোপোলিসে পুলিশ হেফাজতে কৃষ্ণাঙ্গ জর্জ ফ্লয়েডের হত্যাকান্ড। এ ঘটনার প্রতিবাদ যুক্তরাষ্ট্রে তো বটেই সারাবিশ্বে দাবানলের মতো ছড়িয়ে পড়ে। ‘ব্ল্যাক লাইভস ম্যাটার’ প্ল্যাকার্ড ও ব্যানার নিয়ে দেশে দেশে হাজার হাজার মানুষ প্রতিবাদমুখর হয়ে উঠে। দেয়ালে দেয়ালে ফ্লয়েডের গ্রাফিতি আঁকা হয়। কৃষ্ণাঙ্গরা ফ্লয়েডের এ মৃত্যুকে যুক্তরাষ্ট্রে কৃষ্ণাঙ্গদের প্রতি সরকারের অসিহষ্ণু আচরণ এবং অবিচারের প্রতীক হিসেবে ধরা হয়। এর দায় পড়ে সরকারের ওপর। সরকারও সে দায় মাথা পেতে নেয়। অন্যায় ও অবিচারের মাধ্যমে যেকোনো হত্যাকা- মনুষত্ববোধসম্পন্ন কেউ মেনে নিতে পারে না। ফ্লয়েডের হত্যাকা-ও কেউ মেনে নিতে পারেনি। যুক্তরাষ্ট্রে কৃষ্ণাঙ্গ বা মানুষ হত্যা প্রায়ই ঘটে। কিন্তু ফ্লয়েডের হত্যা কেন বিশ্বকে নাড়া দেয়? এর কারণ হচ্ছে, হত্যাকান্ডটি ঘটে পুলিশের হেফাজতে, যেখানে মানুষের নিরাপত্তা পাওয়ার কথা। পাশাপাশি এর সাথে জড়িয়ে ছিল বর্ণবিদ্বেষ। এই দুইয়ে মিলে ঘটনাটি পুরো বিশ্বে তোলপাড় সৃষ্টি করে। প্রেসিডেন্ট জো বাইডেন যখন ফ্লয়েডের মেয়ের সাথে দেখা করতে যান, তখন তার মেয়ে বলে, ‘ড্যাডি চ্যাঞ্জড দ্য ওয়ার্ল্ড।’ আক্ষরিক অর্থেই সেসময় বিশ্বে বর্ণবাদের বিরুদ্ধে মানুষের সোচ্চার হওয়া এবং বিষয়টি নিয়ে নতুন করে ভাবনার খোরাক জোগায়। ফ্লয়েডের হত্যাকান্ডের প্রভাব মুসলমানদের উপরও পড়ে। বিশ্বের বিভিন্ন দেশে মুসলমানদের প্রতি বৈষম্য এবং নিপীড়ন-নির্যাতনের বিরুদ্ধে ‘মুসলিম লাইভস ম্যাটার’ আন্দোলনও ছড়িয়ে পড়ে। ভারতসহ বিভিন্ন দেশে মুসলমানরা ‘মুসলিম লাইভস ম্যাটার’ ব্যানার-পোস্টার নিয়ে প্রতিবাদ সমাবেশ করে। পুলিশ কাস্টডিতে এক কৃষ্ণাঙ্গ হত্যা নিয়ে বিশ্বে যে তোলপাড় হয়, সাম্প্রতিক ইতিহাসে তার নজির খুব কম। হয়ত, ঘটনাটি যুক্তরাষ্ট্রের মতো পরাশক্তির দেশে হওয়ায় এমনটি হয়, যেখানে মানুষের গণতান্ত্রিক এবং মৌলিক অধিকারকে মূল্য দেয়া হয়। অথচ আমাদের দেশে পুলিশ কাস্টডিতে নিযার্তন ও নিহতের ঘটনা মামুলি বিষয়ে পরিণত হয়েছে। যেকোনো আন্দোলনে, সেটা হোক রাজনৈতিক বা অরাজনৈতিক, নির্বিচারে পাখির মতো গুলি করে মানুষ মারার ঘটনা সাধারণ বিষয়ে পরিণত হয়েছে। সাধারণ মানুষ কিংবা আন্দোলনকারিদের তুলে নিয়ে গুম করে দেয়ার মতো ভয়াবহ ঘটনাও ঘটছে। এই যে কোটা সংস্কার আন্দোলনে শিক্ষার্থীসহ দুই শতাধিক মানুষ হত্যা এবং হাজার হাজার মানুষকে আহত করা হলো, তাতে কি কোনো বাছবিচার ছিল? কেউ কি বলতে পারবে, আইনশৃঙ্খলা বাহিনী সত্যিকারের দাগী কোনো আসামী বা সন্ত্রাসীকে গুলি করে মেরেছে? দাগী বা সন্ত্রাসী হলেও কি এভাবে বিচারহীনভাবে গুলি করে হত্যা করতে পারে? কোটা সংস্কার আন্দোলনে আমরা কি দেখেছি? দেখেছি, শিক্ষার্থীসহ সাধারণ মানুষকে আইনশৃঙ্খলা বাহিনী গুলি করে হত্যা করছে। গুলি থেকে বাসায় থাকা শিশুও রেহাই পায়নি। কোনো সভ্য দেশে কি এভাবে গুলি চালানো হয়? নিরাপত্তা বিশ্লেষকদের মতে, যেকোনো সংঘাতপূর্ণ পরিস্থিতি মোকাবেলায় আইনশৃঙ্খলা বাহিনীকে প্রচলিত কিছু নিয়মকানুন মেনে চলতে হয়। পরিস্থিতিকে বিভিন্ন লেবেলে বিবেচনায় নিতে হয়। লেভেল-১, ২, ৩, ৪ ইত্যাদি। সংঘাতের ইনটেনসিটি বা তীব্রতা অনুযায়ী, আইনশৃঙ্খলা বাহিনীকে লেবেল অনুযায়ী শক্তি প্রয়োগ করতে হয়। দেখা যাচ্ছে, যেখানে লেভেল-১ অনুযায়ী ব্যবস্থা নিলে পরিস্থিতি সামাল দেয়া সম্ভব, সেখানে এক লাফে চরম ব্যবস্থা হিসেবে লেবেল-৪ এ উঠে যাচ্ছে। এটা যে চরম মানবাধিকার লঙ্ঘন, তা নিয়ে সন্দেহের অবকাশ নেই।

দুই.

কোটা সংস্কার আন্দোলন দমাতে সরকার সর্বোচ্চ পদক্ষেপ হিসেবে পুলিশ, র‌্যাব, বিজিবি, আনসার ব্যবহারসহ কারফিউ দিয়ে সেনাবাহিনী নামিয়ে ‘শুট টু কিল’-এর নির্দেশনা দেয়। আন্দোলনকারিদের দমাতে স্থলের পাশাপাশি আকাশ পথও বেছে নেয়া হয়। হেলিকপ্টার থেকে গুলি, সাউন্ড গ্রেনেড

> *কোটা সংস্কার আন্দোলন দমাতে সরকার সর্বোচ্চ পদক্ষেপ হিসেবে পুলিশ, র‌্যাব, বিজিবি, আনসার ব্যবহারসহ কারফিউ দিয়ে সেনাবাহিনী নামিয়ে ‘শুট টু কিল’-এর নির্দেশনা দেয়। আন্দোলনকারিদের দমাতে স্থলের পাশাপাশি আকাশ পথও বেছে নেয়া হয়। হেলিকপ্টার থেকে গুলি, সাউন্ড গ্রেনেড ইত্যাদি ছোঁড়ার অভিযোগ উঠেছে (যদিও সরকারের তরফ থেকে তা অস্বীকার করা হয়েছে)। এসব পদক্ষেপ এবং ইন্টারনেটসহ প্রায় সব ধরনের যোগাযোগ মাধ্যম বন্ধ করার কারণে জনমনে এ ধরণা জন্ম নেয়, দেশ কোনো শত্রু পক্ষের বিরুদ্ধে যুদ্ধ করতে নেমেছে। যুদ্ধ ক্ষেত্রে যেমনটি হয়, শত্রুকে চারদিক থেকে ঘিরে অবরুদ্ধ করে হত্যা-নির্যাতন, গ্রেফতার করে পরাস্ত করা হয়, তেমন। নিরস্ত্র শিক্ষার্থী আন্দোলন মোকাবেলায় কোনো সভ্য দেশে এমন সশস্ত্র পদক্ষেপ নেয়া হয়েছে কিংবা হয় কিনা, জানা নেই।*

ইত্যাদি ছোঁড়ার অভিযোগ উঠেছে (যদিও সরকারের তরফ থেকে তা অস্বীকার করা হয়েছে)। এসব পদক্ষেপ এবং ইন্টারনেটসহ প্রায় সব ধরনের যোগাযোগ মাধ্যম বন্ধ করার কারণে জনমনে এ ধরণা জন্ম নেয়, দেশ কোনো শত্রু পক্ষের বিরুদ্ধে যুদ্ধ করতে নেমেছে। যুদ্ধ ক্ষেত্রে যেমনটি হয়, শত্রুকে চারদিক থেকে ঘিরে অবরুদ্ধ করে হত্যা-নির্যাতন, গ্রেফতার করে পরাস্ত করা হয়, তেমন। নিরস্ত্র শিক্ষার্থী আন্দোলন মোকাবেলায় কোনো সভ্য দেশে এমন সশস্ত্র পদক্ষেপ নেয়া হয়েছে কিংবা হয় কিনা, জানা নেই। জেনারেল এরশাদকে স্বৈরাচার বলা হয়, তার বিরুদ্ধেও ঐক্যবদ্ধ আন্দোলন করার সময় এমন তীব্র পদক্ষেপ নিতে দেখা যায়নি। এরশাদের ৯ বছরের শাসনামলে যত আন্দোলন হয়েছে, তার কোনোটিতেই এতো শিক্ষার্থী এবং সাধারণ মানুষ নিহত ও আহত হয়নি। কি অপরাধ ছিল কোটা সংস্কার আন্দোলনের শিক্ষার্থীদের? তারা কি এমন কোনো দাবি করেছিল, যা রাষ্ট্র পূরণ করতে অক্ষম ছিল? আদালতের রায় এবং সরকারের প্রজ্ঞাপন জারির মাধ্যমে তো শেষ পর্যন্ত তাদের দাবি অনেকাংশে মেনে নেয়াই হলো। দাবি শুরুতেই মেনে নেয়া হলে এতো প্রাণ, এতো রাষ্ট্রীয় সম্পদ ধ্বংস হতো না! সরকার আদালতের রায়ের অপেক্ষা করে কালক্ষেপণ করার কারণেই তো আন্দোলন জোরালো হয়ে উঠে এবং পরিস্থিতি নিয়ন্ত্রণে সরকারকে চরম পন্থা অবলম্বন করতে হয়। এ ভুল সরকারের এবং তার ভুলে শত শত নিহত হলো। বলার অপেক্ষা রাখে না, জরুরি প্রয়োজনে যেকোনো যুক্তিসঙ্গত দাবি মেনে নেয়ার ক্ষেত্রে আইন কোনো বাধা হয়ে দাঁড়ায় না। তা নাহলে, ‘ন্যাসেসিটি নৌজ নো ল’, কথাটি উচ্চারিত হতো না। শিক্ষার্থীরাও চেয়েছিল, আদালতের অপেক্ষায় না থেকে সরকার যাতে নির্বাহী আদেশে কিংবা জরুরি ভিত্তিতে সংসদ অধিবেশন ডেকে আইন পাস করে দাবি মেনে নেয়। এটা সরকারের জন্য এমন কোনো কঠিন কাজ ছিল না। এমন একাধিক নজির আমাদের দেশে রয়েছে। জরুরি পরিস্থিতিতে ’৯৬ সালে বিরোধীদলের দাবির মুখে ক্ষমতাসীন বিএনপি সরকার স্বল্প সময়ে নির্বাচন করে সংসদ অধিবেশন ডেকে সংবিধান সংশোধন করে তত্ত্বাবধায়ক সরকার পদ্ধতি যুক্ত করেছিল। তার আগে ’৯১ সালে বিরোধীদলের দাবি মেনে সংবিধান সংশোধন করে দেশের প্রেসিডেন্সিয়াল পদ্ধতি পরিবর্তন করে সংসদীয় সরকার পদ্ধতি চালু করেছিল। উভয় ক্ষেত্রে তো সে সময়ের সরকার না মেনে এ সময়ের মতো সর্বোচ্চ বল প্রয়োগ করতে পারত! কারফিউ জারি করে আন্দোলনকারিদের ‘শুট টু কিল’র নির্দেশনা দিতে পারত এবং মামলা দিয়ে অজ্ঞাত আসামীর কথা উল্লেখ করে গণহারে গ্রেফতার করতে পারত। বিরোধীদলের শীর্ষ নেতাকর্মীদের গ্রেফতার করে মামলায় সাজা দিয়ে জেলে ভরে রাখতে পারত। ‘টাইরেনি’ বা স্বৈরশাসনের ভূমিকা নিতে পারত। তা তো করা হয়নি। যতটুকু করা হয়েছে, তা প্রয়োজনের সীমা ছাড়িয়ে যায়নি। এ সময়ের মতো ব্যারিকেড দিয়ে আন্দোলন দমানোর প্রক্রিয়া অবলম্বন করা হয়নি। যা করা হয়েছে, তা ছিল আন্দোলন ও সহিংসতা মোকাবেলায় দেশের ট্র্যাডিশনাল প্রক্রিয়া। আন্দোলন দমাতে সর্বোচ্চ বলপ্রয়োগ বা কারফিউ দিয়ে দমন প্রক্রিয়া অবলম্বন না করে যুক্তিসঙ্গত দাবি, যা জনসমর্থিত, তা মেনে নিয়েছে। কোটা আন্দোলনকারিদের দাবি অযৌক্তিক ছিল, এমন দাবি কেউই করেনি। সরকারও করেনি। তাহলে, সরকার এ দাবি মেনে না নিয়ে আন্দোলন দমাতে গেল কেন? সময়ক্ষেপণ করে সরকারের বক্তব্য অনুযায়ী, তৃতীয় পক্ষকে ঢুকে পড়ার সুযোগ কেন দেয়া হলো? সচেতন মানুষ মনে করছে, সরকার শিক্ষার্থী ও সাধারণ মানুষের সঙ্গে তার ক্ষমতা দেখাতে গেছে। ক্ষমতা দেখিয়ে যেভাবে বিরোধীদলের আন্দোলন দমিয়েছে, সে প্রক্রিয়া অবলম্বন করেছে। সরকারের মধ্যে এমন প্রবণতা শেকড় গেঁড়ে বসেছে যে, তার বিরুদ্ধে কেউ কথা বললেই তা যৌক্তিক না অযৌক্তিক তা বিবেচনা করার প্রয়োজন নেই। ‘ডান্ডা মেরে ঠান্ডা’ করে দিতে হবে। টুঁ শব্দ করা যাবে না। সরকারের এমন আচরণকে জনগণের সাথে ক্ষমতা দেখানো বা ক্ষমতান্ধ বলা হয়, যেখানে যুক্তি নয়, শক্তিই মূল কথা। অথচ রাষ্ট্র পরিচালকদের কাজ নাগরিকদের সাথে শক্তি বা ক্ষমতা দেখানো নয়, তাদের সুবিধা-অসুবিধা দেখা। যে জনগণ ক্ষমতার উৎস, রাষ্ট্রের অস্তিত্বের শক্তি, সেই জনগণের বিরুদ্ধে যখন ক্ষমতা দেখানো হয় এবং তাদের হত্যা-নির্যাতন করা হয়, সে রাষ্ট্র এবং তার পরিচালক কখনোই জনগণের হতে পারে না।

তিন.

শিক্ষার্থীদের কোটা সংস্কার আন্দোলন নিয়ে রাষ্ট্রযন্ত্র যে দমননীতি ও হত্যার মতো অবলম্বন করেছে, তা কি দেশ-বিদেশে গ্রহণযোগ্য হয়েছে? হয়নি। বরং একে শিক্ষাবিদরা ‘জুলাই হত্যাকাণ্ড’ হিসেবে আখ্যায়িত করা হয়েছে। দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের প্ল্যাটফর্ম ‘নিপীড়নবিরোধী শিক্ষক সমাবেশ’ গত সোমবার সমাবেশ করে আন্দোলনে হত্যাকাণ্ডকে ‘জুলাই হত্যাকান্ড’ হিসেবে আখ্যায়িত করে এ নামে ডাকার আহবান জানিয়েছে। অন্যদিকে, জাতিসংঘ, যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, জার্মানি ইত্যাদি দেশ, মানবাধিকার সংস্থা এবং আন্তর্জাতিক গণমাধ্যমে একের পর এক নেতিবাচক ও কঠোর ভাষায় বক্তব্য-বিবৃতি ও প্রতিবেদন প্রকাশ করেছে। সরকারের একনিষ্ঠ সমর্থক ভারতের পত্র-পত্রিকাও তা সমর্থন করেনি। গত সোমবার জাতিসংঘের মহাসচিবের মুখপাত্র স্টিফেন ডুজারিক উদ্ভূত পরিস্থিতি নিয়ে প্রেস ব্রিফিংয়ে যে কথা বলেছেন, তা খুবই শঙ্কার। তিনি বলেছেন, মহাসচিব অ্যান্তোনিও গুতেরাঁ আন্দোলনরত শিক্ষার্থীদের বিরুদ্ধে নিরাপত্তা রক্ষাকারীদের অতিরিক্ত শক্তি প্রয়োগ এবং মানবাধিকার লঙ্ঘনের বিশ্বাসযোগ্য তথ্যপ্রমাণ পেয়েছেন। যেকোনো পরিস্থিতিতে জাতিসংঘ পদক্ষেপ নিতে প্রস্তুত। যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র মন্ত্রণালয় বেশ কয়েকটি ব্রিফিংয়ে বাংলাদেশে সংঘটিত সংঘাতপূর্ণ পরিস্থিতি এবং শান্তিপূর্ণ সমাবেশের স্বাধীনতায় বাধাগ্রস্থ করার নিন্দা জানিয়েছে। বাংলাদেশে দীর্ঘ সময় কাজ করা যুক্তরাষ্ট্রের সাবেক *(বাকি অংশ ২৭ এর পাতায়)*

# Immigrant Elder Home Care LLC

# হোম কেয়ার





আপনার পিতা-মাতা, শ্বশুর-শাশুড়ী, প্রতিবেশী এবং বন্ধু বান্ধবদের সেবা দিয়ে অর্থ উপার্জন করুন।

## আমরা সর্বোচ্চ পেমেন্ট করে থাকি

এতে কোন প্রশিক্ষণের প্রয়োজন নেই এবং আমরা কোন ফি চার্জ করি না।





**Call Today:**

**Dr. Md. Mohaimen**
**718-457-0813**
Fax: 631-282-8386
718-457-0814

**Giash Ahmed**
Chairman/CEO
**917-744-7308**

**Nusrat Ahmed**
President
**718-406-5549**

Email: giashahmed123@gmail.com
web: immigrantelderhomecare.com

| Corporate Office | Jamaica Office | Long Island Office | Bronx Office | Ozone Park Office | Buffalo Office |
|---|---|---|---|---|---|
| 37-05 74st, 2nd Fl | 87-54 168th Street, 2nd Fl | 1 Blacksmith Lane | 2148 Starling Ave. | 175 B Forbell Street | 859 Fillmore Ave |
| Jackson Heights, NY 11372 | Jamaica, NY 11432 | Dix Hill, NY 11731 | Bronx, NY 10462 | Brooklyn, NY 11208 | Buffalo, NY 14212 |
| 917-744-7308, 718-457-0813 | 718-406-5549 | 718-406-5549 | 718-406-5549 | 718-406-5549 | 718-406-5549 |

# দুইদিনে ১৫০ জন নিহত

*(শেষ পাতার পর)* সুনামগঞ্জে ১ জন রয়েছেন।

এদিকে শেখ হাসিনার পদত্যাগের দাবিতে সোমবার দুপুর পর্যন্ত রাজধানীর শনিরআখড়া, কাজলা, রায়েরবাগ, যাত্রাবাড়ী, শহীদ মিনার, চানখাঁরপুলসহ বিভিন্ন এলাকায় আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যদের সঙ্গে বৈষম্যবিরোধী ছাত্র-জনতার সংঘর্ষ হয়েছে। এসময় পুলিশের গুলিতে অন্তত ৯ জন নিহত হয়েছেন। নিহতরা হলেন- যাত্রাবাড়ী এলাকায় রাসেল (২৮), সাউথইস্ট বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী রাকিব হোসেন (২৪), তুলারাম কলেজের শিক্ষার্থী আব্দুর রহমান (২২), সাইফুল ইসলাম তন্ময় (২২), প্রবাসী আবু ইসহাক (৫২) ও আজমত মিয়া (৪০)। বাকি ২৭ বছর বয়সী এক যুবকের পরিচয় জানা যায়নি।

অপরদিকে নিজেদের কর্মসূচি পালনে সোমবার সকাল দশটার দিকে শহীদ মিনার এলাকায় অবস্থান নেয় বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের কিছু সদস্য। এসময় পুলিশ তাদের লক্ষ্য করে সাউন্ড গ্রেনেড, টিয়ারশেল ও রাবার বুলেট ছোড়ে। এ সময় শিক্ষার্থীরাও পুলিশ সদস্যদের লক্ষ্য করে ইটপাটকেল ছোড়ে। দু'পক্ষের সংঘর্ষের এক পর্যায়ে শিক্ষার্থীরা ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের সামনে দিয়ে চানখাঁরপুল এলাকায় অবস্থান নেয়। ঘণ্টা তিনেক চলা সংঘর্ষে শিক্ষার্থীদের উদ্দেশ্য করে এলোপাতাড়ি গুলি চালানো হয়। এসময় ঢামেকের নতুন বিল্ডিংয়ের সামনের রাস্তায় গুলিবিদ্ধ হয়ে যমুনা ব্যাংকের স্টাফ মানিক মিয়া (২৭) ও অজ্ঞাত এক যুবক (২৫)-এর মৃত্যু হয়। গুলিবিদ্ধ হয়ে আহত আরও অনেকে।

ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের পুলিশ ক্যাম্পের ইনচার্জ (পরিদর্শক) মো. বাচ্চু মিয়া জানান, হাসপাতালে গতকাল সকাল থেকে দুপুর পর্যন্ত ৯ জন মারা গেছেন। এ ছাড়াও মো. রেজাউল তালুকদার (৩৬) নামের যাত্রাবাড়ী এলাকায় গুলিবিদ্ধ একজন ঢামেকে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যু হয়েছে। এ ছাড়া ২৫২ জন আহত হয়ে চিকিৎসা নিতে এসেছেন। এদের মধ্যে ৭৪ জনকে ভর্তি করা হয়েছে।

জানা গেছে, আন্দোলনের শেষ মুহূর্তে কুষ্টিয়ায় পুলিশের সঙ্গে সংঘর্ষে ৬ জন নিহত এবং অনেক মানুষ গুলিবিদ্ধ হয়েছেন। হবিগঞ্জের বানিয়াচংয়ে আন্দোলনকারীদের সঙ্গে পুলিশের সংঘর্ষে গুলিবিদ্ধ হয়ে ৬ জন নিহত হয়েছেন। আহত হয়েছেন অন্তত শতাধিক যুবক। রাজশাহীতে শিক্ষার্থীদের আন্দোলনে গুলি চালিয়েছে পুলিশ ও ছাত্রলীগ। এ সময় ৬ জন নিহত হন। সাভারে আন্দোলনকারীদের ওপর পুলিশ গুলি করলে ৯ জনের মৃত্যু হয়। এ ঘটনায় সাংবাদিকসহ গুলিবিদ্ধ অবস্থায় অর্ধশতাধিক লোক বিভিন্ন হাসপাতালে ভর্তি হয়ে চিকিৎসা নিচ্ছেন। যশোরে হোটেল জাবের ইন্টারন্যাশনালের অগ্নিকাণ্ডে এ পর্যন্ত ৫ জন পুড়ে মারা গেছে। চট্টগ্রামের লোহাগাড়া থানায় হামলা চালিয়েছে ছাত্র-জনতা। এসময় দুজন পুলিশ সদস্য মারা যান। কুমিল্লা নগরীতে বিক্ষুব্ধ জনতার হামলায় নাফিজুল আলম সামি নামের এক কলেজছাত্র সহ ২ জন নিহত হয়েছেন। ঝিনাইদহ সদর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও স্থানীয় পোড়াহাটী ইউনিয়নের চেয়ারম্যান শহিদুল ইসলাম হিরণ (৭৫) নিহত হয়েছেন। এ সময় জনতার গণপিটুনিতে হিরণের গাড়িচালক আক্তার হোসেন বিকালে নিহত হন। পুলিশের গুলিতে বৈষ্যমবিরোধী আন্দোলনককরী যুবক রফিকুল ইসলাম চঞ্চল (২৪) মারা গেছেন। এ ছাড়া গুরুতর আহত মানিকগঞ্জ জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক তায়েবুর রহমান টিপু মারা গেছেন। এদিকে শ্রীমঙ্গলে ছাত্র-জনতার বিজয় মিছিলে পুলিশের ছোড়া গুলিতে গুলিবিদ্ধ হয়ে কিশোরসহ বিভিন্ন শ্রেণি-পেশার শতাধিক মানুষ আহত হয়েছেন।

এর আগে রোববার সকাল থেকে বিকাল ৪টা পর্যন্ত সংঘর্ষে ৯৮ প্রাণহানির ঘটনা ঘটে। নিহতদের মধ্যে রাজধানী ঢাকায় ১১, সিরাজগঞ্জ জেলার এনায়েতপুর থানার ১৩ পুলিশ সদস্যসহ ২৩, লক্ষ্মীপুরে আট, নরসিংদীতে ছয়, ফেনীতে আট, রংপুরে চার, কিশোরগঞ্জে চার, মুন্সীগঞ্জে তিন, বগুড়ায় পাঁচ, মাগুরায় চার, ভোলায় এক, পাবনায় তিন, সিলেটে পাঁচ, কুমিল্লায় পুলিশসহ তিন, শেরপুরে তিন, জয়পুরহাটে দুই, সাভারে এক, কেরানীগঞ্জে এক, কক্সবাজারে এক, হবিগঞ্জে এক ও বরিশালে একজনসহ ৯৫ জন রয়েছেন।

এসব ঘটনায় গুলিবিদ্ধ হয়ে দুই শিক্ষার্থীসহ আট জনের মৃত্যুর খবর পাওয়া গেছে। এর মধ্যে উত্তরায় আনোয়ারুল ইসলাম, জিগাতলায় শিক্ষার্থী আবদুল্লাহ সিদ্দিকী (২৩), কাওরানবাজারে ড্যাফোডিল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী রমিজ উদ্দিন রূপ (২৪), ফার্মগেট এলাকায় তৌহিদুল ইসলাম (২২), গুলিস্তানে জহির উদ্দীন (২৬), যাত্রাবাড়ীতে দুই এবং ২৫ বছরের এক অজ্ঞাত যুবক।

সিরাজগঞ্জ

সিরাজগঞ্জের এনায়েতপুর থানায় ঢুকে ১৩ জন পুলিশ সদস্যকে হত্যা করা হয়েছে। পুলিশ সদর দফতর থেকে বিষয়টি নিশ্চিত করা হয়েছে। পুলিশ সূত্র জানায়, রবিবার বিকালে দুর্বৃত্তরা এনায়েতপুর থানায় হামলা চালায়। এ সময় থানায় ঢুকে তারা ভাঙচুর ও অগ্নিসংযোগ করে। একই সঙ্গে থানায় দায়িত্বরত ১৩ জন পুলিশ সদস্যকে পিটিয়ে হত্যা করে। তবে নিহতদের বিস্তারিত পরিচয় পাওয়া যায়নি।

পাশাপাশি সিরাজগঞ্জ শহরে দুপুরে বৈষম্যবিরোধী আন্দোলনকারীদের সঙ্গে আওয়ামী লীগ নেতাকর্মীদের সংঘর্ষ হয়েছে। এ সময় শহরে তিন জন, রায়গঞ্জে সংঘর্ষে ছয় এবং শাহজাদপুরে একজন নিহত হন। সিরাজগঞ্জ জেলা বিএনপির সাধারণ সম্পাদক সাইদুর রহমান বাচ্চু বলেন, 'শহরে সংঘর্ষ চলাকালে মারা যাওয়াদের মধ্যে জেলা যুবদলের যুগ্ম সম্পাদক রঞ্জু রহমান রয়েছেন। বাকি দুই জন হলেন সুমন শেখ (২৮) ও আব্দুল লতিফ (৪২)। তারা যুবদল ও ছাত্রদলের কর্মী। অপরজনের নাম জানা যায়নি।' এ ছাড়া সংঘর্ষে নিহত বাকিদের পরিচয় জানাতে পারেনি পুলিশ।

লক্ষ্মীপুর

লক্ষ্মীপুরে প্রয়াত সেই আওয়ামী লীগ নেতা আবু তাহেরের ছেলে উপজেলা চেয়ারম্যান একেএম সালাহ উদ্দিন টিপুর বাসা থেকে চালানো গুলিতে আট জন নিহত হয়েছেন বলে জানা গেছে। জেলার অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) মো. সোহেল রানা এ তথ্য নিশ্চিত করেছেন। রবিবার বিকাল সাড়ে ৪টার দিকে লক্ষ্মীপুর পৌরসভার তমিজ মার্কেটের পাশে নিজ বাসা থেকে তাহেরপুত্র টিপু ও তার সহযোগীরা আন্দোলনকারীদের লক্ষ্য করে গুলি করেন বলে জানা যায়।

নরসিংদী

নরসিংদীর মাধবদী এলাকায় আন্দোলনকারীদের সঙ্গে আওয়ামী লীগের সংঘর্ষে ছয় জন নিহত হওয়ার খবর পাওয়া গেছে। রবিবার দুপুরে মাধবদী বাজার বড় মসজিদ এলাকায় এ ঘটনা ঘটে। বিকালে এ তথ্য নিশ্চিত করেছেন মাধবদীর পৌর মেয়র মোশারফ হোসেন মানিক। তিনি বলেন, 'নিহত ছয় জনই আওয়ামী লীগের নেতাকর্মী।' নিহতরা হলেন চরদিগলদী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও আওয়ামী লীগ নেতা দেলোয়ার হোসেন (৪০), সদর উপজেলা পরিষদ চেয়ারম্যান আনোয়ার হোসেনের ছোট ভাই যুবলীগ নেতা দেলোয়ার হোসেন (৩৮), জেলা পরিষদের সাবেক সদস্য শ্রমিক লীগ নেতা মনিরুজ্জামান ভূঁইয়া ওরফে নাতি মনির (৪২), শ্রমিক লীগ নেতা আনিছুর রহমান সোহেল (৪০), মাধবদী পৌরসভার ১১ নম্বর ওয়ার্ড কমিশনার নওশের (৪০) ও অজ্ঞাত আরও একজন।

ফেনী

ফেনীতে বিক্ষোভকারীদের সঙ্গে ছাত্রলীগ, যুবলীগ ও আওয়ামী লীগের সংঘর্ষে আট জনের মৃত্যুর খবর পাওয়া গেছে। রবিবার বেলা ২টার দিকে সংঘর্ষ শুরু হয়। সকাল থেকে বিক্ষোভকারীরা অসহযোগের সমর্থনে মহিপাল এলাকায় বিক্ষোভ করছিলেন। তবে দুপুর ২টার দিকে মহিপাল সেতুর নিচে ছাত্রলীগ, যুবলীগ ও আওয়ামী লীগের কর্মীরা মিছিল নিয়ে এলে সংঘর্ষ শুরু হয়। এ সময় মুহুর্মুহু গুলি, ককটেল বিস্ফোরণের শব্দ শোনা যায়। সংঘর্ষে নিহত আট জনের পরিচয় জানা যায়নি। এ ছাড়া তিন গণমাধ্যমকর্মীসহ অন্তত ১০ জন আহত হয়েছেন। আহতদের ফেনী জেনারেল হাসপাতালে নেওয়া হয়। হাসপাতালের মেডিক্যাল অফিসার আসিফ ইকবাল বলেন,'এই মুহূর্তে হাসপাতালের জরুরি বিভাগে আট জনের লাশ রয়েছে। তারা সবাই মহিপালে সংঘর্ষের ঘটনায় গুলিবিদ্ধ হয়ে মারা গেছেন।'

রংপুর

রংপুর নগরীতে আন্দোলনকারী ও ছাত্রলীগ-যুবলীগের নেতাকর্মীদের সঙ্গে সংঘর্ষে মহানগর আওয়ামী লীগ নেতা, পশুরাম থানা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও সিটি করপোরেশনের কাউন্সিলর হারাধন রায়সহ চার আওয়ামী লীগ ও যুবলীগ কর্মী নিহত হয়েছেন। আহত হয়েছেন আট সাংবাদিকসহ শতাধিক। গুরুতর আহত অবস্থায় ৯ জনকে রংপুর মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে।

নিহত বাকি তিন জন হলেন যুবলীগ কর্মী খসরু, তার বাড়ি রংপুর নগরীর গুড়াতিপাড়ায়, নিহত মাসুমের (৩১) বিস্তারিত তথ্য পাওয়া যায়নি। এ ছাড়া নিহত আরেকজনের নাম-পরিচয় এখনও নিশ্চিত হওয়া যায়নি।

কিশোরগঞ্জ

কিশোরগঞ্জে আন্দোলনকারীদের সঙ্গে আওয়ামী লীগ নেতাকর্মীদের মধ্যে ভয়াবহ সংঘর্ষ হয়েছে। সংঘর্ষের সময় জেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক সৈয়দ আশফাকুল ইসলাম টিটুর বাসায় আগুন দিলে পুড়ে অঞ্জনা বেগম (৩২) নামে এক নারী ও তার ৭ বছরের কন্যাশিশু মারা গেছে। ওই নেতার বাসার কাছে যুবলীগ নেতা মবিনকেও (৩৮) হাত-পা বেঁধে কুপিয়ে হত্যা করা হয়। তাছাড়া সংঘর্ষের মধ্যে পড়ে রুবেল আব্দুল্লাহ নামে (৫০) নামে এক ব্যক্তি নিহত হয়েছেন।

মুন্সীগঞ্জ

মুন্সীগঞ্জে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের পূর্ব নির্ধারিত কর্মসূচিতে আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও আওয়ামী লীগ, ছাত্রলীগ নেতাকর্মীদের ত্রিমুখী সংঘর্ষের ঘটনা ঘটেছে। সেখানে গোলাগুলি ও ককটেল বিস্ফোরণের ঘটনা ঘটেছে। এ সময় কাজে যাওয়ার পথে দুই নির্মাণশ্রমিকসহ তিন জন গুলিবিদ্ধ হয়ে নিহত হয়েছেন। সংঘর্ষে সাত জন গুলিবিদ্ধসহ আহত হয়েছেন কমপক্ষে ৩০ জন।

বগুড়া

বগুড়ায় বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের কর্মসূচিতে গুলিবিদ্ধ হয়ে পাঁচ জনের মৃত্যু হয়েছে। দুপুরে এ ঘটনা ঘটে। এর মধ্যে চার জনের মৃত্যুর বিষয় নিশ্চিত করেছেন শহীদ জিয়াউর রহমান মেডিক্যাল কলেজের উপপরিচালক আবদুল ওয়াদুদ এবং অপরজনের বিষয় নিশ্চিত করেছেন বেসরকারি স্বদেশ হাসপাতালের কর্তব্যরত চিকিৎসক।

মাগুরা

মাগুরায় বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের কর্মসূচি ঘিরে সকাল থেকে দফায় দফায় আন্দোলনকারীদের সঙ্গে সংঘর্ষের ঘটনা ঘটেছে। সংঘর্ষের সময় গুলিতে চার জন নিহতের খবর পাওয়া গেছে। তারা হলেন জেলা ছাত্রদলের সহ-সম্পাদক মেহেদী হাসান রাব্বি (২৬), সদরের রায়নগর গ্রামের ফরহাদ হোসেন (২৩) ও মহম্মদপুর উপজেলার বালিদিয়া গ্রামের সুমন শেখ। অপরজনের নাম জানা যায়নি। সংঘর্ষে ছাত্র, পুলিশ ও সাংবাদিকসহ অন্তত ২৫ জন আহত হন।

ভোলা

ভোলায় বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের ডাকে অসহযোগ আন্দোলন চলাকালে বিক্ষোভকারীদের সঙ্গে ছাত্রলীগ ও পুলিশের সংঘর্ষে দুপুরে এক জন নিহত হয়েছেন। সকাল ১০টা থেকে বেলা ২টা পর্যন্ত সংঘর্ষে পুলিশসহ শতাধিক ব্যক্তি আহত হয়েছেন।

প্রত্যক্ষদর্শীরা জানান, বিক্ষোভকারীদের বাধা দেওয়ার চেষ্টা করে ছাত্রলীগ। ছাত্রলীগ তাদের দিকে ইটপাটকেল নিক্ষেপ করে। বিক্ষোভকারীদের তোপের মুখে ছাত্রলীগ পিছু হটে। পরে বিক্ষোভকারীরা আওয়ামী লীগ কার্যালয়সহ একাধিক সরকারি-বেসরকারি কার্যালয়, মোটরসাইকেল ভাঙচুর ও অগ্নিসংযোগ করে।

পাবনা

পাবনায় আন্দোলনকারীদের বিক্ষোভ মিছিল ও সমাবেশ চলাকালে সংঘর্ষের মধ্যে গুলিতে তিন জন নিহত হওয়ার খবর পাওয়া গেছে। রবিবার দুপুরে শহরের ট্রাফিক মোড়ে গুলি চালানোর ঘটনা ঘটে। পাবনা জেনারেল হাসপাতালের সহকারী পরিচালক ডা. রফিকুল হাসান তিন জন নিহতের তথ্য নিশ্চিত করেছেন। এ ঘটনায় আরও ৩৪ জন গুলিবিদ্ধসহ অর্ধশতাধিক আহত হয়েছেন বলে জানা গেছে।

সিলেট

সিলেটের গোলাপগঞ্জে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের কর্মসূচি চলাকালে শিক্ষার্থীরা বিক্ষোভ মিছিল বের করলে আইনশৃঙ্খলা বাহিনীর সঙ্গে সংঘর্ষের ঘটনা ঘটে। এ সময় গুলিবিদ্ধ হয়ে পাঁচ জন নিহত হন। সংঘর্ষে পুলিশ বিজিবি ও বেশ কয়েকজন শিক্ষার্থীসহ ৫০ জন আহত হন। এ ছাড়া কয়েকজন শিক্ষার্থী গুলিবিদ্ধ হয়ে হাসপাতালেও চিকিৎসাধীন রয়েছেন। রবিবার দুপুর ২টার দিকে গোলাপগঞ্জের ধারাবহরে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সামনে এ ঘটনা ঘটে। নিহতদের মধ্যে দুই জন হলেন ব্যবসায়ী বারকোট গ্রামের মৃত মকবুল আলীর ছেলে ব্যবসায়ী তাজ উদ্দিন (৪৩) ও উপজেলার শিলঘাটের বাসিন্দা সানি আহমদ (১৮)। বাকিদের পরিচয় জানা যায়নি।

কু□মিল্লা

কুমিল্লার দেবিদ্বারে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের শিক্ষার্থীদের সঙ্গে ছাত্রলীগ ও যুবলীগের সংঘর্ষের সময় গুলিতে দুই যুবক নিহত হয়েছেন। দুপুর দেড়টার দিকে দেবিদ্বার আজগর আলী বালিকা উচ্চ বিদ্যালয়ের সামনে এ ঘটনা ঘটে। এ ঘটনায় কমপক্ষে ১৫ জন আহত হয়েছেন। নিহত এক যুবকের নাম আব্দুর রাজ্জাক রুবেল (২৬)। তিনি দেবিদ্বার পৌর এলাকার বারেরা গ্রামের মৃত রফিকুল ইসলামের ছেলে। অপরজনের পরিচয় জানা যায়নি।

পাশাপাশি সংঘর্ষ চলাকালে ইলিয়টগঞ্জ হাইও□য়ে পু□লিশ ফাঁড়ি□র এক পুলিশ সদস্যকে পিটিয়ে হত্যার অভিযোগ উঠেছে। তিনি ওই ফাঁড়িতে কন□স্টেবল পদে কর্মরত ছিলেন। হাইও□য়ে পুলিশ কুমিল্লা রিজিয়নের অতিরিক্ত ডিআইজি মো. খায়রুল আলম বিষয়টি নিশ্চিত করেছেন।

শেরপুর

শেরপুরে সরকার পতনের এক দফা দাবিতে আন্দোলনে নামা বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনকে ঘিরে ব্যাপক সংঘর্ষ, ভাঙচুর ও অগ্নিসংযোগের ঘটনা ঘটেছে। আন্দোলনকারীদের বিক্ষোভে পুলিশ ও জেলা প্রশাসনের টহল গাড়ির চাপায় অনন্ত তিন জন নিহত হয়েছেন। আহত হয়েছেন অন্তত ৩০ জন। রবিবার বিকালে শহরের খড়মপুর এলাকার এ নিহতের ঘটনা ঘটে।

জয়পুরহাট

জয়পুরহাট জেলা আওয়ামী লীগ ও ছাত্রলীগের কার্যালয়ে হামলা, ভাঙচুর ও অগ্নিসংযোগ করেছেন বিক্ষোভকারীরা। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে পুলিশ টিয়ারশেল, সাউন্ড গ্রেনেড ও ছররা গুলি ছোড়ে। এ সময় গুলিতে দুজন নিহত হয়েছেন। হামলা ও সংঘর্ষে স্থানীয় সংসদ সদস্য সামছুল আলম দুদুসহ শতাধিক আহত হয়েছেন। জয়পুরহাট ২৫০ শয্যার জেনারেল হাসপাতালের জরুরি বিভাগের চিকিৎসক এস এম গালিব আনোয়ার নিহতের বিষয়টি নিশ্চিত করেছেন।

বরিশাল

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের শিক্ষার্থীদের সঙ্গে ছাত্রলীগ ও আওয়ামী লীগের সংঘর্ষে রণক্ষেত্রে পরিণত হয়েছে বরিশাল নগরীর করিম কুটির ও চৌমাথা এলাকা। রবিবার দুপুরে ওই এলাকায় আন্দোলনকারীদের সঙ্গে সংঘর্ষে এক আওয়ামী লীগ নেতা নিহত হন। নিহত টুটুল চৌধুরী নগরীর ১২ নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের সাবেক সভাপতি। এ সময় আহত হয়েছেন অন্তত ২০ জন।

হবিগঞ্জ

অসহযোগ আন্দোলনকে কেন্দ্র করে হবিগঞ্জে আন্দোলনকারী ও আওয়ামী লীগের নেতাকর্মীদের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটেছে। এতে রিপন শীল (২৮) নামে এক ব্যক্তি গুলিবিদ্ধ হয়ে নিহত হয়েছেন। আন্দোলন চলাকালে সাবেক সংসদ সদস্য অ্যাডভোকেট আব্দুল মজিদ খানের বাসভবনে আগুন দেওয়া হয়। ভাঙচুর করা হয়েছে ছয়টি ব্যবসা প্রতিষ্ঠান। রবিবার দুপুর আড়াইটা থেকে বিকাল সাড়ে ৪টা পর্যন্ত শহরের টাউন হল রোডে আন্দোলনরত ছাত্র-জনতার সঙ্গে আওয়ামী লীগ নেতাকর্মীদের সংঘর্ষে এ ঘটনা ঘটে। নিহত রিপন শীল অনন্তপুর এলাকার রতন শীলের ছেলে। তিনি শহরের একটি সেলুনে কাজ করতেন।

প্রসঙ্গত কোটা সংস্কার আন্দোলনে এর আগ পর্যন্ত এ আন্দোলন ঘিরে ২১৮ জনের মৃত্যু হয়েছিল। এ নিয়ে দেশে সহিংসতায় ৩৬৮ জন নিহত হয়েছেন।



### জাবেদ উদ্দিনের মায়ের স্মরণে

# এস্টোরিয়া ওয়েলফেয়ার সোসাইটির মিলাদ মাহফিল





**বাংলা পত্রিকা রিপোর্ট:**
কমিউনিটির পরিচিত মুখ, মৌলভীবাজার ডিস্ট্রিক্ট সোসাইটি ইউএসএ'র সিনিয়র সহ সভাপতি ও এস্টোরিয়া ওয়েলফেয়ার সোসাইটি ইউএসএ'র সাধারণ সম্পাদক মো: জাবেদ উদ্দিনের মা মরহুমা বেগম রানী খানের বিদেহী আত্মার মাগফেরাত কামনায় নিউইয়র্কে মিলাদ ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। সোমবার (২৯ জুলাই) বাদ মাগরিব এস্টোরিয়ার আল আমীন ইসলামিক সেন্টার মসজিদে এই দোয়া মাহফিলের আয়োজন করা হয়।

এস্টোরিয়া ওয়েলফেয়ার সোসাইটি ইউএসএ আয়োজিত এই মাহফিলে কমিউনিটির বিশিষ্ট ব্যক্তি সহ সর্বস্তরের শতাধিক প্রবাসী বাংলাদেশী উপস্থিত ছিলেন। মাহফিলে বিশেষ দোয়া পরিচালনা করেন উক্ত মসজিদের খতিব ও ইমাম মওলানা লুৎফর রহমান চৌধুরী। উল্লেখ্য, সংগঠক জাবেদ উদ্দিনের মা গত ৩ মে সিলেটের মাউন্ট এডরা হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন।

মাহফিলে কমিউনিটির বিশিষ্ট ব্যক্তির মধ্যে আল আমীন ইসলামিক সেন্টার পরিচালনা কমিটির সভাপতি শাহাব উদ্দিন, সেক্রেটারী আমীন হোসাইন, মোয়াজ্জিন মওলানা নেছার আহমেদ, জালালাবাদ এসোসিয়েশনের সাবেক সাধারণ সম্পাদক মিসবাহ মজিদ ও সাবেক সহ সভাপতি জোসেফ চৌধুরী, বাংলাদেশী আমেরিকান সোসাইটির সভাপতি মোহাম্মদ আলী ও সাধারণ সম্পাদক মেহেদী আমীন বাবু, মৌলভীবাজার ডিস্ট্রিক্ট সোসাইটি ইউএসএ'র সাবেক সভাপতি তজম্মুল হোসেন, কৃষিবীদ মিজানুর রহমান, বিশিষ্ট ট্রাভেল ব্যবসায়ী নজরুল ইসলাম, বিশিষ্ট সাংবাদিক চয়ন রহমান ও সুমন আহমেদ, বিশিষ্ট রাজনীতিক এম এ বাতেন, বিশ্বনাথ সোসাইটি ইউএসএ'র সাবেক সভাপতি মনির হোসেন, কুলাউড়া এসোসিয়েশন ইউএসএ'র সভাপতি শাহ আলাউদ্দিন ও সাধারণ সম্পাদক জাবেদ আহমেদ, সাবেক কোষাধ্যক্ষ লিটন আহমেদ, কমিউনিটি অ্যাক্টিভিষ্ট শেখ মরম উল্লাহ, শেফায়েত খান, কামরান হোসেন মিন্টু, বরমচাল এসোসিশেনের সাধারণ সম্পাদক আজমল খান, শাফায়েত আহমেদ (শফি), আজিজুল ইসলাম স্বপন, দিপু মিয়া, হাফিজুর রহমান, বিশিষ্ট ব্যবসায়ী মনিরুজ্জামান।

এছাড়াও মিলাদ মাহফিল আয়োজন সংগঠনের কর্মকর্তাদের মধ্যে উপদেষ্টা এমাদ আহমেদ, চৌধুরী সালেহ হাজী আব্দুর রহমান ও সৈয়দ মামুন, সভাপতি সোহেল আহমেদ, সহ সভাপতি কয়েছ আহমেদ, কোষাধক্ষ্য এমদাদ রহমান তরফদার, সাংগঠনিক সম্পাদক মইনুল হক চৌধুরী, সদস্য মোহাম্মদ হোসেন



আহমদ, মোহাম্মদ রশীদ প্রমুখ উপস্থিত ছিলেন।

এস্টোরিয়া ওয়েলফেয়ার সোসাইটি সাধারণ সম্পাদক মো. জাবেদ উদ্দিন তার মায়ের ইন্তেকালে সংগঠনের পক্ষ থেকে মিলাদ ও দোয়া মাহফিল আয়োজন করায় তিনি সংগঠন সহ উপস্থিত সকলের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন এবং ধন্যবাদ জানান।

# সেই মন্ত্রী-এমপিরা এখন কোথায়?

*(প্রথম পাতার পর)* যাচ্ছে না। সোমবার দিনভর উত্তাল ঘটনার মধ্যে মন্ত্রী-এমপিদের কোনো উপস্থিতি ছিল না গণমাধ্যম বা অন্য কোথাও। খবর পাওয়া যাচ্ছে না আওয়ামী লীগের সিনিয়র নেতাদেরও। আগের দিন সক্রিয় থাকলেও সোমবার কোনো মন্ত্রী-এমপিকে দেখা যায়নি কোথাও। আওয়ামী লীগের কোনো নেতাকেও দেখা যায়নি। বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের ডাকা 'মার্চ টু ঢাকা' কর্মসূচির দিন কারও গণমাধ্যমে উপস্থিতি ছিল না।

জানা গেছে, গত কয়েকদিন আন্দোলনের মধ্যে সক্রিয় ছিলেন- সেতু ও যোগাযোগমন্ত্রী, স্বরাষ্ট্রমন্ত্রী, আইনমন্ত্রী, পররাষ্ট্রমন্ত্রী, শিক্ষামন্ত্রী, তথ্য প্রতিমন্ত্রী সহ বিভিন্ন মন্ত্রণালয় ও বিভিন্ন পর্যায়ের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিরা। প্রতিদিন নানা বক্তব্য দিয়ে দেশের পরিস্থিতি বর্ণনা করেছেন। তবে বাংলাদেশ ও আওয়ামী লীগের এ সংকটময় পরিস্থিতিতে সরকারের দায়িত্বশীল মন্ত্রী এবং এমপিদের অনেকে দেশ ত্যাগ করেছেন বলেও বিভিন্ন মাধ্যমে বলা হচ্ছে। নিরাপত্তার খাতিরে অনেকে লুকিয়ে আছেন। এখন তারা কোথায় আছেন কেউ বলতে পারছে না। প্রধানমন্ত্রীর দেশ ছেড়ে যাওয়ার পর কোনো মন্ত্রী-এমপির খবর পাওয়া যাচ্ছে না। এ ছাড়া, দ্বাদশ জাতীয় সংসদের বেশ কয়েকজন মন্ত্রিসভার সদস্যকে ফোনেও পাওয়া যায়নি। তাদের ফোন নম্বর বন্ধ পাওয়া গেছে। প্রধানমন্ত্রীকে বহনকারী সামরিক হেলিকপ্টারে তার ছোট বোন শেখ রেহানা সঙ্গে ছিলেন। তবে, তার সঙ্গে কোনো মন্ত্রী কিংবা এমপি ছিলেন না বলে বিভিন্ন সূত্রে জানা গেছে। এর আগে ছাত্রদের কোটা আন্দোলন ও দেশের পরিস্থিতি সহিংস হওয়ার মধ্যেই অনেক মন্ত্রী-এমপি দেশ ছেড়েছিলেন। ১৪ জুলাই থেকে ১৭ জুলাইয়ের মধ্যে দেশের পরিস্থিতি নাজুক দেখে বিদেশ থেকে ফ্লাইটের টিকিট কেটে ঢাকা ছাড়েন অনেক প্রভাবশালী এমপি-মন্ত্রী। তারা যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, কানাডা, সিঙ্গাপুর, অস্ট্রেলিয়া, ভারত, থাইল্যান্ড, চীন ও দুবাই পাড়ি জমান।

# আওলাদ হোসেন খানের জানাজা সম্পন্ন

*(শেষ পাতার পর)* তিনি দীর্ঘদিন ধরে ক্যান্সারে ভুগছিলেন।

এদিকে সোমবার বাদ মাগরিব মরহুমের নামাজে জানাজা জ্যামাইকা মুসলিম সেন্টারে অনুষ্ঠিত হয়। জানাজায় সোসাইটির সাবেক ও বর্তমান কর্মকর্তাসহ বিপুল সংখ্যক প্রবাসী বাংলাদেশী অংশ নেন। মরহুমের ছোট ভাই বাংলাদেশ সোসাইটির সাবেক সাধারণ সম্পাদক ও সাবেক প্রধান নির্বাচন কমিশনার মোহাম্মদ হোসেন খান জানান, পারিবারিক সিদ্ধান্তে পরবর্তীতে তার মরদেহ বাংলাদেশে পাঠানো হবে। দেশে নরসিংদী জেলায় তার গ্রামের বাড়ীতে আওলাদ হোসেন খানের মরদেহ দাফন করা হবে। মৃত্যুকালে তিনি স্ত্রী, ২ ছেলে ২ ও এক মেয়ে সহ বহু গুণগ্রাহী রেখে গেছেন। মরহুমের আরেক ছোট ভাই ডা. নাজমুল এইচ খান জ্যামাইকা মুসলিম সেন্টারের ট্রাষ্টি বোর্ড চেয়ারম্যান।

সোসাইটির শোক

বাংলাদেশ সোসাইটির সাবেক সভাপতি আওলাদ হোসেন খানের ইন্তেকালে সোসাইটির পক্ষ থেকে গভীর শোক ও সমবেদনা প্রকাশ করা হয়েছে। সোসাইটির পক্ষ থেকে প্রেরীত শোক বার্তায় বলা হয়েছে সোসাইটির কার্যকরী পরিষদ, ট্রাস্টি বোর্ড ও নির্বাচন কমিশনের সদস্যরা গভীর শোক এবং শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জানিয়েছেন। শোকবার্তায় সোসাইটির সভাপতি মোহাম্মদ আব্দুর রর মিয়া, সাধারণ সম্পাদক মোহাম্মদ রুহুল আমিন সিদ্দিকী, ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান মোহাম্মদ আজিজ এবং প্রধান নির্বাচন কমিশনার জামাল উদ্দিন জনি মরহুমার বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেন এবং সকল প্রবাসীদের কাছে দোয়া চান যাতে মরহুমাকে আল্লাহ জান্নাতের সর্বোচ্চ মাকাম দান করেন।




# ফিলাডেলফিয়ায় মুনা'র কনভেনশন

*(শেষ পাতার পর)* উত্তর আমেরিকায় মুনা'র এ কনভেনশনই হবে প্রবাসী বাংলাভাষী মুসলমানদের সর্ববৃহৎ সমাবেশ। যুক্তরাষ্ট্রের দূরের ষ্টেটগুলো থেকে যারা একা বা সপরিবারে দিনব্যাপী কনভেনশনে অংশগ্রহণ করতে ফিলাডেলফিয়ায় ছুটে আসতেন, তাদের যেমন কষ্ট করতে হতো, তেমনি আয়োজকদেরকেও বিভিন্ন কর্মসূচির বিন্যাস করতে এবং সীমিত সময়ের মধ্যে কর্মসূচি শেষ করতে ভীষণ তাড়াহুড়া করতে হতো এবং সবকিছুর মধ্যে পরিপূর্ণতার ঘাটতি রয়ে গেছে বলে আয়োজক, অংশগ্রহণকারী সকলের মনে অতৃপ্তি রয়ে যেতো। সবদিক বিবেচনা করে মুসলিম উম্মাহ অফ নর্থ আমেরিকা মুনা'র নেতৃত্ব এবারই তিনদিনের জন্য কনভেনশন আয়োজনের সিদ্ধান্ত নিয়ে সে অনুযায়ী স্থান নির্বাচন ও প্রয়োজনীয় সকল প্রস্তুতি গ্রহণ করেছে সংগঠনটি।

এ সিদ্ধান্ত মুনা'র সকল পর্যায়ে প্রশংসিত হয়েছে এবং আশা করা হচ্ছে যে, পেনসিলভেনিয়া কনভেনশন সেন্টারে আয়োজিত এ কনভেনশনে যুক্তরাষ্ট্রের সকল ষ্টেট থেকে সকল বয়সের ২০-২৫ হাজার নারী পুরুষ এবং শিশু-কিশোর অংশগ্রহণ করবেন। যুক্তরাষ্ট্রের ৪৮টি অঙ্গরাজ্যে মুনার কার্যক্রম অব্যাহত রয়েছে। প্রাপ্ত তথ্য অনুযায়ী প্রায় সবকটি ষ্টেট থেকে আসবেন অংশগ্রহণকারীরা।

কনভেনশনে তাদের সাথে পরিচয় ঘটবে যুক্তরাষ্ট্র ও যুক্তরাষ্ট্রের বাইরের দেশ থেকে আগত ইসলামী চিন্তাবিদ, গবেষক এবং কোরআনের নন্দিত তাফসিরকারক ও খ্যাতিমান হাদিসবিদদের। তাদের বক্তব্য অংশগ্রহণবারীদের জ্ঞানভান্ডারকে সমৃদ্ধ করবে বলে কনভেনশনের আয়োজকদের বিশ্বাস এবং বাস্তবে কনভেনশন আয়োজনের প্রেক্ষাপটই হচ্ছে, অংশগ্রহণকারী প্রত্যেকের জ্ঞানভান্ডারকে সমৃদ্ধ করা এবং তাদের মনে ইসলামের বিভিন্ন বিষয় নিয়ে যে প্রশ্নগুলো রয়েছে সেসব বিষয়ে বিজ্ঞজনদের নিকট থেকে সুস্পষ্টভাবে জেনে নেয়া। যেসব বিজ্ঞ আলোচক তিন দিনের কনভেনশনের বিভিন্ন পর্বে তাদের মূল্যবান বক্তব্য পেশ করবেন।

এছাড়া উত্তর আমেরিকার নতুন প্রজন্মের মুসলিম তরুণ তরুণীদের আকৃষ্ট করার লক্ষ্যে বিশিষ্ট উদীয়মান ইসলামী চিন্তাবিদ, তরুণ বক্তা কনভেনশনে তরুণদের উদ্দেশ্যে ইসলামের বিভিন্ন দিক, বিশেষত পাশ্চাত্যে ভিন্ন ধর্মীয়, সামাজিক ও সাংস্কৃতিক পরিবেশে মুসলিম হিসেবে নিজেদের স্বকীয়তা বজায় রেখে সত্য পথকে সমুন্নত করে সামনে এগিয়ে নিতে হবে সে সম্পর্কে দিকনির্দেশনামূলক বক্তব্য পেশ করবেন। শিশুদের জন্যও কনভেনশনে থাকবে বিভিন্ন প্রতিযোগিতা ও বিনোদনমূলক ব্যবস্থা।

কনভেনশনের একটি উল্লেখযোগ্য দিক হিসেবে থাকবে রকমারী সামগ্রীর বাজার, যেখানে পাওয়া যাবে নারী পুরুষের পোশাক পরিচ্ছদ, অলঙ্কার, হস্তশিল্প সামগ্রী, গিফট আইটেমস ও খাবারের দোকান। এ ছাড়াও শেষ দিনে থাকবে আকর্ষণীয় সাংস্কৃতিক পর্ব। অংশগ্রহণকারীরা আগে থেকে উদ্যোক্তাদের সাথে যোগাযোগ করে সাংস্কৃতিক পর্বে অংশ নিয়ে নিজের মেধার বিকাশ ঘটানোর পাশাপাশি তার পরিবেশনার স্বীকৃতি পেতে পারেন বিশাল এই কনভেনশনে। মোট কথা তিন দিনব্যাপী কনভেনশনের মুল উদ্দেশ্য উত্তর আমেরিকায় বাংলাভাষী মুসলিমরা যে যেখানেই বসবাস করছেন সেখানে প্রত্যেকে ইসলামী চেতনাকে সমুন্নত রেখে জীবন পরিচালনার তাগিদকে পুনরুজ্জীবিত করার সুযোগ সৃষ্টি করা।

উল্লেখ্য, মুসলিম উম্মাহ অফ নর্থ আমেরিকা মুনা একটি অলাভজনক দাওয়াহ ভিত্তিক সমাজ সেবামূলক জাতীয় সংগঠন হিসেবে যুক্তরাষ্ট্রে প্রধান নগরী নিউ ইয়র্কে প্রতিষ্ঠিত হয় ১৯৯০ সালে। মুনা প্রতিষ্ঠার মূল লক্ষ্য ছিল ব্যক্তিগত, নৈতিক ও মানুষের জীবনের সামাজিক মানোন্নয়নের মাধ্যমে মহান আল্লাহতা'য়ালার সন্তুষ্টি অর্জন। ইতোমধ্যে যুক্তরাষ্ট্রের সব কয়েকটি ষ্টেটে মুনা'র কার্যক্রম বিস্তৃতি লাভ করেছে। মুসলমানদের সামাজিক, ধর্মীয় ও নাগরিক জীবনকে সমৃদ্ধ করার পাশাপাশি কমিউনিটির সেবায় নিয়োজিত করতে মুনা মুসলমানদের সুসংগঠিত করতে সদা সচেষ্ট।

মুনা মুসলমানদেরকে তাদের ব্যক্তিগত ও সামাজিক জীবনে ইসলাম চর্চার আহবান জানিয়ে ভিন্ন ধর্মাবলম্বীদের কাছেও ইসলামের দাওয়াত পৌঁছাতে চেষ্টা করে। এছাড়া আমেরিকায় বিভিন্ন সমাজসেবামূলক কাজকর্মের সাথে মুনা অত্যন্ত সক্রিয়ভাবে জড়িত। মুসলিম উম্মাহ অফ নর্থ আমেরিকা মুনা'র ৯-১১ আগস্ট ২০২৪ তারিখে অনুষ্ঠিতব্য কনভেনশনে যারা যোগদান করতে বা কনভেনশন সম্পর্কে জানতে আগ্রহীরা ই-মেইল: অথবা সরাসরি ১০৩৩, গ্লেনমোর এভিনিউ, ব্রুকলীন, নিউইয়র্ক ১১২০৮। লগইন করুন: www.munaconvention2024.com

# ছাত্র-জনতার জয়কে দ্বিতীয়

*(প্রথম পাতার পর)* পরবর্তী পদক্ষেপ শুরু করতে হবে। আমাদের সামনে এখন সব সমস্যা। আমাদের জন্য একটি চমৎকার দেশ সৃষ্টির কাজ নতুন করে শুরু করতে হবে এখন। এসবই আমাদের প্রতিশ্রুতি। ছাত্র এবং যুবসমাজ আমাদের ভবিষ্যতের নেতৃত্ব দেবেন। আমি সেদিকেই তাকিয়ে আছি। তার কাছে উপস্থাপিকা জানতে চান। সেনাবাহিনী অন্তর্বর্তী সরকার গঠন করবে। বাংলাদেশের সামনে কি অপেক্ষা করছে? এমন প্রশ্নে ড. ইউনূস বলেন, আমি নিশ্চিত এসবই হবে। হাসিনা দেশ ছেড়ে পালিয়েছেন। এখন আমরা মুক্ত। আমরা যা চাই তা এখন করতে পারবো। সারা দেশের সব ইস্যু এখন সমাধান করা হবে। আমি নিশ্চিত আমরা চমৎকার একটি সূচনা করবো। ড. ইউনূসের কাছে জানতে চাওয়া হয়- আপনার ভূমিকা কি হবে? জবাবে তিনি বলেন, আমি জনগণের সঙ্গে আমার কাজ অব্যাহতভাবে চালিয়ে যাবো। তা হলো সামাজিক ব্যবসা এবং সবকিছু। অধিক মুক্ত পরিবেশে আমি আমার কাজ অব্যাহত রাখবো। শেখ হাসিনা শাসকগোষ্ঠীর সময়ে এমন পরিবেশ পাইনি। কারণ, তিনি সবসময় আমাকে আক্রমণ করেছেন। বাংলাদেশে ফেরা নিয়ে কী ভাবছেন? এ প্রশ্নের জবাবে ড. ইউনূস বলেন- খুব শিগগিরই ফিরবেন তিনি। এ পর্যায়ে উপস্থাপিকা জানতে চান- শেখ হাসিনা পদত্যাগ করার পর প্রধানমন্ত্রীর বাসভবন, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের মূর্তি ভাঙচুর করা হয়েছে। জবাবে ড. ইউনূস বলেন, এটা দেখিয়ে দিয়েছে যে, জনগণ হাসিনা সম্পর্কে কি অনুভব করে। হাসিনা নিজে যা করেছেন নিজের জন্য এবং তার পিতার জন্য, তারই ফল এটা। তিনিই এমন ক্ষতি অর্জন করেছেন। এটা যুব সমাজের ত্রুটি নয়। এটা হলো শেখ হাসিনার ভুল।

# যে প্রক্রিয়ায় বাড়ী বিক্রেতা প্রতারিত করতে পারেন

*(শেষ পাতার পর)* পরিণত করতে পারে না। এই ধরনের রিয়েল এস্টেট এজেন্ট সাধারণত সাধারণত যোগাযোগ কম, আশ্বাস প্রদান, বাড়ি বিক্রির বাজারদর সম্পর্কে অজ্ঞ প্রভৃতি আচার-আচরণ করে থাকে। তাই বাড়ী ক্রয়ের সময় একজন ভালো, বিশ্বস্ত রিয়েল এস্টেট এজেন্টের স্মরণাপন্ন হওয়াই শ্রেয়। নিউইয়র্কে বাড়ী ক্রয়-বিক্রয় বা মর্টগেজ সংক্রান্ত যে কোন সমস্যায় আমরা সঠিক পরামর্শ দিয়ে থাকি। ফ্রি কনসাটেন্সীর জন্য যোগাযোগ করুন: ৭১৮-৫০৭-লোন (৫৬২৬)।

# এক স্লিপ

*(শেষ পাতার পর)* সময় ৫ আগষ্ট সোমবার ভোরে (বাংলাদেশ সময় বিকেল)। খবরে বলা হয় শেখ হাসিনা পদত্যাগ করে দেশ ছেড়ে পালিয়েছেন। আর এই খবরে আনন্দের জোয়ার বয়ে যায় নিউইয়র্কের বাংলাদেশী অধুষিত এলাকাগুলোতে। ফেসবুক ভরে উঠে 'বাংলাদেশ নতুন করে স্বাধীন' হলো নানান কথায়। বিজয় মিছিল আর বিজয় সমাবেশ হলো জ্যামাইকা, জ্যাকসন হাইটস সহ বিভিন্ন এলাকায়। হাতে হাতে 'সবুজে ঘেরা লাল' জাতীয় পতাকা আর মুখে মুখে দেশের গান। এযেনো অভূতপূর্ব দৃশ্য।
০৫ আগষ্ট ২০২৪
















# ইমিগ্রেশন ও আপনি


এটর্নী শাকিল এইচ কাজমী

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি' শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল.এল.এম. করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।

ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্য রইলো আমাদের ইউনাইটেড স্টেটস অব আমেরিকার স্বাধীনতা দিবসের শুভেচ্ছা। আশা করি আপনারা সবাই সুস্থ আছেন। আপনাদের মঙ্গলকর জীবন আমাদের কাম্য। আর তাই ইমিগ্রেশন বিষয়ে যেকোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্য প্রস্তুত। এই বিভাগ আপনাদের জন্য। এ কারণে এই বিভাগের মাধ্যমে আপনারা এতটুকু উপকৃত হলে আমরা আনন্দিত হবো। প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহেও আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌঁছেছে। আপনাদের পাঠানো চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

নিউইয়র্ক থেকে ওসমান খানের প্রশ্ন:

আমি একজন ইউএস সিটিজেন। আমি আমার একটি প্রয়োজনে আপনার পরামর্শের আশায় এই লেখাটি লিখছি। আশা করি আপনার পরামর্শ পাব। আমার জানার বিষয়টি হচ্ছে বাংলাদেশের একটি মেয়ের সাথে আমার অনলাইনে পরিচয় হয়েছে। তারপর থেকে সেই মেয়েটিকে বিয়ে করার কথা চিন্তা করছি। পরিচয় হবার পর খুব স্বল্প সময়ের জন্য আমি বাংলাদেশে গিয়েছিলাম এবং তার সাথে আমার দেখা হয়েছে। কিন্তু সঙ্গত কারণে ওই সময় আমার পক্ষে বিয়ে করা সম্ভব হয়নি। তারপর এখানে ফিরে এসে আমি খুবই কাজ নিয়ে ব্যস্ত হয়ে পড়েছি। সে কারণে আমার পক্ষে দেশে যাওয়া অসম্ভব ব্যাপার হয়ে দাঁড়িয়েছে। এ ব্যাপারে এখানে অনেকে অনেক রকম পরামর্শ দেয়। তবে তেমন উপযুক্ত ব্যক্তির সঙ্গে পরামর্শ করতে পারিনি। এর মধ্যে একজন আমাকে আমার ভবিষ্যৎ স্ত্রীর জন্য কে-ওয়ান ভিসার আবেদন করার পরামর্শ দিয়েছে। আবার একজন অ্যাটর্নির সাথে কথা বলে জেনেছি যে আমার ভবিষ্যৎ স্ত্রীর গ্রীন কার্ডের জন্য আবেদন করতে পারি। এসব আলোচনার পর এখন আমি কিছুটা দ্বিধাগ্রস্ত। আমি জানিনা যে কে-ওয়ান ভিসা গ্রীন কার্ডের প্রক্রিয়ার চেয়ে দ্রুততর কিনা।

ওসমান খানের প্রশ্নের উত্তর:

কে-ওয়ান ভিসার কাজ দ্রুততর হয় বিয়ের মাধ্যমে গ্রীন কার্ড লাভের জন্য। তবে এই প্রক্রিয়ার সময় বদলাতে শুরু করেছে। বর্তমানে দুটি ক্ষেত্রেই সময় প্রায় একই রকম লাগছে। তবে কোন কোন ক্ষেত্রে ফিয়াঁসে ভিসা কে-ওয়ান বেশি লম্বা সময় নিচ্ছে। তবে খরচের ক্ষেত্রে বৈবাহিক সূত্রে গ্রীন কার্ড পাওয়ার জন্য ব্যয় কে-ওয়ান ভিসার চেয়ে অধিক সাশ্রয়ী। কে-ওয়ান ভিসার ফি বেশি। কে-ওয়ান ভিসার মেয়াদ ৯০ দিনের জন্য। এক্ষেত্রে ৯০ দিনের মধ্যে বিয়ে করতে হবে ইউএস এ স্ট্যাটাস এডজাস্ট করতে হবে। আমরা মনে করি কে-ওয়ান ভিসার ক্ষেত্রে অনেক সময় লাগতে পারে এবং এটি ব্যয়বহুল। এক্ষেত্রে ব্যয় এবং সময় যদি প্রধান বিবেচ্য হয় আমি-আপনি যদি ইউএসএ-তে ৯০ দিনের মধ্যে বিয়ে করতে সক্ষম হন। এবং স্ট্যাটাস এডজাস্ট করতে পারেন সে ক্ষেত্রে গ্রীন কার্ড ভিসা প্রক্রিয়া আপনার জন্য হয়তো খুব ভালো বিকল্প হতে পারে।

এ ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের আগে একজন অভিজ্ঞ ইমিগ্রেশন অ্যাটর্নির সাথে পরামর্শ গ্রহণ করা শ্রেয়। যিনি আপনার সাথে কথা বলে উপযুক্ত পরামর্শ দিতে পারবেন। এ ব্যাপারে আরো একটি পরামর্শ হচ্ছে আপনার প্রশ্নের মতোই একই রকমের প্রশ্ন এর আগে আমরা পেয়েছি। এবং তার উত্তর প্রকাশ করা হয়েছে। সে কারণে নিয়মিত এই বিভাগ পড়ুন এবং আপনার প্রশ্নের উত্তর জেনে নিন।

নিউইয়র্ক থেকে এম রহমানের প্রশ্ন:

আমার সন্তানের করা আবেদনে আমি গ্রীন কার্ডধারী হিসাবে এদেশে এসেছি। বাংলাদেশে আমার ২১ উর্ধ্ব বয়সী এক সন্তান আছে। আমার ইউএস সিটিজেন সন্তান তার জন্য আবেদন করেছে। তার তো এদেশে আসতে অনেক সময় লাগবে। কিন্তু আমার ওই সন্তানকে তাড়াতাড়ি আনতে চাই এব্যাপারে আপনার পরামর্শ কামনা করছি।

এম রহমানের প্রশ্নের উত্তর:

আপনি একজন গ্রীন কার্ডধারী হিসেবে এদেশে এসেছেন। এবং গ্রীন কার্ডধারী তার অবিবাহিত সন্তানের জন্য আবেদন করতে পারেন। অবিবাহিত সন্তানদের দুটি ক্যাটাগরি আছে:

১) ২১ নিম্ন এবং ২১ উর্ধ্ব বয়সের। আপনার ইউএস সিটিজেন বাংলাদেশে বসবাসকারী আরেক সন্তানের জন্য আবেদন করেছেন। ইউএস সিটিজেন



ভাই-বোনদের অপেক্ষার সময় আনুমানিক ১০ বছরের বেশি। ইউএস সিটিজেন এর ভাই-বোনেরা চতুর্থ রেফারেন্সে পড়েন। আপনি আপনার সন্তানের জন্য আবেদন করতে চাইলে আপনাকে ইউএস সিটিজেনশিপ লাভ করা পর্যন্ত অপেক্ষা করতে হবে। এ ব্যাপারে একজন বিশেষজ্ঞের সাথে আলোচনা করলে আপনার সন্তান সম্পর্কে বিস্তারিত জেনে পরামর্শ দিতে পারবেন।

আগস্ট ২০২৪ ভিসা বুলেটিন:

ইউএস ডিপার্টমেন্ট অফ স্টেট (ডিওএস) আগষ্ট ২০২৪ এর ভিসা বুলেটিন প্রকাশ করেছে। নিচে আগস্ট ২০২৪ এর পারিবারিক ভিত্তিতে প্রাপ্যতা উল্লেখ করা হলো। 'ফাইনাল এ্যাকশন ডেট' বলতে সেই ডেটকে বোঝানো হয় যখন ইউএসসিআইএস/ডিওএস পারিবারিকভাবে আবেদনকারীদের আবেদনের ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত জানায়। আপনাদের প্রায়োরিটি তারিখ হবে ঐ তারিখের পূর্বে।

আগস্ট ২০২৪ পোস্ট এর ভিসা বুলেটিন পর্যালোচনা করে দেখা যাচ্ছে যে, পারিবারিক ভিত্তিক ক্যাটাগরিতে অল্প কিছুটা অগ্রগতি হয়েছে।

ফ্যামিলি সপন্সর অগ্রাধিকার:

প্রথম: (এফ ওয়ান) ইউএস সিটিজেনদের অবিবাহিত পুত্রকন্যা: অক্টোবর ২২, ২০১৫।

দ্বিতীয়: পার্মানেন্ট রেসিডেন্টদের স্পাউস স্বামী/ স্ত্রী সন্তান এবং অবিবাহিত পুত্র কন্যা।

এ. (এফ ২ এ) পার্মানেন্ট রেসিডেন্টদের স্পাউস (স্বামী/স্ত্রী) এবং ২১ নিম্ন বয়সী সন্তান: নভেম্বর ১৫, ২০২১।

বি. (এফ ২ বি) পার্মানেন্ট রেসিডেন্টদের অবিবাহিত পুত্র-কন্যা (২১ বছর বয়সী অথবা তদুর্ধ): মে ০১, ২০১৬।

তৃতীয়: (এফ ৩) ইউএস সিটিজেনদের বিবাহিত পুত্র-কন্যা: এপ্রিল ০১, ২০১০।

চতুর্থ: (এফ ৪) প্রাপ্তবয়স্ক ইউএস সিটিজেনদের ভাই-বোন: আগস্ট ০১, ২০০৭।

এবিষয়ে বিস্তারিত জানতে ইউএস ডিপার্টমেন্ট অফ স্টেট-এর ওয়েবসাইট ভিজিট করুন।

ইমিগ্রেশন বিষয়ে আমরা সবসময় যে পরামর্শ দিয়ে থাকি সেটি হচ্ছে এ ব্যাপারে যেকোন চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের আগে প্রয়োজনে একজন অভিজ্ঞ ইমিগ্রেশন অ্যাটর্নির সাথে আলোচনা করতে পারেন।

এ বিষয়ে বিস্তারিত জানতে ইউএস ডিপার্টমেন্ট অফ ষ্টেটের ওয়েবসাইট ভিজিট করুন।

ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমাদের সাথে যোগাযোগের ঠিকানা: ২২৫ ব্রডওয়ে (৩৮ তলা), নিউইয়র্ক ১০০০৭।

ফোন: ২১২-৫১৩-৭৪৭৪ ফ্যাক্স: ৯১৪-৪৬২-৩৯৯০ ই-মেইল: kazmiandreeves@gmail.com

এ লিখে ই-মেইল করলে অবশ্যই 'বাংলা পত্রিকার জন্য' কথাটি উল্লেখ করবেন।

*অনুবাদ: হুসনে এ. বেগম।*


# Law Offices of Kazmi & Reeves



**225 Broadway, (38th Floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990**

**517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com**

**Tel: 212-513-7474, Fax: 914-462-3990**

*** Immigration Cases & Appeals * Bankruptcy Cases * Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.**

এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।

যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা

আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।

*আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।*

আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।

অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।

# জ্যাকসন হাইটসে 'মেমোরি অব বাংলাদেশ' ম্যুরাল'র উপর বিজ্ঞাপন

**বিশেষ প্রতিনিধি:**
জ্যাকসন হাইটসে ডাইভারসিটি প্লাজা সংলগ্ন একটি রেস্টুরেন্টের দেয়ালে আঁকা 'সেলিব্রেশন অব ডাইভারসিটি : মেমোরি অব বাংলাদেশ' শীর্ষক ম্যুরালটির উপড় সাটানো হয়েছে হোমকেয়ারের বিজ্ঞাপন। ম্যুরাল আঁকার আগে সেখানে কখনোই কোনো বিজ্ঞাপন ছিল না। এখন এটি ঢাকা পড়েছে বাংলাদেশী মালিকানাধীন একটি হোমকেয়ারের বিজ্ঞাপনে। লোভে নাকি কোনো মহলের চাপে পড়ে রেস্টুরেন্টটির বাংলাদেশী মালিক ম্যুরালটিকে ধ্বংস করছেন তা নিয়ে নানান কথা শোনা যাচ্ছে। রেস্টুরেন্টটির মালিক বাংলাদেশী হলেও ভবনটির মালিক একজন পাকিস্তানী। রেস্টুরেন্ট মালিক একবারও ভাবেননি তার মাতৃভূমির কৃষ্টি-সংস্কৃতির কথা। মূল্যায়ন করেননি একজন শিল্পীর শিল্পকর্মকে। ওয়াল ভাড়া দিয়েছেন। এনিয়ে সচেতন প্রবাসী বাংলাদেশীদের মধ্যে মিশ্র প্রতিক্রিয়া লক্ষ্য করা গেছে।

জানা যায়, গত বছর ১৯ মে আনুষ্ঠানিকভাবে বাংলাদেশ ম্যুরাল উদ্বোধন করেন সিটি কাউন্সিল মেম্বার শেখর কৃষ্ণান। ম্যুরালটিতে বাংলাদেশের চিরায়ত প্রাকৃতিক সৌন্দর্য্য তুলে ধরেছেন শিল্পী জিহান ওয়াজেদ। বাংলাদেশের রূপ, গন্ধ সুষমার ছোঁয়া রয়েছে ম্যুরালটিতে। ভাসমান নৌকা থেকে ঝিলের পানিতে ফুটন্ত জাতীয় ফুল শাপলা তুলছে এক তরুণী। গ্রাম-বাংলার এমন দৃশ্য আপ্লুত করছে অনেককেই। উদ্বোধনের পর প্রতিদিনই অসংখ্য মানুষ ভীড় করছেন ম্যুরালটি দেখতে। অনেকে ছবি দিচ্ছেন ফেসবুকে। ম্যুরালটির উদ্বোধনী পর্বে উপস্থিত ছিলেন স্থানীয় কাউন্সিলম্যান শেখর কৃষ্ণান, নিউইয়র্ক স্টেট অ্যাসেম্বলিম্যান স্টিভেন রাগা, জেসিকা রোজাস প্রমুখ। কাউন্সিলম্যান শেখর কৃষ্ণান ডাইভারসিটি প্লাজার মুর্যালটি জ্যাকসন হাইটস এলাকার সৌন্দর্য্য বৃদ্ধি করেছে এবং নিউইয়র্কের বাংলাদেশী কমিউনিটিকে সমৃদ্ধ করেছে বলে উল্লেখ করেন।

নগরবাসীর মানসিক উৎকর্ষতা ও সৌন্দর্য্য বৃদ্ধির জন্য নির্ভইয়র্ক সিটি কর্তৃপক্ষ সরকারী বেসরকারী বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থাপনা, হাসপাতাল ও বিনোদন কেন্দ্রে ম্যুরাল তৈরি করছে। কোন বেসরকারী প্রতিষ্ঠান বা ব্যক্তি উদ্যোগে ম্যুরাল তৈরি করলেও সিটি কর্তৃপক্ষ তাতে সব ধরনের সহযোগিতা প্রদান করে থাকে। যে সব কমিউনিটি যত সংস্কৃতি ও রুচিবান তাদের মাঝে এ ধরনের শিল্প কর্মের চাহিদা ও মর্যাদা রয়েছে। এছাড়া প্রতিটি কমিউনিটিই তাদের দেশ- সমাজ ও সাংস্কৃতিক ঐতিহ্য তুলে ধরার জন্য বহুজাতিক এ নগরীতে বিভিন্ন ধরনের ম্যুরাল ও শিল্পকর্ম স্থাপন করছেন। অতি সম্প্রতি বাংলাদেশি কমিউনিটিতে এ ধরনের উদ্যোগ লক্ষ্য করা যাচ্ছে। কুইন্সের জ্যাকসন হাইটসের ডাইর্ভাসিটি প্লাজা এবং জ্যামাইকা হিলসাইডে বাংলাদেশের সাংস্কৃতিক ঐতিহ্য তুলে ধরতে এধরনের দুটি ম্যুরাল এঁকেছেন নতুন প্রজন্মের প্রতিভান শিল্পী জিহান ওয়াজেদ। ড্রাইভার্সিটি প্লাজার ম্যুরালটি আঁকার জন্য তাকে অনুরোধ করেন স্থানীয় কাউন্সিলম্যান শেখর কৃষ্ণান। ম্যুরালটির উদ্বোধনীতে তিনিই ছিলেন প্রধান অতিথি। 'মেমোরি অব বাংলাদেশ' ম্যুরালটি দেখতে অনেকেই আসেন দূর-দূরান্ত থেকে। ম্যুরালের সাথে ছবি তুলেন। স্মরণ করেন নিজ দেশ ও তার প্রাকৃতিক সৌন্দর্য্যকে।

'ম্যুরালটি বিজ্ঞাপনে ঢেকে দেয়া একজন শিল্পীর জন্য কষ্টের। এর মধ্য দিয়ে শিল্পীসত্ত্বাকে অপমান করা হয়েছে। একটি ম্যুরাল কখনো স্বল্প সময়ের জন্য আঁকা হয় না। বাংলাদেশী-আমেরিকান তরুণ শিল্পী জিহান ওয়াজেদ। সামান্য লোভে এ ধরনের অরুচিকর কাজের জন্য কমিউনিটিক বিরূপ প্রতিক্রিয়ার সৃষ্টি হয়েছে। অনেকেই করছেন কঠোর সমালোচনা। বন্ধু রেস্টুরেন্ট মালিকই নয় হোমকেয়ারের মালিক যিনি বিজ্ঞাপনটি দিয়েছেন তার রুচি ও মনমানসিকতা নিয়ে প্রশ্ন তুলেছেন অনেকে। ম্যুরালটি কলংকিত করার মধ্য দিয়ে সিটির সৌন্দর্য্য বর্ধন কমসূচিকে অবমাননা করেছেন তারা। বাংলাদেশী কমিউনিটিতে নতুন প্রজন্মকে উৎসাহিত করা এবং বাংলাদেশী সাংস্কৃতিক ঐতিহ্যের কথা যারা বলেন– তাদের উচিত হবে বিষয়টি খতিয়ে দেখার। এ ব্যাপারে জ্যাকসন হাইটস বাংলাদেশী বিজনেস অ্যাসোসিয়েশন (জেবিবিএ) এর কার্যকর ভূমিকা দেখতে চান সচেতন প্রবাসী বাংলাদেশীরা।




জ্যাকসন হাইটসে ডাইভারসিটি প্লাজা সংলগ্ন রেস্টুরেন্টের দেয়ালে আঁকা 'সেলিব্রেশন অব ডাইভারসিটি' ঢাকা পড়েছে বিজ্ঞাপনের আড়ালে।

শুধু জ্যাকসন হাইটস নয়, জিহান ওয়াজেদ নিউইয়র্কের বিভিন্ন ঐতিহাসিক স্থাপনায় মূর্যাল এঁকে মূলধারার শিল্পকর্মে নিজের অবস্থান সংহত করার পাশাপাশি কুঁড়িয়ে চলেছেন সুনাম। অতি সম্প্রতি নিউইয়র্কের জন এফ কেনেডি আন্তর্জাতিক বিমানবন্দরে আকর্ষনীয় একটি মুর্যাল একেঁছেন জিহান। জিহানের শিল্প কর্মের মধ্যে নিউইয়র্ক সিটি হেলথ এন্ড হসপিটাল বিভাগের কুইন্স হাসপাতালে বারো'শ পঞ্চাশ বর্গফুটের বিশালকায় 'রুটস অফ মেডিসিন' ম্যুরাল, নিউইয়র্ক সিটির এস্টোরিয়ার ইস্ট রিভার তীরেও 'এ সিটি ইন মোশন' নামে একটি ম্যুরাল এঁকেছেন জিহান। হন্টারস পয়েন্ট মেগা ডেভেলপমেন্টে ৭৫০ ফুটের এই ম্যুরালটির স্থিরচিত্র সচল হয়ে উঠে মোবাইল অ্যাপসে। আকর্ষনীয় ভিন্নমাত্রিক আঙ্গিকে আঁকা দৃষ্টিন্দন মুর্যালটি ব্যাপকভাবে আলোচনায় এসেছে।

এদিকে গত সপ্তাহে যুক্তরাষ্ট্রের জনপ্রিয় টিভি চ্যানেল সিবিএস মূর্যালটি নিয়ে জিহান ওয়াজেদের একটি সাক্ষাতকার প্রচার করেছে। এছাড়া ওয়ার্ল্ড ট্রেড সেন্টার ভবন, নিউইয়র্ক ইন্টারন্যাশনাল স্পোর্টস কমপ্লেক্স, বিলি জিন কিং ন্যাশনাল টেনিস সেন্টার, এস্টোরিয়ায় ১৭৭ ফিট দীর্ঘ ম্যুরাল 'ওয়েলকাম এস্টোরিয়া' মুর্যাল এবং সিটিতে বাংলাদেশিদের প্রাণকেন্দ্র জ্যাকসন হাইটসের ডাইভারসিটি প্লাজায় 'বাংলাদেশ ম্যুরাল' অন্যতম। এছাড়া সিটির বিভিন্ন স্থানে তার শিল্পকর্ম রয়েছে। একজন বাংলাদেশী বংশোদ্ভূত শিল্পী হিসাবে জিহান বাংলাদেশের সুনাম বয়ে আনছে। অথচ ডাইভারসিটি প্লাজায় 'সেলিব্রেশন অব ডাইভারসিটি : মেমোরি অব বাংলাদেশ' শীর্ষক ম্যুরালটি ধ্বংস করা হচ্ছে। এটি একটি নিন্দনীয় কাজ বলে মনে করছেন প্রবাসী বাংলাদেশীরা।

দেশ-বিদেশের সর্বশেষ
খবর পেতে
ভিজিট করুন আমাদের
অনলাইন নিউজ পোর্টালে



www.banglapatrikausa.com

TiME television
www.timetvusa.com

DR. SADI ALAM, DPM
Foot Specialist
পায়ের বাংলাদেশী রোগ বিশেষজ্ঞ চিকিৎসক
Jamaica Office: 168-32 Highland Ave, Jamaica, NY 11432
Hollis: 196-22 Hillside Ave, Hollis, NY 11423
Jackson Heights Office: 7017 37th Ave, Jackson Heights, NY 11372
Brooklyn Office: 486 McDonald Ave, Brooklyn, NY 11218
Ozone Park Office: 530 Conduit Blvd, Brooklyn, NY 11208
Bronx Office: 3099 Bainbridge Ave, Bronx, NY 10467
Parkchester Office: 1381 Castle Hill Ave, Bronx, NY 10462
Alam Podiatry, P.C.
FOR APPOINTMENT
Phone: 347-509-4470 | Fax: 646-845-1861 | www.alampodiatry.com
WE ACCEPT ALL MAJOR INSURANCE PLANS
PLEASE ASK YOUR DOCTOR FOR REFERRAL

হোমিও চিকিৎসা



এস.কে.শর্মা
D.H.M.S (B.D) N.H.C (USA)
Homeopathic Specialist
আপনি কি যে কোন জটিল কঠিন ও পুরাতন রোগে ভুগছেন, তাহলে একবার হোমিওপ্যাথিক ঔষধ ব্যবহার করে দেখুন। আমাদের এইখানে সম্পূর্ন গোপনীয়তা রক্ষা করা হয়।
*Migraine *বাত *হাঁপানি পীড়া *আঁচিল * অর্শ *টিউমার *Kidney Stone *অন্ডকোষের পীড়া *কর্ণের পীড়া *কাশি *কিডনীর পীড়া *চর্ম্ম পীড়া * টনসিলাইটিস *দন্তের পীড়া *ধবল বা শ্বেতী রোগ *নখের পীড়া *পক্ষাঘাত *Gall Bladder Stone *প্রস্রাবের পীড়া * প্রষ্টেট- গ্ল্যান্ডের পীড়া *Fatty Liver * ফুসফুসের পীড়া *ব্লাড-প্রেসার *ভগন্দর * মাথা ব্যাথা * লিভারের পীড়া *সায়েটিকা *সিষ্টাইটিস *স্বরভংগ *নাকে পলিপাস *হার্নিয়া *Blood Cholesterol *চুল পড়া *Fatty Heart *ব্রন *একজিমা * শোথ * টাক রোগ * রক্ত প্রস্রাব * জন্ডিস * অনিদ্রা *গ্যাষ্টিক *নিদ্রায় নাক ডাকা * পায়ের তলায় কড়া * মুখে দুর্গন্ধ * স্বপ্ন দোষ * হস্তমৈথুন শোক দুঃখ জনিত পীড়া ইত্যাদি।
শিশুদের:-শিশু দাঁত উঠিতে হাঁটিতে ও কথা বলিতে বিলম্ব, শিশুর একশিরা, শিশুর কোষ্ঠবদ্ধতা, শিশুর মুখদিয়া লালা পড়া, Autism, Autistic, শিশু না খাইতে চাওয়া (Appetite Problems)
আপনি কি যৌন সমস্যায় ভুগছেন
*premature Ejaculation *Low Libido * Impotence
*পুরুষত্বহীনতা * শীঘ্রপতন *লিঙ্গ শিথিলতা
আমরা আমেরিকার যে কোন স্টেটে ডাকযোগে ঔষধ পাঠিয়ে থাকি।
স্বল্প খরচে অল্প সময়ে অত্যাধুনিক পদ্ধতিতে, আমেরিকান ঔষধের সাহায্যে চিকিৎসা করা হয়।
Homeopathy & Herbal
72-08 Broadway, Jackson Heights, NY 11372
Cell: 917-285-4804
BUSINESS HOURS: MONDAY-SATURDAY 11:30AM-8PM, SUNDAY CLOSED

ARMAN CHOWDHURY, CPA
সঠিক ও নির্ভুলভাবে ইনকাম ট্যাক্স ফাইল করা হয়
- INDIVIDUAL INCOME TAX RETURN
- BUSINESS TAX RETURN
- NON-PROFIT TAX RETURN
- ACCOUNTING & BOOKKEEPING
- RETIREMENT AND INVESTMENT PLANNING
- TAX RESOLUTION SPECIALIST
- ISLAMIC HOME FINANCING
7 DAYS OPEN
AUTHORIZED e-file PROVIDER
718-475-5686
87-54 168TH STREET, SUITE 201, JAMAICA, NY 11432
Email: armancpa@gmail.com | www.armancpa.com
TO 169 STREET



# আতঙ্কিত জনতা, রক্তাক্ত বাংলাদেশ



চৌধুরী মোহাম্মদ কাজল

বাংলাদেশ যেন এক অবরুদ্ধ দেশ। ঢাকা যেন আতঙ্কের জনপদ। ঠিক এরকম অবস্থাই ছিল ১৯৭১ এ। রাস্তায় আর্মি। প্রায় সময়ই কারফিউ। মানুষ ঘরে বাইরে কোথাও নিরাপদ ছিল না। তখন আমরা ঠিক করেছিলাম মরতে হয় দেশেই মরবো। ভারতে যাবো না। নিরাপদ আশ্রয়ের জন্য আব্বা ফরিরের পুল পানির ট্যাঙ্কের নীচে একটি গলির ভেতর ছোট্ট একটি বাসা ভাড়া নিয়েছিলেন। আমরা চারজনের পরিবার সেখানেই থাকতাম। যে কোন সময় যে কোন দিক থেকে গুলি আসতে পারে। কাঁচের জানালায় সবাই কাগজ কেটে আঠা দিয়ে লাগিয়ে রাখতো। এই কাগজের টুকরোগুলি হঠাৎ ছুটে আসা গুলি কিছুটা প্রতিরোধ করবে বলে মনে করা হতো।

সাইরেন বাজলেই শুরু হয়ে যেত বিমান আক্রমণ। কয়েক সেকেন্ডের মধ্যে চলে আসতো বোমারু বিমান। শুরু হয়ে যেত বোম্বিং। প্রচন্ড শব্দে আমরা আতঙ্কিত হয়ে পড়তাম। যেখানে বোমাবর্ষন হতো সেখান থেকে ঘন কালো ধোয়া উড়তো। আমাদের বিল্ডিংটি ছিল তিন তলা। যেহেতু আমরা নীচ তলায় থাকতাম তাই বোমাবর্ষন শুরু হলে বিল্ডিং এর সবাই আমাদের বাসায় চলে আসতো। ছোট বাসাটিতে সবার জায়গা হতো না। অনেকে আবার বিল্ডিং এর ছাদে দাড়িয়ে বিমানযুদ্ধ দেখতো। বিমানে বিমানেও যুদ্ধ হতো। মাঝে মাঝে বিমান বিধ্বংসী কামান দিয়ে বিমান ফেলে দেওয়া হতো। পাইলট প্যারাসুট দিয়ে নেমে আসতো। এইসব দৃশ্য ওরা দেখতো। ওরা বলতো ভয়ের কিছু নেই। বেশীরভাগই ভারতীয় বিমান।

এরপর শুনলাম ঢাকায় এমন আক্রমণ হবে যে মাটির নীচে দুই ইঞ্চি পর্যন্ত ধ্বংস করে দেওয়া হবে। ঢাকা হবে দুইদেশের রনক্ষেত্র। সবাই ঢাকা ছেড়ে চলে যেতে পরামর্শ দিল। বুড়িগঙ্গার ওপারে জিঞ্জিরায় আমাদের জন্য একটি বাসা ভাড়া নেওয়া হলো। শেষ পর্যন্ত সিদ্ধান্ত হলো না এখানেই থাকবো। জিঞ্জিরাও যাবো না। অবশ্য চেস্টা করলেও



পারতাম কিনা জানিনা। শুনতাম নদী পার হওয়ার চেস্টা করলেও নাকি গুলি ছোড়ে।

এখন ঢাকার অবস্থাও যেন সেরকমই। রাস্তায় অবস্থান নিয়েছে পুলিশ ও সেনাবাহিনী। কারফিউ শিথিল হলে লোকজন দৈনন্দিন কাজ করতে বের হয়। সবাই সন্ত্রস্ত। সবাই আন্দোলনের পক্ষে। কিন্তু প্রকাশ করতে পারছে না। টেলিফোনে কথা বলতেও ভয় পায়। শেখ হাসিনা যেন টিক্কা খানের ভূমিকায় নেমেছেন। আল বদর, রাজাকারের জায়গা নিয়েছে ছাত্রলীগ। পুলিশের প্রটেকশন নিয়ে রাস্তায় সন্ত্রাস করছে। একাত্তরের বুড়ো মুক্তিযোদ্ধাগুলো যেন শান্তি কমিটির সদস্য। সরকারকে মৌন সমর্থন দিয়ে যাচ্ছে। আর যে তথাকথিত মানবাধিকার কর্মীরা ওরা কোথায় যেন হারিয়ে হয়ে গেছে। সমস্যা সমাধানের উদ্যোগ নেই কারো। বাংলাদেশের মানুষ আজ ঘরেও নিরাপদ নয়। নিজের বাসায়, বাড়ীর ছাদে অনেক শিশু কিশোরকে জীবন দিতে হয়েছে।

শেখ মুজিব স্বাধীনতা আন্দোলনের নেতৃত্ব দিয়েছিলেন। তিনি নিহত হয়েছেন ১৯৭৫-এ। এরপর তার মেয়ে দেশ শাসন করছে ২১ বছর। তারপরও ক্ষমতার লোভ যায়নি। ক্ষমতা চিরস্থায়ী করতে হবে। একাত্তরে পাকিস্তানের সামরিক সরকার মানুষ মারতে দ্বিধা করতো না। আওয়ামী লীগ সরকারও করে না। পুলিশ, আর্মি, ছাত্রলীগ সবই মাঠে নামিয়েছে। ইয়াহিয়া খানের মত গণবিরোধী অবস্থান নিয়েছেন শেখ হাসিনা। নিরস্ত্র আন্দোলনকারীদের বলছেন দুষ্কৃতিকারী। মানুষ মরছে, আরও মরুক। ক্ষমতা চিরস্থায়ী করতে হবে তার। স্বাধীনতার অর্ধশত বছর পর বাংলাদেশের মানুষ দেখছে আরেক রক্তাক্ত বাংলা। সবকিছু যেন সেই একাত্তরের মত। শুধু শাসক দলের পরিবর্তন হয়েছে। ওরা এখন বাংলা বলে।

*নিউইয়র্ক।*

LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW
ACCIDENT / IMMIGRATION / DIVORCE
ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ।
ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স
বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস
সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ
ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার
MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK
347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372

ম্যানহাটনে বাংলাদেশী এটর্নী
● ইমিগ্রেশন
● রিয়েল এস্টেট
● এক্সিডেন্ট
● ল্যান্ডলর্ড-টেনেন্ট
● ব্যাংক্রাপসি
● ডিভোর্স সহ বিভিন্ন
সমস্যার আইনগত সহায়তার জন্য যোগাযোগ করুন।



মোহাম্মদ এ. আজিজ Esq
এটর্নী এট ল'
For Appointment: (917)-434-3338
Tel: 212-695-0055, Fax: 212-695-0056, e-mail: azizbbn@yahoo.com
421 7th Avenue, Suite# 905, New York, NY 10001

SEEMA GULIANI, ESQ / ATTORNY AT LAW
LAW OFFICE OF SEEMA GULIANI
BY APPOINTMENT ONLY
212-691-4343
seemagulianiesq@gmail.com
198-42 FOOTHILL AVE. HOLLIS NY. 11423
WE SPECIALIZE IN
• VAWA
• ASYLUM
• NVC PROCESS
• NATURALIZATION
• TOURIST VISAS (B1/B2)
• RELIGIOUS WORKER
• UNCONTESTED DIVORCES
• FAMILY BASED PETITIONS
• FIANCE/MARRAIGE VISAS
• LEGAL PERMANENT RESIDENCY
• EMPLOYMENT BASED VISAS
(H-1B. PERM, I-140. EB1, EB2, EB3

# পালালেন শেখ হাসিনা-রেহানা

*(প্রথম পাতার পর)* সঙ্গে।

বিদায়ী সরকারের নিয়ন্ত্রাধীন প্রশাসনের দেয়া কারফিউ আজ সকাল থেকে থাকছে না। আজ থেকেই সরকারি বেসরকারি সব অফিস, শিক্ষা প্রতিষ্ঠান খোলার সিদ্ধান্ত জানিয়েছে আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর আইএসপিআর। তবে পোশাক শিল্প কারখানা বন্ধ থাকবে বলে জানানো হয়েছে মালিকদের পক্ষ থেকে। ওদিকে রাতে এ রিপোর্ট লেখার সময় পর্যন্ত সারা দেশে বিভিন্ন সহিংসতার খবর পাওয়া যায়। গুলি, সংঘর্ষ ও হামলা ও অগ্নিসংযোগের ঘটনায় শতাধিক মানুষের মৃত্যুর তথ্য আসে বিভিন্ন স্থান থেকে।

যেভাবে বদলে যায় দৃশ্যপট:

সোমবার দুপুরের পর খবর আসে পদত্যাগ করে দেশ ছেড়ে পালিয়েছেন আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনা। বেলা আড়াইটায় বঙ্গভবন থেকে একটি সামরিক হেলিকপ্টারে করে ছোট বোন শেখ রেহানাকে নিয়ে তিনি ভারতের উদ্দেশ্যে পাড়ি জমান। রাতে জানা যায় নয়া দিল্লির সামরিক ঘাঁটিতে তিনি নামেন তিনি। সেখানে ভারতের নিরাপত্তা উপদেষ্টা অজিত দোভাল এর সঙ্গে শেখ হাসিনার সাক্ষাৎ হয়।

তবে ভারতে থাকবেন নাকি অন্য কোনো দেশে যাবেন তা রাতে এ রিপোর্ট লেখা পর্যন্ত নিশ্চিত হওয়া যায়নি। ছাত্র-জনতার একদফা পদত্যাগের দাবিতে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের ডাকে সোমবার 'মার্চ টু ঢাকা' কর্মসূচির দিনে দেশ ছাড়েন শেখ হাসিনা। যদিও দিনের শুরুটা হয় নির্মমতা দিয়ে। আগের কয়েক দিনের সহিংস ঘটনার জেরে গতকালও আন্দোলনকারীদের ওপর বিভিন্ন স্থানে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী গুলি চালায়। এদিন ঢাকাসহ সারা দেশে অন্তত ১১২ জনের মৃত্যু হয়। আগের দিন থেকেই আলোচনা ছিল ছাত্র-জনতা গণভবন ঘেরাও করতে যাবে। এ নিয়ে ছিল নানা প্রচারণা। উত্তাপ-উত্তেজনার মধ্যে গতকাল দুপুরের পর ব্রডব্যান্ড ইন্টারনেট সেবা বন্ধ করে দেয়া হয়। আগের দিন থেকেই মোবাইল ইন্টারনেট সেবা বন্ধ রাখা হয়েছিল। ইন্টারনেট বন্ধ থাকা সকাল থেকে ছিল নানা গুজব আর গুঞ্জন। দুপুরের পর দৃশ্যপট পরিষ্কার হতে থাকে।

থমথমে অবস্থার মধ্যে লাখ লাখ ছাত্র-জনতা রাজপথে নেমে আসতে থাকেন। অনেকটা বিজয় মিছিলের আবহে ছাত্র-জনতা শাহবাগ ও গণভবনের দিকে যেতে থাকেন। বেলা দুইটার দিকে পুরো রাজধানীর প্রধান সড়কগুলো ছাত্র-জনতার দখলে চলে যায়। নারী, পুরুষ, শিশু, বৃদ্ধ সবাই রাজপথে নেমে এসে বিজয়ের উল্লাস প্রকাশ করতে থাকেন। শেখ হাসিনা পদত্যাগ করে ভারতে পালিয়ে গেছেন এই খবর প্রচার হওয়ার পর পরিস্থিতি আরও বদলে যেতে থাকে। ছাত্র-জনতার স্রোত ছড়িয়ে পড়ে অলি-গলি, গ্রাম-গ্রামান্তরে। অপূর্ব এক উল্লাসে ফেটে পড়ে পুরো দেশ। গত কয়েকদিনের ছাত্র-জনতার রক্তস্রোতের ওপর দাঁড়িয়ে পালন করা এই বিজয় উল্লাসের মাঝেও মানুষের মধ্যে ছিল ক্ষোভের আগুন, শোকের কান্না, আর হৃদয় ছেঁড়া হাহাকার। হাতে হাতে জাতীয় পতাকা, বিজয়ের নানা চিহ্ন আর ফুল নিয়ে রাস্তায় নেমে আসা জনতার গগনবিদারী স্লোগানে ছিল কোটা সংস্কার আন্দোলনে জীবন দেয়া বীর শহীদদের নাম। গত কয়েকদিনে অধিকার আদায়ের দাবিতে আন্দোলন করা বীর শহীদদের পরিবারের কাছেও কৃতজ্ঞতা জানাতে ছুটে যান আন্দোলনে বিজয়ী ছাত্র-জনতা। সোমবারের বিকালটি বিজয়ের এক আভায় উদ্ভাসিত হয় বাংলাদেশের মানুষের কাছে। স্বাধীন বাংলাদেশে এমন বিকাল আর আগে আসেনি এমনটা বলছিলেন আন্দোলনে বিজয়ীরা। বিরল এক গণঅভ্যুত্থানের সাক্ষী হয়েছে দেশ। দুনিয়ার গণতান্ত্রিক ইতিহাসে জনতার এই অভ্যুত্থানও স্বর্ণের অক্ষরে লেখা থাকবে যুগ-যুগান্তরে।

বিস্ময়কর এই গণঅভ্যুত্থানের বিকালে উল্লসিত জনতার স্রোত প্রবেশ করে বাংলাদেশের প্রধানমন্ত্রীর সরকারি বাসভবন গণভবনে। সেখানকার সব নিরাপত্তা চৌকি চুরমার করে জনতার স্রোত সেখানে নানাভাবে উল্লাস প্রকাশ করে। ছিল অনাকাঙ্খিত দৃশ্যও। লুটপাট করে জিনিসপত্র নিয়ে যেতে দেখা যায় অনেককে। একই সময়ে আন্দোলনে বিজয়ী ছাত্র-জনতার স্রোত প্রবেশ করে জাতীয় সংসদ ভবনে। সেখানেও তারা নানাভাবে উল্লাস প্রকাশ করতে থাকেন। প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রবেশ করে উল্লাস প্রকাশ করেন তারা। বিকালেই বন্ধ ঘোষণা করা হয় হযরত শাহজালাল (রহ.) আন্তর্জাতিক বিমানবন্দরের কার্যক্রম। সারা দেশে বিজয় উল্লাস প্রকাশ করার সময় ঘটে নানা ঘটনাও। হামলা, ভাঙচুর এবং অগ্নিসংযোগ করার তথ্য ও পাওয়া যায়। তবে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের পক্ষ থেকে সবাইকে রাষ্ট্র ও জনগণের সম্পদ ধ্বংস না করার আহ্বান জানানো হয়। সবাইকে শান্ত থাকার আহ্বান জানানো হয়। আগামী ২৪ ঘণ্টার মধ্যে জাতীয় সরকারের একটি রূপরেখা দেয়ার তথ্যও জানায় বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন। সাম্প্রদায়িক সহিংসতা রোধে সবাইকে ঐক্যবদ্ধ থাকার আহ্বান জানানো হয়। বিএনপি, জামায়াতসহ রাজনৈতিক দলগুলোও সব ধরনের সংঘাত সহিংসতা পরিহার করে সবাইকে ঐক্যবদ্ধ থাকার আহ্বান জানিয়েছে।

রাজধানীতে ছাত্র-জনতার জয়োল্লাস চলার সময় ধানমণ্ডিতে আওয়ামী লীগ সভাপতির রাজনৈতিক কার্যালয়ে অগ্নিসংযোগের তথ্য পাওয়া যায়। ধানমণ্ডির ৩২ নম্বরে বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরেও অগ্নিসংযোগ করা হয়। এ ছাড়া কাওরান বাজারে অবস্থিত এটিএন বাংলা ও এটিএন নিউজের কার্যালয়ে অগ্নিসংযোগ ও হামলা করে দুর্বৃত্তরা। চালানো হয় লুটপাট। এছাড়া বেসরকারি একাত্তর টিভির কার্যালয়েও হামলা ভাঙচুরের ঘটনা ঘটে। আক্রান্ত হয় প্রধান বিচারপতির বাসভবনও। আগুন দেয়া হয় স্বরাষ্ট্রমন্ত্রীর বাসভবনেও। ঢাকার বাইরে বিভিন্ন স্থানে থানায় বিক্ষুব্ধ মানুষের ঘেরাও ও হামলার ঘটনা ঘটে। এসব ঘটনায় গতকাল বেশি হতাহতের ঘটনা ঘটে। এছাড়া বিভিন্ন এলাকায় আওয়ামী লীগের নেতাকর্মীদের বাসা ও প্রতিষ্ঠানে হামলা, ভাঙচুর ও অগ্নিসংযোগের ঘটনাও ঘটে।

আগের দিন রোববার ছাত্র-জনতার সর্বাত্মক অসহযোগ কর্মসূচি শুরুর দিনে সারা দেশে আওয়ামী লীগ ও অঙ্গসংগঠনের অস্ত্রধারী ক্যাডারদের আক্রমণ, পুলিশ ও অন্যান্য আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর গুলিতে এবং আন্দোলনকারীদের হামলায় শতাধিক মানুষের মৃত্যু হয়। এরমধ্যে বেশির ভাগ মানুষ আওয়ামী লীগের নেতাকর্মীদের হামলা ও গুলিতে মারা যান। এ ছাড়া হামলায় ১৪ জন পুলিশ সদস্য ও আওয়ামী লীগের বেশ কয়েকজন নেতাকর্মী নিহত হন। এদিনের নজিরবিহীন সহিংসতায় কয়েক হাজার মানুষ আহত হন।

ছাত্র-জনতার নজিরবিহীন প্রতিরোধে রোববারই সারা দেশের নিয়ন্ত্রণ তাদের হাতে চলে আসে। আওয়ামী লীগের এমপি, মন্ত্রী, নেতাদের বাসায় হামলা ভাঙচুরের ঘটনা ঘটে। খবর ছড়িয়ে পড়ে আওয়ামী লীগের শীর্ষ নেতারা পালিয়ে যাচ্ছেন। এমন অবস্থায় সোমবার মার্চ টু ঢাকা কর্মসূচি ঘিরে তৈরি হয় উদ্বেগ। সরকার অনির্দিষ্টকালের জন্য কারফিউ জারি করে। নিয়ন্ত্রণ আরোপ করা হয় সড়কে। দুপুর পর্যন্ত পুলিশ ও আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী টিয়ারশেল, রাবার বুলেট ও গুলি ছোড়ে আন্দোলনকারীদের দিকে।

গত ১ জুলাই সরকারি চাকরিতে কোটা সংস্কারের দাবিতে আন্দোলন শুরু করে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন। এরপর ধাপে ধাপে এই আন্দোলন রূপ নেয় একদফায়। গত ১৬ই জুলাই আন্দোলন চলাকালে রংপুরের বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের শিক্ষার্থী আবু সাঈদ পুলিশের সামনে বুক চিতিয়ে প্রতিবাদ করার সময় নিষ্ঠুরভাবে গুলি করে পুলিশ। এতে তিনি ঘটনাস্থলে মারা যান। তার প্রতিবাদের এই ছবি এবং ভিডিও ছড়িয়ে পড়ার পর আন্দোলনে নতুন মাত্রা যোগ হয়। তিনি হয়ে উঠেন এই আন্দোলনের অদম্য এক প্রতীকী শক্তি। এরপর ক্রমে আন্দোলন ছড়িয়ে পড়ে সারা দেশে। সরকারের বর্বর দমন-পীড়নের নানা ধাপে প্রায় চারশ' মানুষের প্রাণহানি হয়েছে। তাদের প্রায় সবাই ছাত্র-জনতা। এতো বিপুল মানুষের প্রাণহানি স্বাধীন বাংলাদেশের জমিনে এর আগে কখনো একক আন্দোলনে হয়নি।

শেখ হাসিনার উত্থান-পতন:

আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনার রাজনীতিতে আগমন অনেকটা আকস্মিক। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৭৫ সালের ১৫ই আগস্টে সপরিবারে নিহত হন। তখন তার দুই কন্যা শেখ হাসিনা ও শেখ রেহানা বিদেশে ছিলেন। ১৯৮১ সালে শেখ হাসিনাকে দলের সভাপতি নির্বাচিত করা হয় এবং তিনি দেশে ফিরে আসেন। এরপর থেকে তিনি এ পর্যন্ত দলের সভাপতির দায়িত্ব পালন করে আসছেন। রাজনৈতিক পথপরিক্রমায় ১৯৯৬-২০০১ পর্যন্ত প্রধানমন্ত্রীর দায়িত্ব পালন করেন তিনি। এরপর এক এগারোর অস্বাভাবিক পরিস্থিতির জেরে ২০০৮ সালে হওয়া নির্বাচনে আওয়ামী লীগ আবার ক্ষমতায় আসে। ২০১৪ সালের জানুয়ারীতে একটি বিরোধী দলবিহীন নির্বাচনে তিনি তৃতীয়বারের মতো ক্ষমতা গ্রহণ করেন। সে সময়ের নির্বাচন নিয়ে ব্যাপক অনিয়মের অভিযোগ ছিল দেশে-বিদেশে। বিএনপি-জামায়াতসহ ২০১৪ সালে বিরোধী জোট শেখ হাসিনার অধীনে নির্বাচন বর্জন করে। এতে অর্ধেকের বেশি আসনে এমপি হয়ে যান বিনা ভোটে। পরে ওই সরকারকে অনেকে বিনা ভোটের সরকার আখ্যায়িত করেন। বিরোধী দলেগুলোর দাবি উপেক্ষা করে এরপর ২০১৮ সালের ডিসেম্বরে তিনি পুনরায় তার অধীনে নির্বাচন আয়োজন করেন। ওই নির্বাচনে বিরোধীরা অংশ নিলেও তাতে বিরোধীদলীয় নেতাদের প্রায় সবাই হেরে যান। তখন বলা হয় আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সহায়তায় রাতে ভোট দেয়া হয়ে যায়। সর্বশেষ ২০২৪ সালের দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে চতুর্থ বারের মতো ক্ষমতায় আসেন শেখ হাসিনা। ওই নির্বাচনে বিরোধী দলগুলো অংশ নেয়নি। এতে আওয়ামী লীগের নেতারাই বিকল্প প্রার্থী ছিলেন। ওই নির্বাচনকে বিরোধীরা ডামি নির্বাচন বলে আখ্যা দেন। ২০১৪ সালের নির্বাচনের আগ থেকে একটি নিরপেক্ষ তত্ত্বাবধায়ক সরকারের অধীনে নির্বাচন দাবি করে আন্দোলন করে আসছে বিএনপি, জামায়াতসহ বিরোধী দলগুলো। তারা এ দাবিতে সময়ে সময়ে যেসব আন্দোলন করেছে তাতে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ও আওয়ামী লীগের নেতাকর্মীদের হামলায় বহু রাজনৈতিক নেতাকর্মী নিহত হয়েছেন। হাজার হাজার নেতাকর্মী আহত ও গুম হয়েছেন। কারাগারে যেতে হয়েছে কয়েক লাখ নেতাকর্মীকে। এ ছাড়া বিরোধী নেতাকর্মীরা নানা ধরনের নির্যাতনের অভিযোগ করে আসছিলেন। সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়াকে একাধিক মামলায় ২০১৮ সাল থেকে এ পর্যন্ত কারান্তরীণ করে রাখা হয়।




## সহিংসতায় শিশু মৃত্যুর দাবি ইউনিসেফসহ

*(শেষ পাতার পর)* তৈরি করা সবচেয়ে ভালো উপায়গুলোর অন্যতম বলে উল্লেখ করেন উইজেসেকেরা। তিনি বলেন, প্রাক-প্রাথমিক ও মাধ্যমিকের ৩ কোটি শিক্ষার্থী ১০ দিন স্কুলে যেতে পারেনি। চলতি বছরের শুরুতে তাপপ্রবাহ, ঘূর্ণিঝড় ও বন্যার কারণে শিক্ষার যে ক্ষতি হয়েছিল, তার সঙ্গে নতুন করে স্কুল বন্ধ হওয়ার ক্ষতি যুক্ত হয়েছে।

বাংলাদেশ সরকার, ইউনিসেফের অংশীদার এবং তরুণদের জন্য কাজ করছে, এমন সংস্থাগুলোর প্রতিনিধিদের সঙ্গে তাঁর বৈঠক হয়েছে বলে বিবৃতিতে জানান সঞ্জয় উইজেসেকেরা। এসব বৈঠকে জাতিসংঘের শিশু অধিকার সনদে শিশুদের একত্র হওয়া ও শান্তিপূর্ণভাবে সমাবেশের অধিকারের স্বীকৃতি দেওয়ার বিষয়টির ওপর জোর দেন তিনি। উইজেসেকেরা বলেন, শিশু ও তরুণেরা বাংলাদেশের ভবিষ্যৎ। তাঁরা যখন কোনো কিছু নিয়ে সোচ্চার হন, তখন তাঁদের সুরক্ষা দেওয়া উচিত।

প্রথম আলো 'নরসিংদীতে গুলিতে নিহত ১৪ জনের ৯ জনই কিশোর-তরুণ' শিরোনামে আরেকটি প্রতিবেদনে বলেছে, দেশজুড়ে আন্দোলন চলাকালে রাজধানীর পর সবচেয়ে বেশি সংঘর্ষ ও সহিংসতার ঘটনা ঘটেছে নরসিংদীতে। এ সময় সেখানে গুলিতে নিহত হয়েছেন ১৪ জন। তাঁদের মধ্যে ৯ জনের বয়সই ১৫ থেকে ২২ বছর। এ ছাড়া পিটিয়ে হত্যা করা হয়েছে দুজনকে। বিভিন্ন হাসপাতাল, নিহত ব্যক্তিদের পরিবারের সদস্য ও স্থানীয় জনপ্রতিনিধিদের সঙ্গে কথা বলে এ তথ্য জানা গেছে। নরসিংদীতে ১৮ ও ১৯ জুলাই আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সঙ্গে বিক্ষোভকারীদের ব্যাপক সংঘর্ষ হয়। ২০ জুলাই জেলা কারাগারে হামলা করেন বিক্ষোভকারীরা।

সংশ্লিষ্ট সূত্রগুলো জানায়, জেলখানা মোড়ে ১৮ জুলাই রাবার বুলেটের আঘাতে ঘটনাস্থলেই মারা যায় নবম শ্রেণিপড়ুয়া তাহমিদ ভূঁইয়া তামিম (১৫)। তার লাশ স্ট্রেচারে রেখে স্লোগান দিচ্ছিলেন আন্দোলনকারীরা। সে সময় আবার গুলি চালায় পুলিশ। তাহমিদ ছাড়াও ১৮ জুলাই জেলখানা মোড়ে গুলিতে মারা গেছেন নরসিংদী আইডিয়াল কলেজের শিক্ষার্থী ইমন মিয়া (২২)।

দৈনিক সমকাল তাদের একটি প্রতিবেদনে বলেছে, কোটা সংস্কার আন্দোলন ঘিরে কয়েক দিনের সংঘর্ষে আহাদ, রিয়া, সামির, হোসাইন, মোবারক, তাহমিদ, ইফাত ও নাঈমাসহ অন্তত ৯ শিশু গুলিতে নিহত হয়েছে। তাদের বয়স ৪ থেকে ১৬ বছরের মধ্যে। ১৮, ১৯ ও ২০ জুলাই তারা গুলিবিদ্ধ হয়। নিহত চারজন মারা গেছে নিজ বাড়িতেই। চারজন গুলিবিদ্ধ হয় সড়কে। সব ঘটনায় প্রত্যক্ষদর্শীর ভাষ্য, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর গুলিতে প্রাণ গেছে এই শিশুদের। এখনও চিকিৎসাধীন গুলিবিদ্ধ এমন কিছু শিশু।

# বলপ্রয়োগ আর রক্তপাতেও ক্ষমতায়

*(প্রথম পাতার পর)* নেতা বোঝানোর চেষ্টা করেন। তাঁরা সেনাবাহিনীর কাছে ক্ষমতা হস্তান্তরের পরামর্শ দেন বলে জানা গেছে। তবে তিনি তা মানতে চাননি; বরং সোমবার (গতকাল) থেকে কারফিউ আরও কড়াকড়ি করতে বলেন। ভোর থেকে কারফিউ কড়াকড়ি করার উদ্যোগ নেওয়া হলেও সকাল ৯টার পর থেকে বিভিন্ন স্থানে আন্দোলনকারীরা কারফিউ ভেঙে নামতে শুরু করেন। ১০টা নাগাদ ঢাকার বিভিন্ন স্থানে জমায়েত বড় হতে থাকে।

বিভিন্ন বাহিনীর উচ্চপর্যায়ের একাধিক সূত্র বলছে, সকাল সাড়ে ১০টার দিকে তিন বাহিনীর প্রধান ও পুলিশের মহাপরিদর্শককে (আইজিপি) প্রধানমন্ত্রীর বাসভবন গণভবনে ডাকা হয়। নিরাপত্তা বাহিনী কেন পরিস্থিতি সামাল দিতে পারছে না, সেটার জন্য ক্ষোভ প্রকাশ করেন। আন্দোলনকারীরা আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সাঁজোয়া যানে উঠে লাল রং দিয়ে দিচ্ছেন, সামরিক যানে পর্যন্ত উঠে পড়ছেন- এর পরও কেন তারা কঠোর হচ্ছে না, সেটা নিয়েও ক্ষোভ প্রকাশ করেন তিনি। এ ছাড়া বিশ্বাস করে এই কর্মকর্তাদের শীর্ষ পদে বসিয়েছেনড়সেটাও তিনি উল্লেখ করেন।

একপর্যায়ে শেখ হাসিনা আইজিপিকে দেখিয়ে বলেন, তারা (পুলিশ) তো ভালো করছে। তখন আইজিপি জানান, পরিস্থিতি যে পর্যায়ে গেছে, তাতে পুলিশের পক্ষেও আর বেশি সময় এ রকম কঠোর অবস্থান ধরে রাখা সম্ভব নয়।

ওই সময়ে শীর্ষ কর্মকর্তাদের পক্ষ থেকে বোঝানোর চেষ্টা করা হয়, বলপ্রয়োগ করে এই পরিস্থিতি সামাল দেওয়া যাবে না। কিন্তু শেখ হাসিনা সেটা মানতে চাচ্ছিলেন না। তখন কর্মকর্তারা শেখ রেহানার সঙ্গে আরেক কক্ষে আলোচনা করেন। তাঁকে পরিস্থিতি জানিয়ে শেখ হাসিনাকে বোঝাতে অনুরোধ করেন। শেখ রেহানা এরপর বড় বোন শেখ হাসিনার সঙ্গে আলোচনা করেন। কিন্তু তিনি ক্ষমতা ধরে রাখতে অনড় থাকেন। একপর্যায়ে বিদেশে থাকা সজীব ওয়াজেদ জয়ের সঙ্গেও ফোনে কথা বলেন একজন শীর্ষ কর্মকর্তা। এরপর জয় তাঁর মায়ের সঙ্গে কথা বলেন। তারপর শেখ হাসিনা পদত্যাগে রাজি হন। তিনি তখন একটা ভাষণ রেকর্ড করতে চান জাতির উদ্দেশে প্রচারের জন্য।

ততক্ষণে গোয়েন্দা তথ্য আসে যে বিপুলসংখ্যক ছাত্র-জনতা শাহবাগ ও উত্তরা থেকে গণভবন অভিমুখে রওনা হয়েছে। দূরত্ব বিবেচনায় ৪৫ মিনিটের মধ্যে শাহবাগ থেকে গণভবনে আন্দোলনকারীরা চলে আসতে পারে বলে অনুমান করা হয়। ভাষণ রেকর্ড করতে দিলে গণভবন থেকে বের হওয়ার সময় না-ও পাওয়া যেতে পারে। এই বিবেচনায় শেখ হাসিনাকে ভাষণ রেকর্ডের সময় না দিয়ে ৪৫ মিনিট সময় বেঁধে দেওয়া হয়।

এরপর ছোট বোন রেহানাকে নিয়ে তেজগাঁওয়ের পুরোনো বিমানবন্দরে হেলিপ্যাডে আসেন শেখ হাসিনা। সেখানে তাঁদের কয়েকটি লাগেজ ওঠানো হয়। তারপর তাঁরা বঙ্গভবনে যান। সেখানে পদত্যাগের আনুষ্ঠানিকতা শেষ করে বেলা আড়াইটার দিকে সামরিক হেলিকপ্টারে করে ছোট বোনসহ ভারতের উদ্দেশে উড্ডয়ন করেন শেখ হাসিনা।

জানা গেছে, হেলিকপ্টারটি ভারতের আকাশে প্রবেশের পর কিছুক্ষণ উড্ডয়ন করে। পরে আগরতলায় বিএসএফের একটা হেলিপ্যাডে অবতরণ করে। তারপর সেখান থেকে দিল্লি যান বলে ভারতীয় গণমাধ্যমে খবর বের হয়েছে।

ইন্ডিয়া টুডের এক খবরে বলা হয়, শেখ হাসিনা নয়াদিল্লির কাছের গাজিয়াবাদে (উত্তর প্রদেশ) ভারতীয় সেনাবাহিনীর হিন্দন বিমানঘাঁটিতে দেশটির স্থানীয় সময় ৫টা ৩৬ মিনিটে অবতরণ করেন। ভারতের সেনাবাহিনীর এক কর্মকর্তা তাঁকে স্বাগত জানান। সেখান থেকে তিনি লন্ডনে যেতে পারেন বলে জানা গেছে।

আওয়ামী লীগের সভাপতি শেখ হাসিনা টানা চতুর্থবারের মতো প্রধানমন্ত্রী হিসেবে শপথ নেন এ বছরের ১১ জানুয়ারি। এর আগে ১৯৯৬ সালে সপ্তম জাতীয় সংসদে নির্বাচনের মাধ্যমে তিনি প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব পালন করেন। ২০০১ সালের নির্বাচনে ভোটে বিএনপি জয়ী হলে আওয়ামী লীগ বিরোধী দলে যায়। তখন সংসদে বিরোধীদলীয় নেত্রী হন শেখ হাসিনা।

এরপর তত্ত্বাবধায়ক সরকারের অধীনে ২০০৮ সালে নবম জাতীয় সংসদ নির্বাচনের মাধ্যমে জয়ী হয়ে প্রধানমন্ত্রী হন শেখ হাসিনা। পাঁচ বছর পর ২০১৪ সালে একতরফা নির্বাচন করেন। তাতে বিনাপ্রতিদ্বন্দ্বীতায় ১৫৩ জন সংসদ সদস্য হন। ওই নির্বাচনে (দশম সংসদ) বিরোধী দলগুলো অংশ নেয়নি; শেখ হাসিনা ও তাঁর জোটসঙ্গীরা মিলে সরকার গঠন করেন। ২০১৮ সালে বিতর্কিত একাদশ জাতীয় সংসদ নির্বাচনের মধ্য দিয়ে তিনি আবার প্রধানমন্ত্রী হন। আগের রাতে ব্যালটে সিল মারার ব্যাপক অভিযোগের কারণে ওই নির্বাচন ‘রাতের ভোট’ নামে পরিচিতি পায়। আর চলতি বছরের জানুয়ারিতে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে বিরোধী দলগুলো অংশ নেয়নি। নিজ দলীয় নেতাদের স্বতন্ত্র প্রার্থী করে ‘ডামি’ প্রতিদ্বন্দ্বিতার মধ্য দিয়ে তিনি আবার প্রধানমন্ত্রী হন। এ নির্বাচনকে বিরোধীরা ‘ডামি নির্বাচন’ আখ্যা দেন। এর সাত মাসের মধ্যে ছাত্র আন্দোলন ও গণবিক্ষোভের মুখে পদত্যাগ করে হেলিকপ্টারযোগে দেশ ছাড়েন শেখ হাসিনা।

# একদিকে বিজয় উৎসব, অন্যদিকে মন্ত্রী-এমপিসহ আ.লীগ নেতাদের বাড়ীতে

*(প্রথম পাতার পর)* ভাঙচুর করা হয়েছে বনপাড়া পৌর মেয়র কেএম জাকির হোসেনের অফিস, গুরুদাসপুর উপজেলা আওয়ামী লীগের অফিস সহ আরো কিছু স্থাপনায়।

সোমবার বিকেল চারটার দিকে জেলা আওয়ামী লীগের কার্যালয় ও সদর আসনের সংসদ সদস্য শফিকুল ইসলাম শিমুলের বাসভবনে (জান্নাতি প্যালেস) আগুন দিয়েছে বিক্ষুব্ধরা। একই সময় আইসিটি প্রতিমন্ত্রী আহমেদ পলকের বাড়িতেও আগুন ধরিয়ে দেয় বিক্ষুব্ধ জনতা। এছাড়া ভাঙচুর করা হয়েছে সিংড়া পৌরসভার মেয়র জান্নাতুল ফেরদৌসের বাড়িতে ভাঙচুর চালায় বিক্ষোভকারীরা। এ সময় উপজেলা আওয়ামী লীগের কার্যালয় ভাঙচুর চালানো। অপরদিকে বাগাতিপাড়ার তমালতলা মোড়ে বঙ্গবন্ধুর মুরাল ভাঙচুর করেছে বিক্ষোভকারীরা।

হামলা-ভাঙচুর ও আগুন দেয়া হয়েছে লাকসামের পোমগাঁও এলাকায় স্থানীয় সরকার মন্ত্রী মো. তাজুল ইসলামের বাসভবন, নগরীর মোস্তেফবাড়ী এলাকায় সদর আসনের এমপি হাজী আ ক ম বাহা উদ্দিনের বাড়ি, পুলিশ লাইন্সসহ কয়েকটি থানা ও বিভিন্ন স্থাপনায়।

**আবশ্যকঃ** এস্টোরিয়াতে অবস্থিত ইঞ্জুরি ল' অফিসের জন্য অভিজ্ঞ সেক্রেটারি প্রয়োজন। প্রার্থীকে ইঞ্জুরি ল' অফিসের কর্মের সার্টিফিকেট দিতে হবে। যোগাযোগ: ৭১৮-২৬৭-১৮০০ অথবা রিজ্যুমি প্রেরণ করুন: southeasternmgm@gmail.com

**আবশ্যকঃ** এস্টোরিয়াতে অবস্থিত মেডিকেল অফিসের জন্য অভিজ্ঞ রিসেপশনিষ্ট আবশ্যক। যোগাযোগ করুন: ৭১৮-৯৫৬-৩১০০, southeasternmgm@gmail.com

**আবশ্যকঃ** এস্টোরিয়াতে অবস্থিত একটি মেডিকেল অফিসে নিম্নোক্ত পদে একজন MRI Technician আবশ্যক। প্রার্থীকে Toshiba Opart মেশিন চালানোর অভিজ্ঞতা থাকতে হবে। উপযুক্ত প্রার্থীকে উচ্চ বেতন দেওয়া হবে। যোগাযোগ : ৭১৮-৯৫৬-৩১০০ অথবা রিজ্যুমি প্রেরণ করুন : southeasternmgm@gmail.com

# ড্রাইভার/কার রেন্ট

**ড্রাইভারঃ** ইয়েলো ক্যাব ভাড়া। ফোর্ড এস্কেপ ইয়েলো গাড়ির জন্য অভিজ্ঞ চালক প্রয়োজন। একজন চালকের কাছে। ফুলটাইম ভাড়া। যোগাযোগঃ Cell: 646-379-9970. (দয়া করে দুপুর ১২টার পরে কল করবেন।)

**ড্রাইভারঃ** নতুন Toyota Rav4 2024 ইয়োলো ট্যাক্সির জন্য এক ড্রাইভার অথবা দিন ও রাতের শিফটের ড্রাইভার আবশ্যক। Woodside, Jackson heights, Elmhurst or Jamaica যোগাযোগ: 646-286-8845.

**ড্রাইভারঃ** র‍্যাভ-৪ হাইব্রিড ব্রান্ড নিউ ২০২৪ ইয়েলো ট্যাক্সির জন্য রাতের শিফট জ্যাকসন হাইটস এলাকার ফুলটাইম ড্রাইভার আবশ্যক। উবার কার ২০২০ টয়োটা সিয়েনা এলই ৫৫০০০ মাইলেজ অটোমেটিক ডোর একজন ফুলটাইম ড্রাইভার আবশ্যক।যোগাযোগঃ 917-496-6043, 929-435-2593.

# রুমমেট

**রুমমেট আবশ্যক :** নিউইয়র্ক সিটির ইস্ট এলমাস্টের নর্দান বুলেভার্ড এলাকায় ৩১ এবং ৩২ এভিনিউর মাঝে ৮১ স্টিটের উপরে এক তলায় এবং দ্বি-তলায় রুমমেট আবশ্যক। যোগাযোগ: ৯১৭-৩০১-২০৬৩

**রুমমেটঃ** এ মাস থেকে ১ জন রুমমেট আবশ্যক। এলমহার্স্ট সাবওয়ে সাথে। একজন মেয়ের সাথে শেয়ারে থাকার জন্য। একজন মেয়ে বা মহিলা আবশ্যক। ৪২-২৫, লেটন স্ট্রীট। ৯২৯-৪০১-৯৫০১.

**রুমমেট আবশ্যকঃ** ৯০ স্ট্রীট ৭ ট্রেন সাবওয়ের নিকটে এপার্টমেন্ট বিল্ডিং এ অধূমপায়ী একজন হিন্দু রুমমেট আবশ্যক। জুলাই শেষ থেকে ভাড়ার যোগাযোগঃ ৩৪৭-৮৩২-৮১৫৫.

**রুমমেটঃ** রুমমেট আবশ্যক। এস্টোরিয়া স্টাইনওয়ে স্ট্রীট এম, আর ট্রেনের অতি নিকটে একজন অধূমপায়ী রুমমেট আবশ্যক। যোগাযোগঃ ৭১৮-৭৭২-৪৮৭৯.

**রুমমেটঃ** জ্যামাইকায় জুলাই মাস থেকে একজন রুমমেট আবশ্যক। যোগাযোগঃ ৬৪৬-৮৯৭-৮৯৭৮.

**রুমমেটঃ** জ্যাকসন হাইটস প্রাইম লোকেশন ৭৩ স্ট্রীট ৩৫ এভিনিউ, (আপনা বাজারের সামনেই) এপার্টমেন্ট বিল্ডিং এ কর্মজীবী পুরুষ ১জন, জুলাই মাস থেকে (বিল সহ ৫৬০ ডলার) ভাড়া হবে। যোগাযোগ: ৬৪৬ ৬৬৭ ৯০২০

**রুমমেটঃ** রুমমেট আবশ্যক। জ্যাকসন হাইটস এলাকায় সাবওয়ের নিকটে মনোরম পরিবেশ জুলাই থেকে রুমমেট আবশ্যক। ফোনঃ ৩৪৭-৩৪৫- ৯৩২৪.

**রুমমেটঃ** রুমমেট চাই। জ্যাকসন হাইটস/ সানিসাইডের সাবওয়ের সন্নিকটে ব্যাচেলারদের সাথে থাকার জন্য অধূমপায়ী, মদ্যপ নহে পরিচ্ছন্ন রুমমেট চাই। ৯২৯-৩২৮-৭০৭৯, ৬৪৬-৯৪৪-২২১২.

**রুম ভাড়াঃ** ১লা জুলাই হতে জ্যাকসন হাইটস এলমহার্স্ট হসপিটাল, এম ও আর সাবওয়ের সাথে একটি বড় বেডরুম সাবলেট দেয়া হবে। (স্বামী- স্ত্রী/ ছাত্রীর) কাছে। যোগাযোগঃ ৭১৮-৬৯৬-৭৬৮১, ৪৭৫-২০৯-০৩৯৪.

# বাসা ভাড়া

**বেসমেন্ট ভাড়াঃ**
৯৩-২৮ ১৯৭ স্ট্রীট, জ্যামাইকা, হলিস, নিউইয়র্ক-১১৪২৩ বেসমেন্ট -এ ১ বেড, ১ বাথ, লিভিং, ডাইনিং, কিচেনসহ ভাড়া হবে। ফোনঃ ৯১৭-৪৪৬-৮২৮৬.

**বেসমেন্ট ভাড়াঃ**
জ্যামাইকা ১৫৫ স্ট্রীটে, ১০৯ সাটফিনে মনোরম পরিবেশে দুইবেড, লিভিং, ড্রাইনিং কিচেনসহ বেসমেন্ট ভাড়া হবে, ১লা আগষ্ট থেকে। মসজিদ, স্কুল, বাস দুই মিনিট হাটা। যোগাযোগ: **917 863-9002.**

**সেমিবেসমেন্ট ভাড়াঃ**
জ্যামাইকাতে parsons Blvd & 84 Ave (160 st ) Semi Basement একটি আলাদা রুম ১জন মহিলাকে ভাড়া দেয়া হবে। Rent $750. Contact 929-553-8358.

**বাড়ি ভাড়াঃ**
নতুন বাড়ী ভাড়া দেওয়া হবে। 203 Warwick ST, Brooklyn, NY, 11207. ১ম তলা: ৩ বেড রুম, বড় লিভিং রুম, ডাইনিং রুম, নতুন কিচেন এবং ২ বাথ রুম। ভাড়া দেওয়া হবে। Right by the J, Z train line at Cleveland ST. Also close to A, C train line at Van Siclen আব. যোগাযোগ : **917-495-1391 917-495-3908.**

# বাসা ভাড়া

**সেমিবেসমেন্ট ভাড়াঃ**
জ্যামাইকা ১৭১-১২, ৮৪ রোড, পিএস ১৩১ স্কুলের পাশে দুই বেডরুমের সেমিবেসমেন্ট আগামী ১ সেপ্টেম্বর মাস থেকে ভাড়া দেয়া হবে। (কিউ৩০, কিউ-৩১ বাস স্টপের নিকটে)। যোগাযোগঃ **347-257-8681, 347-475-2293.**

**বাসা ভাড়াঃ**
কুইন্সের জ্যামাইকায় ২ বেড ১বাথ এবং ২ বেড ২ ব্যাথরুমের ২ টি বাসা অগাস্ট/সেপ্টেম্বরের ১ তারিখ থেকে ভাড়া দেওয়া হবে। যোগাযোগঃ রনজিত সাহা । ৩৪৭- ২৩৫-৭৩২২ (9am-11pm)

**বাসা ভাড়াঃ**
বাসা ভাড়া হবে। ৩২ ১৭, ৭২ স্ট্রীট, ১ম তলা, ইস্ট এলমহার্স্ট, নিউইয়র্ক-১১৩৭০ এ দুই বেডরুম এর বাসা ভাড়া হবে জুলাই থেকে। ভাড়া ২৬০০ ডলার।
যোগাযোগঃ ৩৪৭-৯৩৫-৫৯২৫.

**বাসা ভাড়াঃ**
August 1 তারিখ থেকে 82 Weldon st BROOKLYN NY 11208. ১ বেডরুম,লিভিং রুম,কিচেন ও এটিকসহ ভাড়া যাবে, বাসা EU CLID ট্রেন স্টেশন (A, C, J and Z) এবং বায়তুল মামুর মসজিদের পাশেই।
যোগাযোগঃ +১ (৬৪৬) ৩৯২-৬৫৮০.

**বেসমেন্ট ভাড়াঃ**
জ্যামাইকা মুসলিম সেন্টার মান্নান গ্রোসারী ই ট্রেন হি লসাইড এবং টিলি পার্কের সন্নিকটে দুই বেডরুমের বেসমেন্ট ভাড়া হবে। ৩৪৭-২৫৯-২৯৫৪, ৩৪৭-২৫৫ ৪৮৪৬.

**এপার্টমেন্ট ভাড়াঃ**
উডসাইড, কুইন্স, নিউইয়র্ক এপার্টমেন্ট ভাড়া হবে। ৩ বেডরুম, লিভিং এবং এক বাথরুম। যোগাযোগঃ সৌরভ: ৯২৯-৩৬৪-৬১৭৪, ৭১৮-২০৫-৯৬৩৬.

সফলতার ২৮ বছরে বাংলা পত্রিকা'য় ক্লাসিফাইড বিজ্ঞাপন দিন
banglapatrikausa@gmail.com
for More information Call: 718-482-9935

**বাসা ভাড়াঃ**
Queens G 3 bedrooms, 2 Full Bathrooms, Kitchen, Living Room mn Private house এর ৩ floor ভাড়া হবে। Q53, Q22, MQ16 Bus Ges A Train 1 ব্লক এর মধ্যে। ভাড়াটিয়া বিদ্যুৎ, রান্নার গ্যাস, গরম পানি, হিটিং বিল pay করবে। Section 8 এবং NYCHA program গ্রহণযোগ্য।
Address: 216 Beach 97 street, Rockaway Beach NY 11693. যোগাযোগ : 347-635-0705.

**বেসমেন্ট ভাড়াঃ**
বেসমন্ট ভাড়া হবে। ভাড়া ১৬০০ ডলার। শুধু স্বামী-স্ত্রীর জন্যে অগ্রাধিকার। ৩৪-১৫ ৯১ স্ট্রীট। ৭ ট্রেন সংলগ্ন। ভাড়া এ মাস থেকে রেডি। কল করুন : ৩৪৭-৯৫২ ৬১৩৬.

**স্টুডিও ভাড়াঃ**
একটি স্টুডিও ভাড়া হবে। ১লা আগস্ট থেকে। মাত্র ২ মাসের জন্য। ৩৪ এভিনিউ এবং ৭৩ স্ট্রীট-এ। 347-345-5243, 347-653-0632.

**সেমিবেজমেন্ট ভাড়া :**
কুইন্সের উডসাইডে (৩১-১২, ৬০ স্ট্রিট) দুই বেডরুম, ইট-ইন কিচেন, বাথরুম (স্ট্যান্ডিং শাওয়ার)সহ একটি সেমিবেজমেন্ট আগামী পহেলা আগস্ট থেকে ভাড়া দেয়া হবে। যোগাযোগ : ৯১৭-৬১৭-৪৯১৯।

**বাসা ভাড়াঃ**
২৪৫ স্ট্রীট বেলরোজ কুইন্স এ সেমিবেসমেন্টে এক বেডরুমের বাসা (লিভিং / ডাইনিং, কিচেন) এবং প্রথম তলায় একটি সিঙ্গেল রুম ভাড়া হবে পহেলা আগস্ট হতে। LIRR 3 minutes walk. Parking available. Ph: 917-605-9315.

**House for rent:**
(1) Renovated 4 bed ,1 bathroom. (1) New 3 bed and 1 bathroom basement. Queen Village. 631-568-6061. Close to Bus or train.

**House for rent :**
3551 Rochambeau Ave, 2nd Floor, 3 Bedroom, Big Living Room eat in Kitchen, Bronx NY 10462. Call or text-718 690-4556, 631-337 6029.

**Apartment for rent:**
1 BDRM in Ozone Park near Woodhaven Blvd. 1st Fl, all included. Mul tiple Bachelors preferred $1,900, available immediately. 646-267-7919.

**Apartment for rent:**
2 bedrooms 1st floor or 3 bedrooms 2nd Floor with living room at 143 Street and 84th Drive, Briarwood, Walking distance to E/F train. Good Credit and income re quired. Contact 646 389-8259.

## Help wanted:
GRAPHICS DESIGN WANTED. Need Experiences with Photoshop / Illustrator. We do payroll if you have work authorizing papers. Send resumes e-mail: mkamal951@gmail.com, Cell: 646-945- 6794. Al Print and Computer Center 17020A Hillside Ave NY 11432.



# সরকার কি পারবে তরুণ প্রজন্মের মনের ক্ষোভ ও ক্ষত মুছে দিতে?

*(৪ এর পাতার পর)* রাষ্ট্রদূত ড্যান মোজেনা এক সাক্ষাৎকারে শঙ্কা প্রকাশ করে বলেছেন, নৃশংসতার জন্য দায়ী নিরাপত্তা রক্ষাকারী বাহিনীর কিছু সদস্যর বিরুদ্ধে সম্ভবত নিষেধাজ্ঞা আরোপ হতে পারে। উদ্ভুত পরিস্থিতিতে নতুন রাজনৈতিক দলের উত্থান ঘটতে পারে। তিনি বাংলাদেশকে একটি ব্যর্থ রাষ্ট্র হিসেবে গণ্য করে বলেছেন, ভারতের সীমান্তের কাছে একটি ব্যর্থ রাষ্ট্র তার স্বার্থ রক্ষা করবে না। তিনি এ কথাও বলেছেন, সমস্যার সমাধান বাংলাদেশকেই করতে হবে। দেশকে পুনরেকত্রীকরণের কাজটি তাকেই করতে হবে। সরকারপন্থী হিসেবে পরিচিত অনেক বুদ্ধিজীবীসহ সর্বজন গ্রহণযোগ্য ব্যক্তিত্বরা এক বিবৃতিতে বলেছেন, কোটা সংস্কারের দাবিতে শান্তিপূর্ণ আন্দোলনরত শিক্ষার্থীদের ওপর গত ১৬ জুলাই থেকে পুলিশসহ রাষ্ট্রের বিভিন্ন বাহিনীর পাশাপাশি সরকারের একাধিক দায়িত্বশীল মন্ত্রীর প্ররোচনায় তাদের আশীর্বাদপুষ্ট ছাত্র সংগঠনের সহিংস কর্মীরা নজিরবিহীন দমন-পীড়নের তান্ডব চালিয়েছে। শুরু থেকেই সম্পূর্ণ শান্তিপূর্ণ ও অরাজনৈতিক ছাত্র আন্দোলনকে সরকারি দল রাজনৈতিক প্রতিপক্ষের ষড়যন্ত্র হিসেবে আখ্যায়িত করেতে চেয়েছে। তারা দাবি উত্থাপন করে বলেছেন, কোটা সংস্কার আন্দোলনকালে পুলিশ, র‌্যাব, অন্যান্য বাহিনী কিংবা সরকারের মদদপুষ্ট বেসরকারি অস্ত্রধারীদের হাতে সাধারণ শিক্ষার্থী, শান্তিপ্রিয় নাগরিক, কিশোর-কিশোরী এমনকি শিশু নিহত, নির্যাতিত ও আহত হওয়ার প্রতিটি ঘটনার তদন্ত হতে হবে। স্বচ্ছ, সুষ্ঠু, নিরপেক্ষ ও স্বাধীনভাবে এ তদন্ত জাতিসংঘের উচ্চ পর্যায়ের বিশেষজ্ঞ দলের তত্ত্বাবধানে হওয়া জরুরি। আমরা জাতিসংঘকে এ লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করার আহ্বান জানাচ্ছি। জাতিসংঘের মানবাধিকার সংস্থা যে ভাষায় বিবৃতি দিয়েছে, তা কোনোভাবেই দেশের ভাবমর্যাদাকে উজ্জ্বল করে না। সংস্থাটির প্রধান ভলকার তুর্ক এক বিবৃতিতে বলেছেন, অনেক লোক সরকারের সাথে সংশ্লিষ্ট গোষ্ঠীগুলোর সহিংস আক্রমণের শিকার হয়েছে এবং তাদের সুরক্ষার কোনো প্রচেষ্টা চালানো হয়নি। ইচ্ছাকৃতভাবে ইন্টারনেট বন্ধ করার মতো ভোঁতা পদক্ষেপ আন্তর্জাতিক আইন লঙ্ঘন করে, যা মতপ্রকাশের স্বাধীনতাকে এবং শান্তিপূর্ণ সমাবেশের অধিকারকে সম্মান করার জন্য রাষ্ট্রের সক্ষমতার অভাবের পরিচায়ক। ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি) সরাসরি ক্ষমতাসীন দলকে দায়ী করে বলেছে, যৌক্তিক দাবিকে কেন্দ্র করে একটি শান্তিপূর্ণ আন্দোলন ক্ষমতাসীন দলের দায়িত্বশীল নেতৃত্বের একাংশের অপরিনামদর্শী উসকানির ফলে অযৌক্তিক, অপ্রয়োজনীয় ও অবৈধ বলপ্রয়োগের কারণে এমন রক্তক্ষয়ী পরিস্থিতির সৃষ্টি হয়েছে। বাংলাদেশের বর্তমান পরিস্থিতি নিয়ে বাংলাদেশি বংশোদ্ভূত তিন বৃটিশ এমপি রুশনারা আলী, অপসানা বেগম ও রুপা হক উদ্বেগ প্রকাশ করেছেন। তিনজনই বৃটেনের সরকার দলীয় এমপি। তারা বাংলাদেশ প্রসঙ্গ বৃটিশ পার্লামেন্টে তুলে ধরেছেন। রুশনারা আলী বাংলাদেশে গণতান্ত্রিক মতপ্রকাশের স্বাধীনতা এবং প্রতিবাদ করার স্বাধীনতার অধিকারকে সম্মান করাকে গুরুত্ব দিতে বলেছেন। আপসানা বেগম বাংলাদেশে কোটা সংস্কার আন্দোলন ঘিরে সংঘাত, প্রাণহানির ঘটনায় যুক্তরাজ্যের পার্লামেন্টে 'আর্লি ডে মোশন' উত্থাপন করেছেন। এতে সাবেক লেবার নেতা ও বর্তমান স্বতন্ত্র এমপি জেরেমি করবিনসহ অন্তত ২২ জন বৃটিশ এমপি স্বাক্ষর করেছেন। রুপা হক বৃটিশ পার্লামেন্টের অধিবেশনে বাংলাদেশ পরিস্থিতি নিয়ে যুক্তরাজ্য সরকারের অবস্থান জানতে চেয়েছেন। তিনি বলেছেন, বাংলাদেশে যা চলছে, তা নিয়ে সম্প্রতি রোম, প্যারিস, ম্যানচেস্টার ও লন্ডনের ট্রাফালগার স্কয়ারে বিক্ষোভ দেখা গেছে। বাংলাদেশে বিপুলসংখ্যক ছাত্র ও বিক্ষোভকারী নিহত হয়েছে। ইন্টারন্যাশনাল ক্রাইসিস গ্রুপ মন্তব্য করেছে, কোটা বিক্ষোভ দমনের পর প্রান্তসীমায় বাংলাদেশ। বিশ্বখ্যাত ম্যাগাজিন ফোর্বস-এর এক জরিপে পর্যটকদের ভ্রমণে ঝুঁকিপূর্ণ দেশের তালিকায় বাংলাদেশ শীর্ষ দশের মধ্যে রয়েছে। তালিকার ৬ নম্বরে বাংলাদেশ। উচ্চ অপরাধের হার, সহিংসতা, রাজনৈতিক অস্থিতিশীলতা এবং অর্থনৈতিক চ্যালেঞ্জকে মাথায় রেখে এই তালিকা তৈরি করা হয়েছে। বৃটেনের ইকোনোমিস্ট পত্রিকায় শিক্ষার্থী হত্যা ও আন্দোলন দমানোর সরকারের পদক্ষেপের কথা তুলে ধরা হয়েছে। আল জাজিরাসহ বিশ্বের আরও অনেক গণমাধ্যমে শিক্ষার্থীদের আন্দোলন ও দমন নিয়ে প্রতিবেদন প্রকাশ করে। বলা বাহুল্য, এসব প্রতিবেদন ও বক্তব্য-বিবৃতি কোনোটাই দেশের ভাবমর্যাদা উজ্জ্বল করেনি। বরং বাংলাদেশের গণতন্ত্র ও বাকস্বাধীনতার সংকোচন, সুশাসনের অভাব, বিরোধীদল ও সাধারণ মানুষের ওপর দমন-পীড়ন, নির্বিচারে মানুষ হত্যা, গণগ্রেফতার, নাগরিক অধিকার সংকুচিত এবং সরকারের কর্তৃত্ববাদী আচরণকে তুলে ধরা হয়েছে। বিগত পনের বছরের বেশি সময় ধরে এসব বিষয় নিয়ে অভিযোগ রয়েছে। শিক্ষার্থীদের আন্দোলনের মধ্য দিয়ে তা নতুন করে সামনে এসেছে, যা দেশের সম্মানকে ক্ষুণ্ন করেছে। বাংলাদেশ সম্পর্কে বিশ্বে নেতিবাচক ধরাণাকে বদ্ধমূল করেছে। এর ফলে দেশের অর্থনীতি বিপুল ক্ষতির শিকার হবে। ইমেজ সংকটের কারণে আমদানি-রফতানি বাণিজ্য, উন্নয়ন সহযোগিতা, দান-অনুদান, ঋণ পাওয়ার ক্ষেত্রে দীর্ঘমেয়াদি নেতিবাচক প্রভাব পড়বে। ইতোমধ্যে তা পড়তে শুরু করেছে। রফতানির অন্যতম প্রধান খাত গার্মেন্ট শিল্পের নতুন অর্ডার কমে গেছে। অনেক অর্ডার স্থগিত করা হয়েছে। অন্যান্য রফতানি খাতেও একই পরিস্থিতির সৃষ্টি হয়েছে। রেমিট্যান্স আসা অনেক কমে গেছে। কোটা আন্দোলনকে সমর্থন করে অনেক প্রবাসী দেশে রেমিট্যান্স না পাঠানোর সিদ্ধান্ত নিয়েছে এবং অন্যরাও যাতে না পাঠায় তার প্রচারণা চালাচ্ছে। পাঠালেও সরকার যাতে রাজস্ব না পায়, সেভাবে পাঠাচ্ছে। অর্থাৎ তারা সরকারকে সহযোগিতা করতে চায় না। দেশের অর্থনীতি যখন খাদের কিনারে, সরকারকে যেখানে অত্যন্ত সতর্ক হয়ে পা ফেলার কথা এবং কোনো ধরনের অস্থিতিশীল পরিস্থিতি যাতে সৃষ্টি না হয়, সে সময়ে কোটা আন্দোলন দমনের মতো অদূরদর্শী পদক্ষেপ নিয়েছে। তরুণ প্রজন্মের সেন্টিমেন্ট আমলে না নিয়ে নিজের অহম দিয়ে দমনের পথে হেঁটেছে। এ কথাটি বেমালুম হয়ে গেছে যে, জনগণের দাবি মানার ক্ষেত্রে সরকারের কোনো পরাজয় নেই বরং বিজয় রয়েছে। সরকারের কাজই তো জনগণের চাওয়া-পাওয়া পূরণ করা।

চার.

সরকারের মধ্যে এমন প্রবণতা বিরাজমান, কোনো কিছু ঘটলেই তাতে ষড়যন্ত্রের গন্ধ শোঁকা। ষড়যন্ত্র তত্ত্ব আবিস্কার করা। মানুষ কোনো যৌক্তিক অধিকার নিয়ে সংগঠিত হয়ে দাবি তুললেই তাকে প্রতিপক্ষ হিসেবে এবং সরকারের বিরুদ্ধে ষড়যন্ত্র হিসেবে দেখছে। এই ষড়যন্ত্র খুঁজতে গিয়ে সে নিজের ভুল-ত্রুটি দেখতে পাচ্ছে না। আত্মান্ধ হয়ে পড়েছে। অথচ সরকারের দায়িত্ব হচ্ছে, আত্মান্ধ না হয়ে আত্মানুসন্ধানী হওয়া। সত্য শোনা এবং মেনে নেওয়ার মানসিকতা ধারণ করে তা প্রতিষ্ঠা করা। সরকারই ঠিক, বাকি সবাই বেঠিক, এ মানসিকতা পরিহার করে তার শাসন ব্যবস্থায় কি গলদ রয়েছে, কোথায় দুর্বলতা, কি করলে সুশাসন নিশ্চিত করা যায়, দেশের সংখ্যাগরিষ্ঠ মানুষের মতামত কি, গণতন্ত্র, মতপ্রকাশের স্বাধীনতা, ন্যায়বিচার কোন পর্যায়ে রয়েছে ইত্যাদি মৌলিক উপাদানগুলো ধারন করতে পারছে কিনা, ঘাটতি রয়েছে কিনা, তা পর্যালোচনা করা। বিগত পনের বছরের অধিক সময় ধরে আমরা যা দেখছি, তাতে এটাই প্রতীয়মান হয়, সরকার এসব উপেক্ষা করে নিজের ক্ষমতাকে কীভাবে পাকাপোক্ত করা যায়, তাতে বেশি মনোযোগী। সরকারের কাছে মানুষের জীবনের চেয়ে তার তৈরি ইট-পাথরের স্থাপনার মূল্য বেশি। অথচ সরকার উন্নয়নের যে কথা বলছে, এক কোটা আন্দোলনে শিক্ষার্থী ও সাধারণ মানুষের হত্যাকান্ডের মধ্য দিয়ে নতুন প্রজন্মের কাছে, অর্থহীন হয়ে পড়েছে। এর প্রকাশ ঘটেছে, গত রোববার সিলেটের শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে শিক্ষার্থীরা যে দেয়াল লিখন ও গ্রাফিতি অঙ্কন কর্মসূচি পালনের মধ্য দিয়ে। তারা লিখেছে, 'আমি মেট্রোরেল হতে চেয়েছিলাম, খোদা আমাকে ছাত্র বানাল।' শুধু তাই নয়, তরুণ প্রজন্মের মনে সরকারের প্রতি কি ধারণা জন্মেছে, তারও প্রকাশ ঘটেছে দেয়াল লিখন ও গ্রাফিতিতে। তারা লিখেছে, 'বুকের ভেতর অনেক ঝড়, বুক পেতেছি, গুলি কর', 'মুক্তিযুদ্ধের চেতনা ও রাষ্ট্র কারও বাপের না', 'ছাত্র যদি ভয় পাইত বন্দুকের গুলি, উর্দু থাকত রাষ্ট্রভাষা, উর্দু থাকত বুলি', 'দেশ স্বাধীন হলে আমরা আবার ছাদে উঠব', 'লোহার টুপি মানুষের মগজ খায়' ইত্যাদি। জর্জ ফ্লয়েডের মেয়ে যেমন জো বাইডেনকে বলেছিল, 'ড্যাডি চেঞ্জড দ্য ওয়ার্ল্ড', একইভাবে কোটা আন্দোলনে সরকারের দমন প্রক্রিয়া তরুণ প্রজন্মের মেধাবীদের মন ও মনন পরিবর্তন করে দিয়েছে। এই পরিবর্তন প্রজন্ম থেকে প্রজন্মে থেকে যাবে। তার ইঙ্গিত পাওয়া যায় তাদের কথায়। মনের কথা দেয়ালে লিখতে লিখতে বলেছে, 'আমরা বায়ান্নর ভাষা আন্দোলন দেখিনি, একাত্তরের ২৫ মার্চ কালরাতের গণহত্যা দেখিনি। এগুলো সবসময় আমাদের প্রতিবাদী চেতনার জন্ম দেয়। এবার আমরাও ইতিহাসের সাক্ষী হলাম। আমরা চব্বিশ (২০২৪) দেখেছি। দেয়ালে, সড়কে গ্রাফিতির মাধ্যমে চব্বিশকে পৃথিবীকে জানিয়ে দিতে চাই।' সরকার কি পারবে তরুণ প্রজন্মের মনে ও চেতনায় যে ক্ষোভ ও ক্ষত সৃষ্টি হয়েছে, তা মুছে দিতে?

e-mail: darpan.journalist@gmail.com

# যে দুই ভুলের কারনে

*(শেষ পাতার পর)* ওপর লাশ, দশ হাজার গ্রেপ্তার, বাড়ী বাড়ী হানা, ছাত্র যুবক পাওয়ামাত্র পাকড়াও- এই ফর্মূলা এস্তেমাল করে '৭১এ দূদ্ধর্ষ পাকিস্তানী বাহিনী সফল হতে পারে নাই, ১৪ দলের মিসকিন পলিটিশিয়ানরা কি করে ভাবলেন জাতি সেদিনের চাইতেও মূক আর বধির হয়ে আছে! এইযে সরকার আজ খাদের কিনারে, ১৪ দলের নেতারা তার দায় নেবেন! ছাত্র-গনহত্যার দায় কার ওপর বর্তাবে!

আর একটা। সেই কবে থেকে ব্যপারটা ঝুলে আছে। জামাত-শিবির নিষিদ্ধ ইস্যু। আদালত রায় দিয়ে রেখেছে, তথাকথিত সুশীলদেরও চাপ। তারপরও প্রধানমন্ত্রী ব্যপারটা ঝুলিয়ে রেখেছিলেন। কি হিসাব ছিল তিনিই জানতেন। এই ১৪ দল সেদিন পরামর্শ দিলো এই মূহুর্তে জামাত-শিবিরকে নিষিদ্ধ করে দিতে হবে। যেন নিষিদ্ধ হলেই সব সুরসুর করে দেশ ছেড়ে চলে যাবে। আন্দোলন থেমে যাবে। গদী টিকে যাবে। কি গবুচন্দ্রীয় বুদ্ধি! গোয়েন্দা রিপোর্ট! পুরো আন্দোলনটাই নাকি করছে জামাত শিবির! প্রধানমন্ত্রীও বললেন ওরা নাকি শ্রীলংকার স্টাইলে গনভবন দখলের কাছাকাছি চলে এসেছিলো। যদি তাই হয়, এই নিষিদ্ধের গেজেটের পর ওরা কি ঘরে বসে থাকবে, না সর্বশক্তি দিয়ে সরকার উৎখাতে ঝাঁপিয়ে পড়বে এটা বোঝার মত বুদ্ধিও কারও ঘটে নাই! এখন তো এক দফায় এসে ঠেকেছে! সারা জীবন কি রাজনীতি করলেন ইয়াং জেনারেশনের পালসটাই ধরতে পারলেন না! পনের বছর বিএনপি-জামাত ঠ্যাঙানোর হারুনীয় বুদ্ধি নিয়ে গেলেন নতুন প্রজন্মের আবেগ অনুভূতির ওপর আঘাত হানতে! আন্দোলন দমন করতে! জামাত শিবির তো কার্যত: নিষিদ্ধই ছিল। গেজেটটা দুই মাস আগেও করা যেতো বা দুই মাস পরেও। কি এমন মহাভারত অশুদ্ধ হয়ে যে□তো! ইনু মেনন দিলীপ বাবুরা এই সময়টাকেই কেন মোক্ষম বিবেচনা করলেন সে এক রহস্যই বৈকি! সরকারকে ডোবাতে চেয়েছিলেন, না নিজেদেরকে উদ্ধারকর্তা প্রমান করতে- যাতে মন্ত্রীত্বের দাবী পোক্ত হয়!

কোন চালেই তো কাজ হলো না! পনের বছর নিজের মত করে চলে এসে শেষ মূহুর্তে পা কাটলো পঁচা শামুকে!

ওজনপার্ক ও ব্রুকলিনের প্রানকেন্দ্র সিটি লাইনে পুপলার ডাইভিং স্কুলের ২য় শাখার যাত্রা শুরু।
আমরা গত ৩০ বছর যাবৎ জ্যাকসন হাইটসে রুজভেল্ট এভিনিউর অফিস থেকে সাফল্যের সাথে সেবা দিয়ে আসছি।
অল্প পারিশ্রমিকে অভিজ্ঞ পুরুষ-মহিলা Instructor দ্বারা ড্রাইভিং শিখুন
পপুলার ড্রাইভিং স্কুল
www.populardrivingschoolny.com
Fully Insured & Licensed by NYS (DMV)


- Road Lesson Local & H.Way
- Road Test Appointment
- Car for Road Test
- 5 Hours Class Certificate (Zoom Class)
- 6 Hours DDC Class
- Good For TLC, Insurance & Point Redaction.
(Operate by JH office)
Operate by JH office)
বাসা থেকে পিকআপ এন্ড ড্রপ ২টি লেসন একত্রে
আব্দুর রহিম হাওলাদার
প্রেসিডেন্ট
OPEN 7 DAYS
৩০ বছরের অভিজ্ঞতা সম্পন্ন ধৈর্য্যশীল ইন্সট্রাক্টরের তত্ত্বাবধানে ড্রাইভিং শিখুন। ইন্ডিভিজুয়াল এবং ডিসকাউন্ট ১ থেকে ২০ লেসনের প্যাকেজ ডীল। প্রয়োজনে ৩ দিনের মধ্যে রোড টেষ্ট এর ব্যবস্থা।
Please Scan & Visit us!
প্রথমবার রোড টেষ্ট দিয়ে যাতে পাশ করতে পারেন সেজন্য যত্নসহকারে স্পেশাল ট্রেনিং প্রদান
বৈধ কাজপত্রহীন (আনডকুমেন্টেড) নিউইয়র্কবাসীরা কিভাবে ড্রাইভিং লাইসেন্স পেতে পারেন তা জানতে আমাদের সাথে যোগাযোগ করুন:
৯১৭-৩০১-২০৬৩
যাহারা বারবার রোড টেষ্ট দিয়ে ফেল করে ধৈয্য হারিয়েছেন তাদের ফেলের কারণগুলো অনুসন্ধান করে ট্রেনিং প্রদান
আমাদের কাছেই পাবেন বাংলায় অনুবাদিত লার্নার্স পারমিট পরীক্ষার বই
Website. www.populardrivingschoolny.com
POPULAR DRIVING SCHOOL INC.
Jackson Heights Office
72-26 Roosevelt Ave, 2nd Fl, Jackson Heights, NY 11372
(Corner of 73 St & Roosevelt Ave)
718-426-9453
Brooklyn / Ozone Park Office
17-101 Avenue, Brooklyn, NY 11208
(Betw, Drew St & Forbell St. City Line)
718-235-6438

AUTHORIZED IRS e-file PROVIDER
মহান আল্লাহ রাব্বুল আলামিনের দয়ায় সাফল্যের ২৭ বছর উদযাপন করছে
Empire Accounting & Tax Co.

আপনাদের সুবিধার্থে আমরা এখন উডসাইডে (জ্যাকসন হাইটসের সন্নিকটে)
- আমরা ট্যাক্স সংশোধনী বিশেষজ্ঞ। ইতিমধ্যেই আমরা আমাদের ক্লায়েন্টদের হাজার হাজার ডলার সাশ্রয় করেছি ট্যাক্স সংশোধনীর মাধ্যমে।
- আইআরএস, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট বা নিউইয়র্ক স্টেট সেলস ট্যাক্স কর্তৃক ইস্যুকৃত জরিমানা নোটিশের অত্যন্ত সন্তোষজনক সমাধান
- পূর্বে ফাইলকৃত ত্রুটিপূর্ণ ইনকাম ট্যাক্স রিটার্ণ সংশোধন
- পরিবারের ইমিগ্রান্ট ভিসার জন্য সঠিক ইনকাম ট্যাক্স রিটার্ণ ও এফিডেবিট অব সাপোর্ট সংক্রান্ত সহায়তা
- আমরা বছরব্যাপী অফিস খোলা রাখি।
ইমিগ্রেশনের যে কোনো ফরম পূরণে সহায়তা দিয়ে থাকি
- সিটিজেনশীপ - ফ্যামিলি পিটিশন - NVC Case প্রসেসিং
- স্ট্যাটাস এডজাস্টমেন্ট - এফিডেভিট অব সাপোর্ট
- এমপ্লয়মেন্ট অথরাইজেশন / গ্রীনকার্ড নবায়ন।
- Advanced Parole / Reentry Permit ইত্যাদি
37-03 61st Street, Woodside, NY 11377
Phone: 718-784-4158. Fax: 718-784-2678
Mon-Friday 10am-7pm, Saturday 10-5pm
President: Mohammed Rezaul Karim
M.Com. (Accounting), M.S.Ed.
23 years Experienced Tax Professional with IRS and 50 States
Permanent Certified Teacher by NYS Education Dept.
নিউইয়র্ক সিটি পাবলিক স্কুলে ১০ বছর শিক্ষকতার অভিজ্ঞতা
Razi Islamic School-এ দুই বছরের শিক্ষকতার অভিজ্ঞতা

# নিউইয়র্কে বাংলাদেশী-আমেরিকান পেশাজীবিদের সমাবেশ








**নিউইয়র্ক (ইউএনএ):** বাংলাদেশের শিক্ষার্থীদের কোটা সংস্কার আন্দোলনের প্রতি সংহতি প্রকাশ করেছেন নিউইয়র্কের পেশাজীবি বাংলাদেশী-আমেরিকানরা। রোববার (৪ আগষ্ট) বিকেলে জ্যাকসন হাইটসের ডাইভারসিটি প্লাজায় এই সমাবেশের আয়োজন করা হয়। সমাবেশে প্রবাসের বিশিষ্ট ব্যক্তিবর্গ ছাড়াও বিপুল সংখ্যক প্রবাসী বাংলাদেশী অংশ নেন। এসময় তারা নানা শ্লোগান দেন এবং কোটা আন্দোলনের প্রতি সমর্থন জানান এবং শেখ হাসিনা সরকারের পদত্যাগ দাবী করেন। সমাবেশ আয়োজনকারীদের অন্যতম সমন্বয়কারী, সাপ্তাহিক বাংলাদেশ সম্পাদক ডা. ওয়াজেদ এ খান সমাবেশ পরিচালনা এবং মেমোন্ডোম পাঠ করেন। খবর ইউএনএ'র।

সমাবেশে উল্লেখযোগ্য ব্যক্তিবর্গের মধ্যে অধ্যাপক ড. শওকত আলী, ডা. জুন্নুন চৌধুরী, ডা. রুমানা সবুর, ডা. মামুন, সিনিয়র সাংবাদিক মঈনুদ্দীন নাসের ও সাঈদ তারেক, সাপ্তাহিক জন্মভূমি সম্পাদক সম্পাদক রতন তালুকদার, সাপ্তাহিক প্রথম আলো সম্পাদক ইব্রাহিম চৌধুরী খোকন, সাপ্তাহিক প্রবাস সম্পাদক মোহাম্মদ সাঈদ, কমিউনিটি অ্যাক্টিভিষ্ট মিনা ফারাহ, বীর মুক্তিযোদ্ধা ও ফার্মাসিস্ট সৈয়দ টিপু সুলতান, নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাবের সভাপতি মনোয়ারুল ইসলাম, বীর মুক্তিযোদ্ধা মশিউর রহমান ও খন্দকার ফরহাদ, মানবাধিকার কর্মী রীটা রহমান, জেবিবিএ'র সভাপতি গিয়াস আহমেদ, এডভোকেট মুজিবুর রহমান, কবি জহিরুল ইসলাম, ছড়াকার সাংবাদিক ও মানবাধিকার কর্মী ইমরান আনসারী, কমিউনিটি অ্যাক্টিভিষ্ট কাজী ফৌজিয়া ও ওসমান চৌধুরী, বিশিষ্ট রাজনীতিক আলহাজ সৈয়দ জুবায়ের আলী, সঙ্গীত শিল্পী বিপ্লব, সাংস্কৃতিক কর্মী এনাম চৌধুরী, বাংলাদেশ স্টুডেন্ট এসোসিয়েশনের অবনি ও সমাবেশ আয়োজনকারী অন্যতম সমন্বয়ক ডা. সৈয়দ আল আমীন রাসেল সহ আরো অনেকে। সমাবেশে কবিতা আবৃত্তি করেন কমিউনিটি অ্যাক্টিবিষ্ট আহসান হাবীব, সাংবাদিক ডা. সজল আশফাক, ছড়াকার শাহ আলম দুলাল ও তাসমিনা।
















# মইনুল-আসাদ প্যানেল সহ ২৭ জনের মনোনয়নপত্র দাখিল








*(শেষ পাতার পর)* উপস্থিত ছিলেন।
প্রধান নির্বাচন কমিশনার মোহাম্মদ আব্দুল কাইয়ুম, কমিশনের সদস্য মোহাম্মদ আজিজুর রহমান, মোহাম্মদ আমিনুল হক চুন্নু, মোবাশ্বির হোসেন চৌধুরী ও সৈয়দ শওকত আলীর উপস্থিতিতে প্রার্থীরা তাদের মনোননয়নপত্র জমা দেন। জানা গেছে, এদিন মইনুল ইসলাম ও আতাউল গণি আসাদের নেতৃত্বে 'মইনুল-আসাদ' প্যানেলের পক্ষে ২৫টি পদে মনোনয়নপত্র জমা দেয়া হয়। এই প্যানেলের বাইরে সভাপতি পদে মাসুক হোসেন ও কোষাধ্যক্ষ পদে ফজলুর রহমান মনোনয়নপত্র দাখিল করা হয়েছে। মনোনয়নপত্র জমাদানের সময় প্রায় ১৩ হাজার ডলারের মতো আয় হয়েছে বলে জানা গেছে।
'মইনুল-আসাদ' প্যানেলের প্রার্থীরা হচ্ছেন: সভাপতি- মইনুল ইসলাম, সহ সভাপতি- শাহ মিজানুর রহমান (সিলেট), মোহাম্মদ মনির উদ্দিন (সুনামগঞ্জ), মিজানুর রহমান চৌধুরী (হবিগঞ্জ) ও মোহাম্মদ এ খায়ের (মৌলভীবাজার), সহ সাধারণ সম্পাদক- হেলিম উদ্দিন, কোষাধ্যক্ষ- ময়নু জামান চৌধুরী, সাংগঠনিক সম্পাদক- আব্দুল চৌধুরী (উমেল), সাদস্যিক সম্পাদক- মোহাম্মদ শাহীনুল ইসলাম, প্রচার ও প্রকাশনা সম্পাদক- মোহাম্মদ খলিলুর রহমান, দপ্তর সম্পাদক- লায়েছ আহমেদ, সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক কামরুল হোসেন, ক্রীড়া সম্পাদক আব্দুর রহিম কাদের, আইন ও আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক- অধ্যক্ষ সিহাব উদ্দিন আহমেদ, তাসমিয়া চৌধুরী, সমাজকল্যাণ সম্পাদক জয়নাল উদ্দিন লায়েক এবং কার্যকরী সদস্য- মোহাম্মদ বেলাল চৌধুরী (সিলেট), বদরুল উদ্দিন (সিলেট), মোহাম্মদ শাহীন কামালী (সুনামগঞ্জ), সৈয়দ এল মিয়া (সুনামগঞ্জ), জামাল হোসেন (হবিগঞ্জ), দেওয়ান মোতাচ্ছির (হবিগঞ্জ), মোহাম্মদ মাসুক মিয়া (মৌলভীবাজার) ও মোহাম্মদ নাসির উদ্দিন (মৌলভীবাজার)।

# খালেদা জিয়াসহ শিক্ষার্থীদের মুক্তির সিদ্ধান্ত

*(শেষ পাতার পর)* এর আগে বঙ্গভবনে রাষ্ট্রপতির সঙ্গে তিন বাহিনীর প্রধান, বিভিন্ন রাজনৈতিক দলের নেতা ও নাগরিক সমাজের প্রতিনিধিদের বৈঠকে এ সিদ্ধান্ত হয়। বৈঠক শেষে সোমবার রাতে জাতির উদ্দেশে দেওয়া ভাষণে রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন এ সিদ্ধান্তের কথা জানান। তিনি বলেন, 'আপনারা জানেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা আজ রাষ্ট্রপতির কাছে পদত্যাগপত্র জমা দিয়েছেন এবং আমি তা গ্রহণ করেছি। প্রধানমন্ত্রীর পদত্যাগ ও বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে সৃষ্ট পরিস্থিতিতে (সোমবার) বঙ্গভবনে তিন বাহিনীর প্রধান এবং বিভিন্ন রাজনৈতিক দলের নেতা, সুশীল সমাজের প্রতিনিধি ও বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের কয়েকজন সমন্বয়কের সঙ্গে আলোচনা হয়। শুরুতেই সেনাপ্রধান বিরাজমান সার্বিক পরিস্থিতি ও রাজনৈতিক দলগুলোর সঙ্গে তাঁর আলোচনা সম্পর্কে আমাকে অবহিত করেন। রাজনৈতিক নেতারাও এ সময় তাদের বক্তব্য তুলে ধরেন।'
রাষ্ট্রপতি আরও বলেন, 'সভায় বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে নিহতদের স্মরণে শোক প্রস্তাব গৃহীত হয়। এ ছাড়া জরুরি ভিত্তিতে একটি অন্তর্বর্তীকালীন সরকার গঠনের সিদ্ধান্ত নেওয়া হয়। সব দল ও অংশীজনদের সঙ্গে আলোচনা করে গঠিত অন্তর্বর্তীকালীন সরকার যত দ্রুত সম্ভব সাধারণ নির্বাচন করবে। বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন ও বিভিন্ন মিথ্যা মামলায় আটকসহ সব বন্দীকে মুক্তি দেওয়া হবে।
বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের নিহতদের পরিবারকে ক্ষতিপূরণ প্রদান ও আহতদের সুচিকিৎসায় প্রয়োজনীয় সব সহায়তা দেওয়া হবে। সর্বসম্মতিক্রমে বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়াকে মুক্তি দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়।'
বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর ও দলটির স্থায়ী কমিটির সদস্য মির্জা আব্বাস দলের পক্ষ থেকে ওই বৈঠকে অংশ নেন। বঙ্গভবন থেকে বেরিয়ে ফখরুলও সাংবাদিকদের জানান, সর্বসম্মতিক্রমে বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়াকে মুক্তি দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়।'
সভায় বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর ও মির্জা আব্বাস, জাতীয় পার্টির চেয়ারম্যান জিএম কাদের, মুজিবুল হক চুন্নু ও আনিসুল ইসলাম, নাগরিক ঐক্যের মাহমুদুর রহমান মান্না, হেফাজতে ইসলামের মামুনুল হক, মুফতি মনির কাসেমী ও মাহাবুবুর রহমান, জামায়াতে ইসলামীর আমির শফিকুর রহমান ও শেখ মো. মাসুদ, মেজর জেনারেল (অব.) ফজলে রাব্বি, জাকের পার্টির শামিম হায়দার, বাংলাদেশ খেলাফত মজলিশের মাওলানা জালাল উদ্দীন আহমদ, গণসংহতি আন্দোলনের জুনায়েদ সাকী, গণ-অধিকার পরিষদের গোলাম সারওয়ার জুয়েল, ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক আসিফ নজরুল, ফিরোজ আহমদ এবং বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সমন্বয়ক আব্দুল্লাহ আল হোসাইন, আরিফ তালুকদার, ওমর ফারুক ও মোবাশ্বেরা করিম মিমি এবং ইঞ্জিনিয়ার মো. আনিছুর রহমান অংশ নেন।









Khalil Biryani House
খলিলের
খাবার দিয়ে আপনার
অনুষ্ঠান হয়ে উঠুক
জমজমাট
সম্পূর্ণ স্বাস্থ্যসম্মত উপায়ে প্রস্তুত
2062 McGraw Ave
Bronx, NY 10462
Phone: 347-621-2884
1457 Unionport Rd.
Bronx, NY 10462
Phone: 718-409-6840
www.KHALILSFOOD.com




PEOPLE TECH
DevOps
Scrum Master & Product Owner
[ 100% Scholarship for Training & Job Placement, Condition applied ]
Saturday & Sunday
9:00 AM To 2:00 PM Starting from
NOV 02 2019
Saturday & Sunday
2:30 PM To 7:30 PM Starting from
NOV 02 2019
Software Testing (QA) Training & Job Placement
New York In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
October 19, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
October 22, 2019
VA In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
November 16, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
November 26, 2019
www.piit.us




GLOBAL
Tours & Travel
BOOK YOUR FLIGHT
WITH OUR OTA
www.globaltravelbd.com
"We provide 24/7 customer support"
FLIGHT
VISA
HOTEL
$300
OFF
CALL NOW
718-406-9745
718-200-2655
* Minimum $10000 cash
purchase required
Md Shamsuddin
PRESIDENT & CEO
Global Tours & Travel
World Tours & Travel




Flight
LOWEST PRICE CHALLENGE
GLOBAL
NY 1 TRAVELS, INC
আন্তর্জাতিক ও আভ্যন্তরীন
ফ্লাইটের টিকেট
সুলভ মূল্যে ক্রয় করুন
বাংলাদেশের ফ্লাইটের টিকেটে
রয়েছে বিশেষ ছাড় !!!
MIRZA M ZAMAN
37-18 74th Street, Suite # 202, Jackson Heights, NY 11372
Tel: 646-750-0632
E-mail: globalnytravels@gmail.com



অর্থনৈতিক সমস্যার সমাধানে নিউইয়র্কসহ পুরো যুক্তরাষ্ট্রে সাউথ-ইস্ট গ্রুপ নিয়ে এলো
Micro Credit ও Micro Finance



- দরিদ্র ও স্বল্প আয়ের মানুষরা মাইক্রো ক্রেডিটের মাধ্যমে লোন পেতে পারেন সহজ শর্তে।
- ক্ষুদ্র ব্যবসায়ী, ফুড ভেন্ডার ও অন্যরা মাইক্রো ফাইন্যান্সের মাধ্যমে পেরেন পারেন সহজ শর্তে লোন।
- এছাড়াও পেতে পারেন সোলার প্যানেল ও উইন্ডমিলের জন্য লোন।
- চাষাবাদের জন্য লোন

যাদের ক্রেডিট স্কোর কম, কিংবা ব্যাড ক্রেডিট তাদের ক্রেডিট লাইন বিল্ড করে দেব।

বিস্তারিত জানার জন্য যোগাযোগ করুন

Southeast USA Group Inc.
74-09 37th Avenue, Suite # 206, Jackson Heights, NY 11372
Phone: 917-566-1612
www: southeastusagroup.com



নিউইয়র্ক ও লংআইল্যান্ডে স্টেটের অনুদানে বাসায় অত্যাধুনিক হিটিং ও এয়ারকন্ডিশন লাগাতে চান?

সম্মানিত বাড়ির মালিকগণ আমরা নিউইয়র্ক স্টেটের বিশেষ অনুদানে (৭০% পর্যন্ত) আপনার বাড়িতে অত্যাধুনিক হিটিং ও এয়ারকন্ডিশন লাগিয়ে দিতে চাই

লংআইল্যান্ডের ব্যবসার মালিকগণ এ সুযোগ গ্রহণ করতে পারেন

১০ হাজার ডলারের রিভেট



নতুন বছর উপলক্ষ্যে ৫০% সেল



তোফায়েল চৌধুরী

স্টেটের অর্থায়নে হিটিং ও এয়ারকান্ডিশন সিস্টেম সম্পর্কে জানতে আজই যোগাযোগ করুন

এই অত্যাধুনিক সিস্টেম-এ আপনার হিটিং বিল প্রায় ৫০% কমাতে সাহায্য করবে

আমাদের কল করুন
914-202-9828 / 914-222-9477 / 914-989-0089
GREE MECHANICAL YONKERS
Gree Mechanical Yonkers
1900 Central Park Ave, Yonkers, NY 10710



GRAND OPENING! JACKSON HEIGHTS OFFICE

GEHI & ASSOCIATES
Attorneys and Counselors at Law
www.gehilaw.com

ফ্রি কনসালটেশন

74-09-37th Ave, Suite:205, Jackson Heights, NY-11372. TEL: 718-263-5999
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417 TEL: 718-577-0711
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432 TEL: 718-764-6911



Naresh Gehi, Esq.

ইমিগ্রেশন, ব্যাংক্র্যাপসি, ক্রেডিট কার্ড মেটার, ডিভোর্স, চাইল্ড কাস্টডি, চাইল্ড সাপোর্ট অর্ডার অব প্রোটেকশন, সিটিজেনশিপ, সব ধরনের ভিসা ও ফিয়ানসি ভিসা প্রসেসিং।

- Do you want apply for a green card?
- Are you being deported?
- Are you having credit card problems?
- Are you unable to pay your debts?
- Has your bank account been sealed?
- Are you getting harrassed by creditors?

IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.

ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTHING TO THEIR CREDITORS. PRIOR RESULTS DO NOT GUARANTEE FUTURE OUTCOME.

Call: 718-263-5999

- তুলনামূলকভাবে কম ফি
- সন্ধ্যা এবং সপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ

আমরা ৭ দিন খোলা
We are open 7 days

আমাদের রয়েছে বাঙালি স্টাফ, আমরা বাংলায় কথা বলি।



Suryia Rahman, Esq




সফলতার ২৮ বছরে
The Weekly Bangla Patrika
# বাংলা পত্রিকা
বর্ষ ২৮ : সংখ্যা ৪৫ : সোমবার, শ্রাবণ ২১ ১৪৩১
মহররম ২৯ ১৪৪৬ Vol. 28 Issue 45 : August USA.
Free in NY, Other State $1.

# খালেদা জিয়াসহ শিক্ষার্থীদের মুক্তির সিদ্ধান্ত

## রাষ্ট্রপতি মো. সাহাবউদ্দিন

**ঢাকা ডেস্ক:**
কারাবন্দী বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার মুক্তির বিষয়ে সিদ্ধান্ত হয়েছে। সোমবার (৫ আগষ্ট) বঙ্গভবনে রাষ্ট্রপতির সঙ্গে দেশের তিন বাহিনী প্রধান ও বিভিন্ন রাজনৈতিক দলের নেতা ও নাগরিক সমাজের প্রতিনিধিদের এক বৈঠকে সর্বসম্মতিক্রমে এ সিদ্ধান্ত হয়। চলমান পরিস্থিতি নিয়ে জাতির উদ্দেশে দেওয়া ভাষণে রাষ্ট্রপতি মোহাম্মদ সাহাবুদ্দিনবলেন সংসদ ভেঙে দিয়ে দ্রুত অন্তর্বর্তী সরকার গঠিত হবে। বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়া এবং আন্দোলনে আটক শিক্ষার্থীসহ সবাইকে ছেড়ে দেওয়া হবে। সোমবার জাতির উদ্দেশ্যে ভাষণ দেন তিনি।
(বাকি অংশ ২৯ এর পাতায়)



সাঈদ তারেকের কলাম

## যে দুই ভুলের কারনে

সারা জীবন চললেন নিজের বুদ্ধিতে, যা করলেন একক সিদ্ধান্তে, কারও ধার ধারলেন না কারও পরামর্শ শুনলেন না, শেষকালে এসে ধরা খেলেন ১৪ দলের শলা শুনে! সারা বছর খবর নাই। কতগুলো হতভাগা এতিম পরজীবি, যাদের নিজেদের কোন চালচুলা নাই, নৌকা ছাড়া পাশ করতে পারে না, দিলেও পারে না, এমপি মন্ত্রী হতে না পেরে ক্ষোভে ফুসছে অন্তর্জালায় জ্বলছে, তাদের কাছে চাইলেন সংকট উত্তরনের পরামর্শ! যাদের সাথে জনগনের কোন সম্পর্ক নাই, রাজনীতির গতিধারা বুঝতে পারে না, তারা দেবে পথের দিশা! দিলোও। কাদের সাহেব সগর্বে ঘোষণা করলেন দেখামাত্র গুলী! পুলিশ তো মুখিয়ে ছিল কখন গ্রেপ্তার বাণিজ্য মামলা বানিজ্য রিমান্ড বানিজ্য চালিয়ে দুই হাতে পকেট ভর্তী করা যাবে। রাজনীতির ওই ভ্যাগাবন্ড ভবঘুরেদের পরামর্শে কারফিউ জারী করে নেট বন্ধ করে নির্বিচার গনহত্যা না চালালে হতো না! তাহলে তো পরিস্থিতি আজ এখানে আসে না। তিন শ’র (বাকি অংশ ২৭ এর পাতায়)

# সহিংসতায় শিশু মৃত্যুর দাবি ইউনিসেফসহ গণমাধ্যমে

**বাংলা পত্রিকা রিপোর্ট:**
বাংলাদেশে সাম্প্রতিক সহিংসতায় অন্তত ৩২ শিশুর মৃত্যু হয়েছে বলে জানিয়ে জাতিসংঘের শিশুবিষয়ক সংস্থা উদ্বেগ প্রকাশ করেছেন ইউনিসেফের দক্ষিণ এশিয়া অঞ্চলের পরিচালক সঞ্জয় উইজেসেকেরা। তিনি বলেছেন, সব সময় শিশুদের সুরক্ষিত রাখতে হবে। এটা সবার দায়িত্ব। শুক্রবার (২ আগষ্ট) ইউনিসেফ তাদের ওয়েবসাইটে এক বিবৃতিতে এবিষয়টি প্রকাশ করে। এছাড়াও দেশে বিভিন্ন গণমাধ্যমে ‘আন্দোলনে নিহতদের অধিকাংশ শিশু-কিশোর’ এমন স্বচিত্র তথ্য ওঠে এসেছে। এমন পরিস্থিতিতে শিশুর মৃত্যু ও গ্রেপ্তারে মানবাধিকার লজ্ঘনের বিষয়টি এখন অনেকটা স্পষ্ট। বিভিন্ন আন্তর্জাতিক মানবাধিকার সংগঠন ও রাজনৈতিক নেতৃবৃন্দ এ বিষয়টি নিয়ে বেশ উদ্বিগ্ন। ইউনিসেফের এ বিবৃতি শুক্রবার গণমাধ্যমে প্রকাশিত হলে বাংলাদেশ সরকারের পক্ষ থেকে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় শনিবার এক বিজ্ঞপ্তিতে জানায়, সংঘাত-সংঘর্ষে ৩২ শিশু মারা যাওয়ার কোনো তথ্য এখন পর্যন্ত সরকারের হাতে নেই। স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল সাংবাদিকদের ইউনিসেফের বিবৃতির বিষয়ে জানতে চাইলে জবাবে বলেন, “কোন শিশু এখানে মারা যায়নি। হয়তো দুই-একজন কিশোর মারা গেছে কয়েকজন”। ইউনিসেফের ওয়েবসাইটে প্রকাশিত এক বিবৃতিতে সঞ্জয় উইজেসেকেরা বলেন, জুলাই মাসে বিক্ষোভের সময় অন্তত ৩২ শিশু নিহত হয়েছে বলে নিশ্চিত হয়েছে ইউনিসেফ। এ ছাড়া অনেক শিশু আহত হয়েছে এবং অনেককে আটক করা হয়েছে। শিশুদের এই মৃত্যু ভয়ানক ক্ষতি। সব ধরনের সহিংসতার নিন্দা জানায় ইউনিসেফ।

এক সপ্তাহ বাংলাদেশে কাটানোর পর সবেমাত্র দেশটি থেকে গিয়েছেন তিনি। বাংলাদেশে সাম্প্রতিক সহিংসতা ও চলমান অস্থিরতার যে প্রভাব শিশুদের ওপর পড়ছে, তা নিয়ে তিনি উদ্বিগ্ন।

সঞ্জয় উইজেসেকেরা বলেন, ‘আন্তর্জাতিক মানবাধিকার আইন, বাংলাদেশের স্বাক্ষর করা জাতিসংঘের শিশু অধিকার সনদ এবং আটক করা হলে শিশুদের ওপর যে প্রভাব পড়ে, তা নিয়ে গবেষণার ভিত্তিতে ইউনিসেফ শিশুদের যেকোনো ধরনের আটক বন্ধের আহ্বান জানায়। এর অর্থ হলো কোনো স্থানে শিশুদের উপস্থিতি বা তাদের পূর্বের ইতিহাস, ধর্ম এবং তাদের পরিবারের কর্মকাণ্ড বা মতাদর্শের জন্য শিশুদের গ্রেপ্তার বা আটক করা যাবে না।’ সহিংসতার প্রভাব থেকে শিশুদের বের করে আনা এবং তাদের নিরাপদে রাখতে স্কুলগুলো খুলে দেওয়া, পড়াশোনা পুনরায় চালু এবং বন্ধুবান্ধব ও শিক্ষকদের সঙ্গে তাদের আবার মিলিত হওয়ার সুযোগ (বাকি অংশ ১২ এর পাতায়)




ইউনিসেফের নির্দেশনা মোতাবেক বয়সসীমা ১৮ বছরের নিচে হলে শিশু হিসেবে গণ্য করা হয়।

## বাতাস আল্লাহর বিস্ময়কর সৃষ্টি



জা ফ র আ হ মা দ

আল কুরআনের আলোকে বাতাস আল্লাহর এক বিস্ময়কর সৃষ্টি। আল কুরআনের আলোকেই বাতাস দুই প্রকারের হয়ে থাকে। এক প্রকার বাতাস রয়েছে যা আল্লাহর ফযল ও করম বয়ে নিয়ে আসে যাকে আমরা রহমতের বাতাস বলে অভিহিত করি। দ্বিতীয় প্রকারের বাতাস আল্লাহর আযাব বয়ে নিয়ে আসে যাকে আমরা গযবের বাতাস বলে থাকি।

রহমতের বাতাস, যেমন আল্লাহ তা’আলা বলেন, (বাকি অংশ ২৩ এর পাতায়)

জালালাবাদ এসোসিয়েশনের নির্বাচন-২০২৪

## মইনুল-আসাদ প্যানেল সহ ২৭ জনের মনোনয়নপত্র দাখিল




**বিশেষ প্রতিনিধি:**
শাহীন কামালী ও মইনুল ইসলাম নেতৃত্বাধীন জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকার নির্বাচনে সংগঠনের কার্যকরী পরিষদের ২৫টি পদের বিপরীতে ‘মইনুল-আসাদ’ প্যানেল সহ ২৭ জন প্রার্থী তাদের মনোনয়নপত্র দাখিল করেছেন। এস্টোরিয়াস্থ জালালাবাদ ভবনে রোববার (৪ আগষ্ট) বিকেলে নির্বাচন কমিশনের কাছে সংশ্লিস্টরা তাদের মনোনয়নপত্র জমা দেন। বিয়ানীবাজার সমিতি ইউএসএ’র সভাপতি আব্দুল মান্নান ও এস্টোরিয়ার আল আমীন ইসলামিক সেন্টারের সভাপতি শাহাব উদ্দীন সহ এসময় প্রার্থী ও বৃহত্তর সিলেটের প্রবাসী বিশিষ্ট ব্যক্তিবর্গ (বাকি অংশ ২৩ এর পাতায়)



শেখ হাসিনা পদত্যাগ ও দেশ ত্যাগের খবরে যুক্তরাষ্ট্রে বসবাসরত প্রবাসী বাংলাদেশীরা নিউইয়র্কে বাঙালি পাড়া খ্যাত জ্যাকসন হাইটসের ডাইভারসিটি প্লাজায় সমবেত হয়ে আনন্দ উল্লাসে বিজয় সমাবেশ করেন।

## যে প্রক্রিয়ায় বাড়ী বিক্রেতা প্রতারিত করতে পারেন

এম কামাল



এমনও হতে পারে বাড়ি বিক্রেতার দৃষ্টিতে সবচেয়ে বাজে রিয়েল এস্টেট এজেন্ট বিক্রয় এজেন্ট হিসেবে সবচেয়ে দক্ষ হতে পারেন- তারা জানেন, আপনার জন্য কিভাবে কাজ করলে সহজেই আপনার বাড়িটি বিক্রি হয়ে যাবে। এ ধরনের রিয়েল এস্টেট এজেন্ট নিয়োগ দেয়া সত্যিই স্মার্ট কাজ। কিন্তু সত্যিকার বাজে এজেন্ট তারাই যারা বাড়ি বিক্রেতাকে অনেক বড় বড় কথা বলবেন, কিন্তু কাজের সময় তারা তাদের কথাকে কাজে (বাকি অংশ ৮ এর পাতায়)

## এক স্লিপ



**সালাহউদ্দিন আহমেদ:**
প্রিয় মাতৃভূমি বাংলাদেশ জুড়ে সাধারণ শিক্ষার্থীদের কোটা সংস্কার আন্দোলন চলছে। প্রাথমিক পর্যায়ে সরকার তাদের দাবী না মানায় কয়েকদিনের সংহিসংতা আর পুলিশের গুলিতে শত শত ছাত্র-জনতা নিহত হওয়ার ঘটনায় আন্দোলন ‘প্রধানমন্ত্রী শেখ হাসিনা’র পদত্যাগ’ এক দফায় পরিণত হয়। ফলে পরিস্থিতি ভয়াবহ রূপ নেয়, দেশজুড়ে জারী করা হয় কার্ফ্যু। নানান দিকে নানান খবর। দেশের শিক্ষার্থীদের সাথে সংহতি জানিয়ে যুক্তরাষ্ট্র প্রবাসী বাংলাদেশী সহ বিশ্বের বিভিন্ন দেশের প্রবাসীরাও সংহতি প্রকাশ করেন। সবাই অপেক্ষা করতে থাকেন নতুন খবরের। আর নেই খবর আসে নিউইয়র্ক (বাকি অংশ ৮ এর পাতায়)

*বাংলাদেশ সোসাইটির সাবেক সভাপতি*

## আওলাদ হোসেন খানের জানাজা সম্পন্ন



**নিউইয়র্ক (ইউএনএ):**
বাংলাদেশ সোসাইটির সাবেক সভাপতি আওলাদ হোসেন খান (৭৪) ইন্তেকাল করেছেন। রোববার (৪ আগষ্ট) রাত ৯টায় লং আইল্যান্ডের নর্থশোর হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি শেষ নি:শ্বাস ত্যাগ করেন। (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন)।
(বাকি অংশ ৭ এর পাতায়)

## ফিলাডেলফিয়ায় মুনা’র কনভেনশন

**বিশেষ প্রতিনিধি:**
মুসলিম উম্মাহ অফ নর্থ আমেরিকা, মুনা’র তিনদিনব্যাপী কনভেনশন আগামী ৯, ১০, ১১ আগস্ট শুক্রবার, শনিবার ও রোববার ২০২৪ অনুষ্ঠিত হবে ফিলাডেলফিয়ার সুবিশাল দৃষ্টি নন্দিত ‘পেনসিলভেনিয়া কনভেনশন সেন্টারে’। কনভেনশন বাস্তবায়নে বিভিন্ন বিভাগ ভিত্তিক একটি শক্তিশালী টিম গঠন করা হয়েছে। টিমের চেয়ারম্যান মুনার ন্যাশনাল এক্সিকিউটিভ ডাইরেক্টর আরমান চৌধুরী, সিপিএ। (বাকি অংশ ৭ এর পাতায়)










Editor : Abu Taher Published By Bangla Patrika Inc. 36-50, 38 Street (2nd floor), LIC, NY 11101, USA, Tel: 718 482 9923, 718 482 1169Fax: 718 482 9935. Email: banglapatrikausa@gmail.com